
## অথ গুরুকুণ্ডলী।

পঞ্চরেখা প্রকর্ত্তব্যা রেখৈকা প্রস্তরে তথা।
আদৌ রবিস্ততো ভৌমঃ কেতুশ্চাপি তৃতীয়কে।
ততশ্চন্দ্রো বুধশ্চৈব ষষ্ঠে শূন্যস্তথৈব চ।
শূন্যঞ্চ সপ্তমে চৈব গুরুশ্চৈব তথাষ্টমে।
শূন্যঞ্চ নবমে প্রোক্তং তথৈব দশমে গতং।
একাদশে তু শুক্রঃ স্যাৎ শূন্যং দ্বাদশকে তথা।
শনিস্ত্রয়োদশেঽপি স্যাৎ শূন্যঞ্চৈব চতুর্দ্দশে।
পঞ্চদশেঽপি রাহুঃ স্যাজ্‌জ্ঞাতব্যা গুরুকুণ্ডলী।
পুষ্যাদি ত্রিত্রিরাবৃত্যা গণনীয়ং পুনঃ পুনঃ।
স্ব নক্ষত্রাৎ ফলং জ্ঞেয়ং পূর্ব্ববচ্চ যথা ক্রমং।




প্রথমত পাঁচটী রেখা ক্রমে ক্রমে অঙ্কিত করিবে। পরে তাহাদের মধ্যে তির্য্যগ্‌ভাবে একটী রেখা পাত করিয়া গুরুকুণ্ডলীচক্র অঙ্কিত করিবে। পরে উক্ত চক্রের প্রথম স্থানে অর্থাৎ প্রথম রেখার উপরিভাগে রবি, দ্বিতীয় স্থানে অর্থাৎ ঐ রেখার মধ্যভাগে মঙ্গল, তৃতীয় স্থানে অর্থাৎ ঐ রেখার নিম্নভাগে কেতু, চতুর্থ স্থানে অর্থাৎ দ্বিতীয় রেখার উপরিভাগে চন্দ্র, ঐ রেখার মধ্যস্থানে বুধ, নিম্নে শূন্য, তৃতীয় রেখার উপরিভাগে শূন্য, মধ্যে বৃহস্পতি, নিম্নে শূন্য, চতুর্থ রেখার উপরিভাগে শূন্য মধ্যস্থানে শুক্র, নিম্নে শূন্য, পঞ্চম রেখার উপরিভাগে শনি, মধ্যভাগে শূন্য ও নিম্নে রাহু, এইরূপ নয়টী স্থানে নয়টী গ্রহ সংস্থাপন করিবে। পরে যে যে স্থানে গ্রহ সংস্থাপন আছে, পুষ্যা নক্ষত্র হইতে সেই সেই স্থানে যথাক্রমে নক্ষত্র বিন্যাস করিবে। যাহার জন্মনক্ষত্র যে স্থানে পতিত হইবে, সেই গ্রহ তাহার প্রথম বর্ষাধিপতি হইবে।

### মতান্তরে।

অর্কো ভৌমশ্চ কেতুশ্চ চন্দ্রঃ সৌম্যো বৃহস্পতিঃ।
শুক্রঃ শনৈশ্চরো রাহুঃ কুণ্ডলীস্যাদ্বৃহস্পতেঃ।
পুষ্যাদিতঃ ক্রমেণৈব গ্রহো দেয়ঃ পুনঃ পুনঃ॥

### মতান্তরে।

রবিশ্চন্দ্রঃ কুজঃ সৌম্যো গুরুঃ শুক্রঃ শনৈশ্চরঃ।
রাহুঃ কেতুশ্চ বিজ্ঞেয়ঃ সর্ব্বথা গুরুকুণ্ডলী॥
কৃত্তিকাদীনির্ধক্ষাণি ত্রিরাবৃত্তি ক্রমান্ন্যসেৎ।
জন্মর্ক্ষং খেচরে যত্র জন্মাদ্যব্দাস্ততঃ ক্রমাৎ॥

### দৃষ্টান্ত।

পুষ্যা- অনুরাধা ও উত্তরভাদ্রপদ এই তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথম বর্ষে গুরুকুণ্ডলীতে রবি বর্ষাধিপতি হয়। অশ্লেষা, জ্যেষ্ঠা বা রেবতী নক্ষত্রে মঙ্গল বর্ষপতি ; মঘা, মূলা বা অশ্বিনীতে কেতু বর্ষপতি ; পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া বা ভরণীনক্ষত্রে চন্দ্র বর্ষপতি ; উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও কৃত্তিকানক্ষত্রে বুধ বর্ষপতি ; হস্তা, শ্রবণা বা রোহিণীনক্ষত্রে বৃহস্পতি বর্ষপতি ; চিত্রা, ধনিষ্ঠা বা মৃগশিরানক্ষত্রে শুক্র বর্ষপতি ; স্বাতি, শতভিষা বা আর্দ্রানক্ষত্রে শনি বর্ষপতি ; বিশাখা, পূর্ব্ব-ভাদ্রপদ বা পুনর্ব্বসুনক্ষত্রে রাহু বর্ষপতি হয়।

কেতু পতাকীতে যে রূপ বর্ষাধিপতির ফল বর্ণিত হইয়াছে গুরুকুণ্ডলীতে ও সেই প্রকার ফল জানিবে।

গুরু কুণ্ডলী গণনার একটী চক্র পর পৃষ্ঠায় দেওয়া হইল। গণনা না করিয়াও কোন্ বর্ষের অধিপতি কোন্ গ্রহ তাহা অনায়াসে জানিতে পারাযাইবে।

এই চক্রের উপরিভাগে বয়সের অঙ্ক বয়সের অঙ্কের স্তম্ভের নিম্নে বর্ষাধিপতি গ্রহের নাম, গ্রহ শ্রেণীর বাম-দিগের স্তম্ভে নক্ষত্রের নাম, ঐ স্তম্ভ দৃষ্টে স্বীয় জন্ম নক্ষত্র অনুসারে বয়সের অঙ্কের নিম্নে জন্ম নক্ষত্র শ্রেণীতে দৃষ্টি করিলেই কত বয়সে কোন গ্রহের বর্ষ তাহা জানিতে পারিবে।

## গুরুকুণ্ডলী চক্র।

| | বয়স | বয়স | বয়স | বয়স | বয়স | বয়স | বয়স | বয়স | বয়স |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জন্ম নক্ষত্র | ১<br>১০<br>১৯<br>২৮<br>৩৭<br>৪৬<br>৫৫<br>৬৪<br>৭৩<br>৮২<br>৯১<br>১০০ | ২<br>১১<br>২০<br>২৯<br>৩৮<br>৪৭<br>৫৬<br>৬৫<br>৭৪<br>৮৩<br>৯২<br>১০১ | ৩<br>১২<br>২১<br>৩০<br>৩৯<br>৪৮<br>৫৭<br>৬৬<br>৭৫<br>৮৪<br>৯৩<br>১০২ | ৪<br>১৩<br>২২<br>৩১<br>৪০<br>৪৯<br>৫৮<br>৬৭<br>৭৬<br>৮৫<br>৯৪<br>১০৩ | ৫<br>১৪<br>২৩<br>৩২<br>৪১<br>৫০<br>৫৯<br>৬৮<br>৭৭<br>৮৬<br>৯৫<br>১০৪ | ৬<br>১৫<br>২৪<br>৩৩<br>৪২<br>৫১<br>৬০<br>৬৯<br>৭৮<br>৮৭<br>৯৬<br>১০৫ | ৭<br>১৬<br>২৫<br>৩৪<br>৪৩<br>৫২<br>৬১<br>৭০<br>৭৯<br>৮৮<br>৯৭<br>১০৬ | ৮<br>১৭<br>২৬<br>৩৫<br>৪৪<br>৫৩<br>৬২<br>৭১<br>৮০<br>৮৯<br>৯৮<br>১০৭ | ৯<br>১৮<br>২৭<br>৩৬<br>৪৫<br>৫৪<br>৬৩<br>৭২<br>৮১<br>৯০<br>৯৯<br>১০৮ |
| ১ অশ্বিনী<br>১০ মঘা<br>১৯ মূলা | কেতু | চন্দ্র | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি | রাহু | রবি | মঙ্গল |
| ২ ভরণী<br>১১ পূর্ব্বফল্গুনী<br>২০ পূর্ব্বাষাঢ়া | চন্দ্র | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি | রাহু | রবি | মঙ্গল | কেতু |
| ৩ কৃত্তিকা<br>১২ উত্তরফল্গু<br>২১ উত্তরাষাঢ়া | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি | রাহু | রবি | মঙ্গল | কেতু | চন্দ্র |
| ৪ রোহিণী<br>১৩ হস্তা<br>২২ শ্রবণা | বৃহস্পতি | শুক্র | শনি | রাহু | রবি | মঙ্গল | কেতু | চন্দ্র | বুধ |
| ৫ মৃগশিরা<br>১৪ চিত্রা<br>২৩ ধনিষ্ঠা | শুক্র | শনি | রাহু | রবি | মঙ্গল | কেতু | চন্দ্র | বুধ | বৃহস্পতি |
| ৬ আর্দ্রা<br>১৫ স্বাতী<br>২৪ শতভিষা | শনি | রাহু | রবি | মঙ্গল | কেতু | চন্দ্র | বুধ | বৃহস্পতি | শুক্র |
| ৭ পুনর্ব্বসু<br>১৬ বিশাখা<br>২৫ পূর্ব্বভাদ্র | রাহু | রবি | মঙ্গল | কেতু | চন্দ্র | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি |
| ৮ পুষ্যা<br>১৭ অনুরাধা<br>২৬ উত্তরভাদ্র | রবি | মঙ্গল | কেতু | চন্দ্র | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি | রাহু |
| ৯ অশ্লেষা<br>১৮ জ্যেষ্ঠা<br>২৭ রেবতী | মঙ্গল | কেতু | চন্দ্র | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি | রাহু | রবি |

## অথ ত্রিপাপ চক্র ফলং।

শুভং বিধৌ বুধে চ স্যান্মরণং রাহুমন্দয়োঃ।
গুরুশ্বয়ে মহাসৌখ্যং দুঃখং স্যাদ্ভৌমসূর্য্যয়োঃ॥ ১

ত্রিপাপ চক্রে যে যে বর্ষে চন্দ্র ও বুধ বর্ষপতি সেই সেই বর্ষে শুভ ফল জানিবে। আর যে যে বর্ষে রাহু ও শনি বর্ষপতি হইবে, সেই সেই বর্ষে মৃত্যুতুল্য ফল, বৃহস্পতি হয় হইলে সুখ, মঙ্গল ও রবি বর্ষপতিতে দুঃখ হয়॥ ১

পতাকী কুণ্ডলী কেতোঃ কুণ্ডলী চ বৃহস্পতেঃ।
সর্ব্বত্র পাপ সংযোগে সংশয়ো জায়তে মহান্॥ ২

কেতু পতাকী, কেতুকুণ্ডলী ও গুরু কুণ্ডলী এই তিন মতেই যদি পাপ গ্রহের বর্ষ হয় তবে সেই বর্ষে জীবন সংশয় হইয়া থাকে॥ ২

রবি বর্ষে ভবেদ্দুঃখং কুজ বর্ষে তথৈব চ।
কেতোশ্চ নিয়তং ক্লেশঃ সুখং চন্দ্রে তথা বুধে॥ ৩

রবি ও মঙ্গলের বর্ষে দুঃখ, কেতুর বর্ষে মহাক্লেশ, চন্দ্র ও বুধের বর্ষে সুখ জানিবে॥ ৩

গুরৌ শুক্রে তথা রাজ্যং মহাক্লেশং শনৈশ্চরে।
রাহৌ তথৈব বিজ্ঞেয়ো গদিতো মিহিরাদিভিঃ॥ ৪

বৃহস্পতি ও শুক্রের বর্ষে রাজ্য লাভ, রাহুও শনির বর্ষে মহা ক্লেশ হয়, বরাহমিহিরাদি জ্যোতির্ব্বিদ্ গণ এইরূপ বলিয়া থাকেন॥ ৪

দ্বিরবৌ ক্লেশ মাপ্নোতি দ্বিচন্দ্রে সুখমুত্তমং।
দ্বিকুজেঽগ্নিকজা পীড়া দ্বিবুধে ধন সঞ্চয়ঃ॥ ৫

ত্রিপাপ চক্রে দুই রবি থাকিলে ক্লেশ, দুই চন্দ্র থাকিলে উত্তম সুখ, দুই মঙ্গল থাকিলে অগ্নিভয় ও পীড়া, দুই বুধ থাকিলে ধনসঞ্চয় হয়॥ ৫

দ্বিশনৌ সর্ব্বনাশঃ স্যাদ্দ্বিগুরৌ রাজভোগবৎ।
দ্বিরাহৌ শস্ত্রভীতিঃ স্যাদ্দ্বিশুক্রে ভোগসঞ্চয়ং॥ ৬

দুই শনি থাকিলে সর্ব্বনাশ, দুই বৃহস্পতি থাকিলে রাজভোগ, দুই রাহু থাকিলে অস্ত্র ভয়, দুই শুক্র থাকিলে ভোগ হয়॥ ৬

ত্রিরবৌ বিত্তনাশং স্যাত্রিচন্দ্রে লভতে সদা।
রজতং শুভ্রবস্ত্রঞ্চ ত্রিকুজে সংশয় প্রদঃ॥ ৭

ত্রিপাপ চক্রে তিন রবি থাকিলে বিত্তনাশ, তিন চন্দ্র থাকিলে রৌপ্য ও শুভ্রবস্ত্র লাভ, তিন মঙ্গল থাকিলে জীবন সংশয় হইয়া থাকে॥ ৭

ত্রিবুধে রত্নলাভঃ স্যাত্রিশনৌ বধ বন্ধনং।
ত্রিগুরৌ চাতুলৈশ্বর্য্যং ত্রিরাহৌ শস্ত্রঘাতনং॥ ৮

তিন বুধ থাকিলে রত্ন লাভ, তিন শনি থাকিলে বধ ও বন্ধন, তিন বৃহস্পতি থাকিলে অতুল ঐশ্বর্য্য, তিন রাহু থাকিলে অস্ত্রাঘাত॥ ৮

ত্রিশুক্রে সততং লাভস্ত্রিকেতৌ জ্বরপীড়নং।
ত্রিপাপ বৎসরে কষ্টমিতি জ্যোতির্ব্বিদাম্মতং॥ ৯

তিন শুক্র থাকিলে সর্ব্বদা লাভ, তিন কেতু থাকিলে জ্বরপীড়া হয়। এবং ত্রিপাপের বৎসরে নানা প্রকার কষ্ট হইয়া থাকে॥ ৯

---

## খনা।

রবি বৎসর শূন্য ফল, শিরঃশূল গায়েজ্বর।
ঘর পোড়ে মানুষ মরে, অনেক বিঘ্ন রবিকরে।
বুধের বৎসর যবে হয়, ভ্রমণ মরণ তাহায় হয়,
ছেদ পীড়া স্ত্রীপুত্র, রোগ মরণ খায়ে পাত্র,
শোকবন্দি থাকে অর্থে, ধন সর্ব্বস্বনাশে বুধে।
শনিমঙ্গল ভূমিসুত, তোমার বৎসর যমের দূত,
ঘর পোড়ে দস্যুতে মারে, যথাসর্ব্বস্ব রাজায় হরে।
রাহুর বৎসর ডাঁডুকা পায়ে, নানা দুঃখ অবশ্য পায়ে
হাতে পায়ে নাই গোটা, স্থানভ্রষ্ট নাই পোটা।
শনির বৎসর শূন্য ভোগ, বন্ধুবিচ্ছেদ করায় রোগ
শিলার স্তম্ভ খশে পড়ে, যত অর্জ্জে সব হরে।

---

## অথ ত্রিপাপ চক্র।

রাশি চক্রে অশ্বিনী হইতে রেবতী পর্য্যন্ত সাতাইশটী নক্ষত্র আছে। মনুষ্য মাত্রেরই ইহার কোন এক নক্ষত্রে জন্ম হইয়া থাকে। একারণ সাতাশটী নক্ষত্রে একটী চক্র লিখিত হইল। যাহার যে নক্ষত্রে জন্ম হইবে তিনি এই চক্র দৃষ্টে অনায়াসে যে কোন বৎসরের শুভাশুভ ঘটনা জ্ঞাত হইতে পারিবেন।

এক অঙ্ক হইতে ছত্রিশ অঙ্ক পর্য্যন্ত এবং সাঁইত্রিশ হইতে বাহাত্তর পর্য্যন্ত ও তেহাত্তর হইতে একশত আট পর্য্যন্ত যে সমস্ত অঙ্ক লিখিত হইয়াছে তাহা বৎসরের সংখ্যা। এই চক্রে গ্রহগণের সম্পূর্ন নাম না লিখিয়া কেবল আদ্যক্ষর মাত্র লিখিত হইয়াছে।

এক বর্ষ হইতে ছত্রিশ বর্ষ পর্য্যন্ত যে রূপ ত্রিপাপ অর্থাৎ কেতু পতাকী কেতু কুণ্ডলী ও গুরু কুণ্ডলী গণনা মতে যে যে বর্ষে যে যে গ্রহ অধিপতি হইবে সাঁইত্রিশ বৎসর হইতে বাহাত্তর বর্ষ পর্য্যন্ত ও তেহাত্তর বর্ষ হইতে এক শত আটবর্ষ পর্য্যন্ত ক্রমে ক্রমে সেই সমস্ত গ্রহ অধিপতি হইবে।

### দৃষ্টান্ত।

যে ব্যক্তির কৃত্তিকা নক্ষত্রে জন্ম হইয়াছে তাহার প্রথম বর্ষে কেতু পতাকী গণনায় রবি গ্রহ ও কেতুকুণ্ডলী গণনায় বুধ গ্রহ এবং গুরুকুণ্ডলী গণনায় বুধ গ্রহ বর্ষাধিপতি হয়, এই তিনটী গ্রহপতনে ইহার প্রথম বৎসরে ত্রিপাপ চক্রে রবি, বুধ ও বুধের বর্ষ হইল, এইরূপ উক্ত ব্যক্তির প্রতি বৎসরে বচনানুসারে তিন তিনটী গ্রহ বর্ষাধিপতি হইবে। ইহার মধ্যে বিশেষ এই যে, যে বর্ষে তিনটী পাপ গ্রহ বর্ষাধিপতি হইবে সেই বর্ষে তাহার পীড়া ও অশুভ হইবার সম্ভব। এবং যে বর্ষে তিনটী শুভ গ্রহ বর্ষাধিপতি হইবে, সেই বর্ষে তাহার শুভ ফল হইয়া থাকে। এইরূপ পাপ ও শুভ গ্রহের মিশ্রিত বর্ষ হইলে ফলেরও তার তম্য হইবে। তিনটী পাপ গ্রহ বর্ষাধিপতি হইলেই যে মৃত্যু ঘটনা হইয়া থাকে এমত নহে, তাহার সহিত সপ্তশূন্য কোষ্ঠাতে যদি সেই বর্ষে সপ্তশূন্যপতন হয় এবং মুকুন্দাদশা গণনায় যদি সেই বর্ষ পাপ গ্রহের বর্ষ হয়, এবং নাক্ষত্রিকীদশা গণনায় যদি পাপ গ্রহের দশা হয় এবং তাহার অন্তরে ও প্রত্যন্তরে পাপ গ্রহ যোগ হয় ও লগ্ন চন্দ্রের অষ্টমাধি পতি গ্রহের দশা অন্তর্দ্দশাদি সেই সময়ে হয় ও গোচরে গ্রহগণ বিরুদ্ধ হয়, এবং তাজকাদি গণনায় মুন্থাদি অশুভ এবং অন্যান্য মতে রিষ্ট সম্ভব হয়, তাহা হইলে সেই বর্ষে সেই ব্যক্তির মৃত্যু হইবে। কোন্ বর্ষে ত্রিপাপ ও কোন্ বর্ষে সপ্তশূন্য পতিত হইবে তাহা সহজে জানি বার নিমিত্ত চক্র প্রস্তুত করিয়া পর পৃষ্ঠায় প্রকটি হইল।

ত্রিপাপ চক্রে এক হইতে সাতাইশটী নক্ষত্র সাতা ইশটী তির্য্যক্ স্তম্ভে অঙ্কিত হইয়াছে। প্রত্যেক স্তম্ভে অন্তর্গত উপর্য্যুপরি তিনটী গ্রহ অঙ্কিত হইয়াছে। এইরূপে ছত্রিশটী শ্রেণীতে গ্রহ সংস্থাপন পূর্ব্বক ঐ ছত্রিশ বর্ষাধিপতি গ্রহের উপর এক হইতে ছত্রিশ অঙ্ক এবং সাঁই ত্রিশ হইতে বাহাত্তর পর্য্যন্ত অঙ্ক এবং তেহাত্তর হইতে এক শত আট পর্য্যন্ত অঙ্ক লিখিত হইল, ইহাদ্বারা যাহার যে জন্ম নক্ষত্র হইবে সেই নক্ষত্র অনুসারে তাহার কোন্ বর্ষে ত্রিপাপ চক্রে কোন্ কোন্ গ্রহ পতিত হইবে, তাহা অতি সহজে জ্ঞাত হওয়া যাইবে। যথা যাহার অশ্বিনী নক্ষত্রে জন্ম হইয়াছে তাহার ১,৩৭,৭৩ বর্ষে ত্রিপাপ চক্রে কেতু, রবি ও কেতু গ্রহ পতিত হইবে, অতএব এই চক্র দ্বারা জন্ম নক্ষত্রানুসারে কোন্ বর্ষে ত্রিপাপ পতন হইবে তাহা জানিয়া এবং উমাচক্রে যদি ঐ ঐ বর্ষে সপ্তশূন্য পতিত হইয়া থাকে তাহা হইলে কাহার কোন্ বর্ষে পীড়াদি হইবে, কি হইয়াছে তাহা অতি সহজে জ্ঞাত হইতে পারা যাইবে।

## পঞ্চ স্বরা চক্র।

| | | | | |
|---|---|---|---|---|
| উদিত | ভ্রমিত | ভ্রান্ত | সন্ধ্যা | অস্ত |
| অ | ই | উ | এ | ও |
| ডধভব<br>৮১ | ই খ জ ঢ ন ম শ<br>৮৭ | উ গ ঝ ত প য ষ<br>৯৩ | এ ঘ ট থ ক র স<br>৯৯ | ও চ ঠ দ ব ল হ<br>১০৫ |
| ন্দা ৬<br>দ ১৬<br>২১<br>শী ২৬ | ৮৭ ভদ্রা ৬<br>২ দ্বিতীয়া ১৭<br>৭ সপ্তমী ২২<br>১২ দ্বাদশী ২৭ | ৯৩ জয়া ৬<br>৩ তৃতীয়া ১৮<br>৮ অষ্টমী ২৩<br>১৩ ত্রয়োদশী ২৮ | ৯৯ রিক্তা ৬<br>৪ চতুর্থী ১৯<br>৯ নবমী ২৪<br>১৪ চতুর্দ্দশী ২৯ | ১০৫ পূর্ণা ৬<br>৫ পঞ্চমী ২০<br>১০ দশমী ২৫<br>১৫পৌর্ণমাসী অমাব ৩০ |
| তী ১ অশ্বিনী<br>ী ৩ কৃত্তিকা<br>ণী ৫ মৃগশিরা<br>৭ | ৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা<br>৯ অশ্লেষা ১০ মঘা<br>১১ পূর্ব্বফল্গুণী<br>৫ | ১২ উত্তর ফল্গুণী<br>১৩ হস্তা ১৪ চিত্রা<br>১৫ স্বাতী ১৬ বিশাখা<br>৫ | ১৭ অনুরাধা<br>১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা<br>২০ পূর্ব্বাষাঢ়া<br>২১ উত্তরাষাঢ়া<br>৫ | ২২ শ্রবণা ২৩ ধনিষ্ঠা<br>২৪ শতভিষা<br>২৫ পূর্ব্ব ভাদ্র পদ<br>২৬ উত্তর ভাদ্র পদ<br>৫ |
| ১।০<br>০।২৪ | বুধ শেষ ০।৩৬<br>গুর্ব্বাদি ০।৪৮ | গুরোঃ শেষ ০।১২<br>শুক্র ১।০<br>শনাদি ০।১২ | শনেঃ শেষ ০।৪৮<br>রব্যাদি ০।৩৬ | রবেঃ শেষ<br>সোমস্থ |
| ১<br>১<br>০।৩০<br>২।৩০ | মিথুন শেষ ০।৩০<br>কর্কট ১।০<br>সিংহ ১।০<br>৮৭ ২।৩০ | কন্যা ১।০<br>তুলা ১।০<br>বিছা ০।৩০<br>৯৩ ২।৩০ | বিছা শেষ ০।৩০<br>ধনু ১।০<br>মকর ০।৩০<br>৯৯ ২।০ | মকর শেষ ০।<br>কুম্ভ ১<br>মীন ১।<br>১০৫ ২।৩০ |
| ষ ০।৯<br>১।০<br>১।০<br>০।৩<br>২।১২ | মাঘ শেষ ০।২৭<br>ফাল্গুণ ১।০<br>চৈত্রাদি ০।১৫<br>৭২ ২।১২ | চৈত্র শেষ ০।১৫<br>বৈশাখ ১।০<br>জ্যৈষ্ঠাদি ০।২৭<br>৭২ ২।১২ | জ্যৈষ্ঠ শেষ ০।৩<br>আষাঢ় ১।০<br>শ্রাবণ ১।০<br>ভাদ্রাদি ০।৯<br>৭২ ২।১২ | ভাদ্র শেষ ০।২১<br>আশ্বিন ১।০<br>কার্ত্তিকাদি ০।২১<br>৭২ ২।১২ |
| বৎসর | ১২ বৎসর | ১২ বৎসর | ১২ বৎসর | ১২ বৎসর |
| সর ৪ মাস<br>দিন | ২ বৎসর ৪ মাস<br>২৪ দিন | ২ বৎসর ৪ মাস<br>২৪ দিন | ২ বৎসর ৪ মাস<br>২৪ দিন | ২ বৎসর ৪ মাস<br>২৪ দিন |
| ২২ দিন<br>দণ্ড | ৫ মাস ২২ দিন<br>৪৮ দণ্ড | ৫ মাস ২২ দিন<br>৪৮ দণ্ড | ৫ মাস ২২ দিন<br>৪৮ দণ্ড | ৫ মাস ২২ দিন<br>৪৮ দণ্ড |
| স ১২ দিন | ২ মাস ১২ দিন | ২ মাস ১২ দিন | ২ মাস ১২ দিন | ২ মাস ১২ দিন |
| দন ২৪ দণ্ড | ১৪ দিন ২৪ দণ্ড | ১৪ দিন ২৪ দণ্ড | ১৪ দিন ২৪ দণ্ড | ১৪ দিন ২৪ দণ্ড |

অথ বালাদি চক্র।

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উদিত | ভ্রমিত | ভ্রান্ত | সন্ধ্যা | অস্ত |
| জন্ম | কর্ম্ম | আধান | পিণ্ড | ছিদ্র |
| বাল | কুমার | যুবা | বৃদ্ধ | মৃত |
| আ | ই | উ | এ | ও |
| কা | খি | গু | ঘে | চো |
| ছা | জি | ঝু | টে | ঠো |
| ডা | ঢি | তু | থে | দো |
| ধা | নি | পু | ফে | বো |
| ভা | মি | যু | রে | লো |
| বা | শি | ষু | সে | হো |
| নন্দা | ভদ্রা | জয়া | রিক্তা | পূর্ণা |
| ১ প্রতিপৎ ১৬<br>৬ ষষ্ঠী ২১<br>১১ একাদশী ২৬ | ২ দ্বিতীয়া ১৭<br>৭ সপ্তমী ২২<br>১২ দ্বাদশী ২৭ | ৩ তৃতীয়া ১৮<br>৮ অষ্টমী ২৩<br>১৩ ত্রয়োদশী ২৮ | ৪ চতুর্থী ১৯<br>৯ নবমী * ২৪<br>১৪ চতুর্দ্দশী ২৯ | ৫ পঞ্চমী<br>১০ দশমী<br>১৫ পূর্ণিমা, অ |
| ৮১ | ৮৭ | ৯৩ | ৯৯ | ১০৫ |
| মঙ্গল, রবি | বুধ, চন্দ্র | বৃহস্পতি | শুক্র | শনি |
| মেষ<br>বৃশ্চিক<br>সিংহ | কর্কট<br>মিথুন<br>কন্যা | ধনুঃ<br>মীন | তুলা<br>বৃষ | মকর<br>কুম্ভ |
| ২৭ রেবতী ৪ রো<br>১ অশ্বিনী ৫ মৃগ<br>২ ভরণী ৬ আর্দ্রা<br>৩ কৃত্তিকা | ৭ পুনর্ব্বসু ১০ মঘা<br>৮ পুষ্যা ১১ পূর্ব্ব<br>৯ অশ্লেষা | ১২ উত্তরফল্গুনী<br>১৩ হস্তা<br>১৪ চিত্রা ১৬ বিশাখা<br>১৫ স্বাতী | ১৭ অনুরাধা<br>১৮ জ্যেষ্ঠা<br>১৯ মূলা ২০ পূর্ব্বাষাঢ়া<br>২১ উত্তরাষাঢ়া | ২২ শ্রবনা ২৩<br>২৪ শতভিষা<br>২৫ পূর্ব্বভাদ্র<br>২৬ উত্তর ভা |
| কার্ত্তিক শেষ ২ দিন<br>অগ্রহায়ণ ৩০ ঐ<br>পৌষ ৩০ ঐ<br>মাঘ ৩ ঐ<br>২।১২ | মাঘ শেষ ২৭ দিন<br>ফাল্গুণ ৩০ ঐ<br>চৈত্র ১৫ ঐ<br>২।১২ | চৈত্র শেষ ১০ দিন<br>বৈশাখ ৩০ ঐ<br>জ্যৈষ্ঠ ২৭ ঐ<br>২।১২ | জ্যৈষ্ঠ শেষ ৩ দিন<br>আষাঢ় ৩০ ঐ<br>শ্রাবণ ৩০ ঐ<br>ভাদ্র ৯ ঐ<br>২।১২ | ভাদ্র শেষ<br>আশ্বিন<br>কার্ত্তিক |

অথ পঞ্চস্বরা।

ইষ্টদেবং নমস্কৃত্য গোপালং কুলদৈবতং।

শ্রীপ্রজাপতি দাসেন ক্রিয়তে গ্রন্থ সংগ্রহঃ॥ ১॥

কুলদেবতা গোপাল, ও স্বীয় অভীষ্ট দেবকে নমস্কার করিয়া প্রজাপতি দাস নামক কোন ব্যক্তি এই জ্যোতিষ গ্রন্থ সংগ্রহ করিতেছেন। ১

নবগ্রহান্নমস্কৃত্য দেবীঞ্চৈব সরস্বতীং।

প্রাণিপত্য গুরুং কিঞ্চিজ্জ্যোতি গ্রন্থে বদাম্যহং॥ ২

গ্রন্থকর্ত্তা বলিতেছেন। আমি সূর্য্যাদি নবগ্রহ, দেবী সরস্বতী ও গুরুদেবকে প্রণাম করিয়া জ্যোতিষ শাস্ত্রের যৎকিঞ্চিৎ বিবরণ বলিতেছি। ২

সদ্বৈদ্যকুলজাতেন পরিহারঃ কৃতোময়া।

জ্যোতির্ব্বিৎসু চ সর্ব্বেষু ব্রাহ্মণেষু বিশেষতঃ॥ ৩

সদ্বৈদ্য কুলজাত আমি প্রজাপতি দাস সকল জ্যোতির্ব্বিদগণ ও ব্রাহ্মণ গণের নিকট পরিহার করিতেছি। ৩

বরাহকৃতসূত্রেণ যৎকিঞ্চিৎ ক্রিয়তে ময়া।

জ্যোতির্ব্বিদঃ প্রপশ্যন্তু গ্রহাণাং সুবিচারকাঃ॥ ৪

আমি বরাহকৃত সূত্র অবলম্বন করিয়া জ্যোতিষ শাস্ত্র সম্বন্ধীয় যে কিছু বলিতেছি, সুবিচারক জ্যোতির্ব্বিদ্‌গণ তাহার প্রতি দৃষ্টি করুন। ৪

পঞ্চস্বরাভিধানঞ্চ গ্রন্থং নিদান সংগ্রহং।

গুরোরুদ্দেশগম্যঞ্চ স্বল্পং বক্ষ্যামি শাশ্বতং॥ ৫

নিদানসংগ্রহ এই জ্যোতিষ শাস্ত্র গুরুর উপদেশ ব্যতিরেকে বোধগম্য হয় না। আমি তাহার যৎকিঞ্চিৎ বিবরণ করিব। ৫

জ্যোতির্ব্বিদ্ভিঃ পুরা সর্ব্বৈঃ কৃতং নির্ণয় বিস্তরং।

তন্বাদিব্যয়পর্য্যন্তং রাশিচক্র ব্যবস্থিতং॥ ৬

পূর্ব্বতন জ্যোতির্ব্বিদ্‌গণ রাশি চক্রে স্থিত তন্বাদি ব্যয় পর্য্যন্ত রাশি চক্র স্থিত দ্বাদশ ভাবাদি আনেকানেক সংগ্রহ করিয়াছেন। ৬

ধর্ম্মং কর্ম্ম সুখং দুঃখং তন্বাদিস্থিত বান্ধবং।

তন্নবুদ্ধ্বা মতয়ো বয়ন্তি বৃথা বৃথা॥ ৭

ধর্ম্ম, কর্ম্ম, সুখ, দুঃখ, ও তনু ধনাদি দ্বাদশ ভাব প্রভৃতি গণনা অল্পবুদ্ধি ব্যক্তি বুঝিতে পারে না, তাহারা কেবল চর্ব্বিত চর্ব্বণের ন্যায় বার বার বৃথা শাস্ত্রালোচনা করে। ৭

অপাস্য মরণং জীবে চাহয়ন্তি শুভাশুভং।

মরিষ্যতি যদা দৈবাৎ কোভক্ষ্যতি শুভাশুভম্॥ ৮

মৃত্যু নির্ণয় পরিত্যাগ করিয়া শুভাশুভ গণনা বিফল, মনুষ্যের মরণ হইলে সেই শুভাশুভের ফলভোগ কে করিবে॥৮

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন আয়ুঃ স্থানং বিচিন্তয়েৎ।

বালস্য জন্মমাত্রেণ জন্মরিষ্টং বিচিন্তয়েৎ॥ ৯

অতএব সর্ব্বপ্রকার যত্নে প্রথমে মৃত্যু নির্ণয় করিবে। যখন বালকের জন্ম হইবে তখনই জন্মরিষ্ট গণনা করা কর্ত্তব্য॥ ৯

চতুর্ব্বিংশতি বর্ষাণি যাবদ্গচ্ছন্তি জন্মতঃ।

তাবদ্রিষ্টং বিধাতব্যং মায়ুর্দ্দায়ং ন চিন্তয়েৎ॥ ১০

জন্ম সময় হইতে চতুর্ব্বিংশতি বৎসর পর্য্যন্ত রিষ্ট দোষ হয়, অতএব চতুর্ব্বিংশতি বৎসরের মধ্যে আয়ুর্গণনা করিবে না॥ ১০

পঞ্চস্বরামতে পতাক্যাদি শিশুরিষ্ট, মাতৃরিষ্ট, ও স্ত্রী পুং নপুংসক জ্ঞান, এই গ্রন্থের প্রথম খণ্ডের ৮৭, ৮৮, ৮৯, ৯০, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১২৪, ১৩৮, ১৩৯, ১৪১, ১৪২, ১৫৯, ১৬২ পৃষ্ঠায় এবং সুখ, দুঃখ, রিষ্টচ্ছেদাদি যোগ তৃতীয় খণ্ডের ১১১ পৃষ্ঠায় লিখিত হইয়াছে। সুতরাং তাহা পুনর্ব্বার এইস্থলে বিবৃত করা নিষ্প্রয়োজন। অতএব পঞ্চস্বরা গ্রন্থের সেই অংশ পরিত্যাগ করি বালাদি চক্র ও সপ্ত শূন্য বিবরণ প্রকাশ করা যাইতে

---

চতুর্ব্বিংশতি বর্ষাণি যাবদ্গচ্ছন্তি জন্মতঃ।

তাবদায়ুর্ন কুর্য্যাচ্চ স্ফুটং তস্মিন্মতং মম॥ ১

যাবৎ কাল পর্য্যন্ত মনুষ্যের চতুর্ব্বিংশতি বৎসর বয়স অতীত না হয় তাবৎ কাল পর্য্যন্ত আয়ুর্দ্দায় গণনা করিবে না ঐ সময়ে রিষ্টাদি গণনা করা কর্ত্তব্য। ১

চতুর্ব্বিংশতিবর্ষোর্দ্ধমায়ুর্দায়ং সুনিশ্চিতং।

সাধারণা ন জানন্তি বিষমং কঠিনং খলু॥ ২॥

জন্মাবধি চতুর্ব্বিংশতি বৎসর অতীত হইলে পর আয়ু ও রিষ্টাদি গণনা করা বিধেয়। গণনা দ্বারা রিষ্টাদি নির্ণয়

করা অতি কঠিনকার্য্য সুতরাং এই গণনা সাধারণের অজ্ঞাত। ২

বরাহাদ্যৈশ্চ তত্ত্বজ্ঞৈর্যৎ কৃতং নির্ণয়ং পুরা।
তদুদ্দেশেন বক্তব্যং যৎকিঞ্চিজ্জ্ঞায়তে ময়া ॥ ৩

জ্যোতিষ শাস্ত্রের তত্ত্বজ্ঞ বরাহাদি মুনিগণ যে রূপে রিষ্টাদি নির্ণয় করিয়াছেন, আমি তাহাদিগের মতানুবর্ত্তী হইয়া যথাসাধ্য কিঞ্চিৎ বর্ণন করিতেছি। ৩

নিদানস্ত যথা তত্ত্বং স্বভাব রিষ্ট নির্ণয়ং।
গুরোরুদ্দেশগম্যঞ্চ বুধ্যতেঽপি ন চান্যথা ॥ ৪

গুরুর উপদেশ ব্যতিরেকে নিদান ও জ্যোতিষ শাস্ত্রের যথার্থ তাৎপর্য্য অবগত হওয়া যায় না। ৪

পঞ্চাঙ্কং প্রথমং দত্বা সর্ব্ববর্ণাংশ্চবিন্যসেৎ।
আকাছাড়াদি দাতব্যমন্তে বোলোহো সংজ্ঞকং ॥ ৫

কিরূপে স্বরাদি নির্ণয় করিতে হয় তাহা বলা যাইতেছে, প্রথমতঃ একাদি ক্রমে ৫পাঁচটী অঙ্ক স্থাপন করিয়া তাহাদের নিম্নে ক্রমশঃ আ কা ছা ড়াদি ক্রমে সকল বর্ণ সংস্থাপন করিবে। ৫

কাদি হান্তান্লিখেদ্বর্ণান্ স্বরাধো ঙঞণোজ্ঝিতান্।
তির্য্যক্ পঙ্‌ক্তি ক্রমেণৈব পঞ্চ পঞ্চ বিভাগতঃ ॥ ৬

পাঁচটী স্বরের নিম্নে ঙ ঞ ণ ভিন্ন ককারাদি হকার পর্য্যন্ত বর্ণ সকলকে পাঁচ ভাগ করিয়া সংস্থাপিত করিবে। ৬

ন প্রোক্তা ঙ ঞ ণা বর্ণা নামাদৌ সন্তিতে নহি।
চেদ্ভবন্তি তদা জ্ঞেয়া গজড়ান্তে যথাক্রমং ॥ ৭

ঙ ঞ ণ এই বর্ন নামের আদিতে প্রায় সম্ভব হয় না অতএব এই বর্ন পরিত্যক্ত হইল, যদি কখনও উক্ত তিন বর্ন কোন ব্যক্তির নামের আদিতে থাকে, তবে তাহাদের পরিবর্ত্তে গ জ ড এই তিন অক্ষর গ্রহণ করিতে হইবে। ৭

যদি নাম্নি ভবেদ্বর্ণঃ সংযোগাক্ষর সম্ভবঃ।
গ্রাহ্যস্তত্রাদিমো বর্ণ ইত্যুক্তং ব্রহ্মযামলে ॥ ৮

যদি কাহারও নামের আদিতে সংযুক্ত অক্ষর থাকে তবে সে স্থলেও যে যে বর্নে সংযোগ হইয়াছে তাহাদের মধ্যে যেটী আদিতে আছে, তাহাকে গ্রহণ করিয়া গণনা করিবে। ৮

আকাছাড়াধাভাবা ইখিজিচিনিমিশি।
উগুঝুতুপুযুষু এঘেটেথেফেরেসে।
ও চো ঠো দো বো লো হো ॥ ৯

প্রথম অঙ্কের নিম্নে আ কা ছা ড়া ধা ভা বা এই সাতটী বর্ণ, দ্বিতীয় অঙ্কের নিম্নে ই খি জি চি নি মি শি, তৃতীয় অঙ্কের নিম্নে উ গু ঝু তু পু যু ষু, চতুর্থ অঙ্কের নিম্নে এ ঘে টে থে ফে রে সে, পঞ্চম অঙ্কের নিম্নে ও চো ঠো দো বো লো হো, এই রূপে বর্ণ বিন্যাস করিয়া নামের আদ্য অক্ষর অনুসারে স্বর নির্ণয় করিবে। ইহাতে পাঁচ প্রকার স্বর নির্ণীত হইবে, যাহার নামের আদি অক্ষর যে স্থানে পড়িবে সেই স্থানের স্বরাঙ্ক গ্রহণ করিয়া সপ্তশূন্যাদি গণনা করিতে হইবে। ৯

উদিতং ভ্রমিতং ভ্রান্তং সন্ধ্যান্তং তদনন্তরং। (সংজ্ঞান্তরঃ)।
জন্ম কর্ম্ম চ আধানং পিণ্ডং ছিদ্রং ততঃ পরং। ১০

উক্ত পঞ্চস্বরের পাঁচটী নাম বলা হইতেছে প্রথম স্বরের নাম উদিত, দ্বিতীয় স্বরের নাম ভ্রমিত, তৃতীয় স্বরের, নাম ভ্রান্ত, চতুর্থ স্বরের নাম সন্ধ্যা ও পঞ্চম স্বরের নাম অস্ত। এবং উক্ত পঞ্চস্বরের অন্য নাম জন্ম, কর্ম্ম, আধান, পিণ্ড ও ছিদ্র। ১০

অস্বরোমেষসিংহালিরিঃস্ত্রীমিথুনকর্কটাঃ
উস্বরোধন্বিমীনৌ স্যাদেকারশ্চ তুলাবৃষৌ।
ও স্বরো মৃগকুম্ভৌ চ রাশীনাস্ত গ্রহস্বরাঃ ॥ ১১

অকার স্বরের নিম্নে মেষ, সিংহ ও বৃশ্চিক, ইকার স্বরের নিম্নে কন্যা, মিথুন ও কর্কট, উকার স্বরের নিম্নে ধনু ও মীন, একার স্বরের নিম্নে তুলা ও বৃষ এবং ওকার স্বরের নিম্নে মকর ও কুম্ভ রাশি সংস্থাপন করিবে। ১১

স্বরাধঃ স্থাপয়েৎ খেটান্ রাশের্যো যস্ত নায়কঃ।
স স্বরস্তস্য খেটস্য গ্রহস্বর ইহোচ্যতে ॥ ১২

উক্ত রূপে স্বরের রাশি নির্ণয় করিয়া স্বরের নিম্নে রাশি ও রাশির নিম্নে তাহাদের অধিপতি গ্রহ সকল সংস্থাপন করিবে। যে রাশির অধিপতি যে গ্রহ সেই রাশির স্বরকে সেই গ্রহের স্বর বলা যায়।

যথা অস্বরে রবি, মঙ্গল। ইস্বরে চন্দ্র, বুধ। উস্বরে

বৃহস্পতি এস্বরে শুক্র ওস্বরে শনি এইরূপ পঞ্চস্বরা চক্রে সংস্থাপন করিবে। ১২

উদিতে বিজয়ো নিত্যং ভ্রমিতে লাভমেব চ।
ভ্রান্তে চ সিদ্ধিমাপ্নোতি সন্ধ্যান্তে মরণং ধ্রুবং॥ ১৩

উদিতস্বরে সর্ব্বদা বিজয়, ভ্রমিতস্বরেত লাভ, ভ্রান্ত স্বরে কার্য্য সিদ্ধি ও সন্ধ্যাস্বরে মরণ জানিবে। ১৩

(সংজ্ঞান্তরং)।

আদ্যো বালঃ কুমারশ্চ যুবাবৃদ্ধো মৃতস্তথা।
নিজাবস্থাস্বরূপেণ ফলদা নাত্র সংশয়ঃ॥ ১৪

উক্ত পঞ্চস্বরের অন্য পাঁচটী নাম বলা যাইতেছে, যথা প্রথম স্বরের নাম বাল, দ্বিতীয় স্বরের নাম কুমার, তৃতীয় স্বরের নাম যুবা, চতুর্থ স্বরের নাম বৃদ্ধ, পঞ্চম স্বরের নাম মৃত। ইহাদের স্বীয় অবস্থানুসারে মনুষ্যের শুভাশুভ ফল নিশ্চয় করিবে। ১৪

পঞ্চ বালাদিকাবস্থা উদিতাদে র্ভবেৎ পুনঃ।
নামাদ্যক্ষর যোগেন ফলং তত্র নিয়োজয়েৎ॥ ১৫

উক্ত উদিতাদি পঞ্চ স্বরের বালাদি পঞ্চ অবস্থা জানিয়া নামের আদি অক্ষর অনুসারে স্বর নিশ্চয় করিয়া ফল নির্ণয় করিবে। ১৫

কিঞ্চিল্লাভকরো বালঃ কুমারস্ত্বর্দ্ধ লাভদঃ।
সর্ব্বসিদ্ধিং যুবাদত্তে বৃদ্ধে হানির্ম্মৃতে ক্ষয়ঃ॥ ১৬

বালস্বরে কিঞ্চিৎ লাভ, কুমার স্বরে অর্দ্ধ লাভ, যুবা স্বরে সর্ব্ব কার্য্য সিদ্ধি, বৃদ্ধ স্বরে হানি ও মৃত স্বরে ক্ষয় হইয়া থাকে *। ১৬

যত্র নামাক্ষরঃ প্রাপ্তস্তত্রৈব উদিতঃ স্বরঃ।
তস্মাদ্বর্ষং বিজানীয়াত্তন্মাসং ভবেৎ পুনঃ॥ ১৭

যে ঘরে যাহার নামের আদি অক্ষর প্রাপ্ত হইবে, সেই ঘরে যে স্বর থাকিবে তাহাই সেই ব্যক্তির সম্বন্ধে উদিত স্বর বলিয়া পরিগৃহীত হইবে। এবং সেই স্বর অনুসারে বর্ষ মাসাদি স্থির করিবে। ১৭

মাসদ্বয়ং বিধাতব্যং দিনঞ্চ দ্বাদশোত্তরং।
এবং ক্রমেণ বোদ্ধব্যা বর্ষ ভাগাশ্চ পঞ্চসু॥ ১৮

এক এক স্বরের নিম্নে দুই মাস ১২ বার দিন করিয়া সংস্থাপিত করিবে, এই রূপে পঞ্চ স্বরের নিম্নে স্থাপিত মাসাদিতে এক বৎসর পূর্ণ হইবে। ১৮

কার্ত্তিকান্তে দিনং গ্রাহ্যং নবভাগং যথা তথা।
মার্গং পৌষং তথা দেয়ং মাঘস্য চ দিনত্রয়ং॥ ১৯
এবং ক্রমেণ দাতব্যং বর্ষ পূর্ণং তথা ভবেৎ।
তিথিঃ প্রতিপদাদিশ্চ কুজাদের্ব্বার নির্ণয়ঃ॥ ২০

কার্ত্তিকের শেষ নয় দিন হইতে আরম্ভ করিয়া মাস স্থাপন করিতে হইবে, যথা অকারস্বরে কার্ত্তিকের ৯ নয় দিন, অগ্রহায়ণ ও পৌষ সমস্ত এবং মাঘের তিন দিন। ইকার স্বরে মাঘের ২৭ সাতাইশ দিন, ফাল্গুন সমস্ত ও চৈত্রের ১৫ দিন। উকারস্বরে চৈত্রের ১৫ দিন, বৈশাখের ৩০ দিন, জ্যেষ্ঠের ২৭ দিন। একারস্বরে জ্যৈষ্ঠের ৩ দিন, আষাঢ় সম্পূর্ণ, শ্রাবণ সমস্ত ও ভাদ্রের ৯ দিন। ওকারস্বরে ভাদ্রের ২১ দিন, আশ্বিন সমস্ত, এবং কার্ত্তিকের ২১ দিন। এইরূপে প্রতি স্বরে ৭২ দিন করিয়া পাঁচ স্বরে সমস্ত বর্ষ পূর্ণ হইবে। এবং প্রতিপদাদি তিথি ও কুজাদি বার সংস্থাপন করিবে। ১৯।২০

নন্দাভদ্রাজয়ারিক্তাপূর্ণাশ্চাপি যথাক্রমং।
ক্রমেণাঙ্কং তথা দেয়ং গ্রাহ্যমঙ্কং যথাক্রমং॥ ২১

অকারস্বরে নন্দা অর্থাৎ প্রতিপদ, ষষ্ঠী ও একাদশী এই তিন তিথি, ইকারস্বরে ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী, উকারস্বরে জয়া, অর্থাৎ তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী, একারস্বরে রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী, ওকারস্বরে পূর্ণা অর্থাৎ পঞ্চমী, দশমী, পূর্ণিমা ও অমাবস্যা শুক্ল কৃষ্ণ উভয় পক্ষের এই সকল তিথি সংস্থাপন করিবে। এই স্থলে তিথির নাম ও তিথি বোধক অঙ্ক লিখিতে হইবে। যথা ১।৬।১১।১৬।২১।২৬। ইত্যাদি। ২১

চন্দ্রাষ্টৌ প্রথমং দেয়ং নগনাগৌ দ্বিতীয়কে।
তৃতীয়ে চাগ্নি নবকং চতুর্থে সপ্তগ্রহগ্রহং॥
পঞ্চোত্তরশতং দেয়ং ক্রমেন পঞ্চমেষ্বপি॥ ২২

প্রত্যেক স্বরের তিথির অঙ্ক পৃথক পৃথক যোগ করিলে অকারস্বরে ৮১ একাশী, ইকারস্বরে ৮৭ সাতাশী, উকারস্বরে ৯৩ তিরেনব্বুই, একার স্বরে ৯৯ নিরেনব্বই,

* দ্বিতীয় খণ্ডের বর্ণ স্বরোদয় গ্রন্থ অবলোকন কর।

ওকারস্বরে ১০৫ এক শত পাঁচ অঙ্ক হইবে, এই সকল অঙ্কই স্বরাঙ্ক বলিয়া গৃহীত হইবে। কোন কোন গ্রন্থকারের মতে অকারস্বরে ১ এক, ইকারস্বরে ২ দুই, উকারস্বরে ৩ তিন, একারস্বরে ৪ চারি, ওকারস্বরে ৫ পাঁচ এই কয়েকটীকে স্বরাঙ্ক বলা যায়। ২২

গণিত্বা নির্ণয়েদ্বর্ষং তস্মাৎ সর্ব্বং বিধীয়তে।
পঞ্চভিশ্চ হৃতে শেষে মৃত্যুর্জ্ঞেয়ো নচান্যথা॥ ২৩

পঞ্চ স্বরামতে মৃত্যু বৎসর নির্ণয় করিয়া নিম্ন লিখিত প্রণালী অনুসারে মৃত্যু তিথিবারাদি নিশ্চয় করিবে। বয়সের অঙ্ক, স্বরাঙ্ক ও রাশির অঙ্ক একত্র যোগ করিয়া পাঁচ দিয়া ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক দ্বারা নন্দাদি তিথি নির্ণীত হইবে যথা এক অবশিষ্ট থাকিলে নন্দা তিথিতে মৃত্যু হইবে, দুই অবশিষ্ট থাকিলে ভদ্রা তিথিতে মৃত্যু জানিবে এইরূপ তিন থাকিলে জয়া, চারি থাকিলে রিক্তা, ভাগ শেষ শূন্য হইলে পূর্ণা তিথিতে মৃত্যু হইবে। ২৩

ষড়্ভির্হৃত্বা তিথির্গ্রাহ্যো বারো গ্রাহ্যশ্চ সপ্ততঃ।
একং দেয়ঞ্চ হেয়ম্বা বর্ষে বা তিথি সংগ্রহে।
ন দেয়ঞ্চ ন হেয়ঞ্চ মধ্যে বা শুক্ল কৃষ্ণয়োঃ॥ ২৪

বয়স্ রাশি স্বরাঙ্ক একত্র যোগ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিলে অবশিষ্টাঙ্ক দ্বারা নন্দাদি তিথির মধ্যে কোন্ তিথিতে মৃত্যু হইবে, তাহা নির্ণীত হইবে।

যথা এক অবশিষ্ট থাকিলে শুক্লা প্রতিপৎ, দুই অবশিষ্ট থাকিলে শুক্লাষষ্ঠী, তিন অবশিষ্ট থাকিলে শুক্লা একাদশী, চারি অবশিষ্ট থাকিলে কৃষ্ণা প্রতিপৎ পাঁচ অবশিষ্ট থাকিলে কৃষ্ণাষষ্ঠী, শূন্য হইলে কৃষ্ণা একাদশীতে মৃত্যু হইবে। এইরূপ ভদ্রাদি তিথির মধ্যে কোন্ তিথিতে মৃত্যু হইবে তাহা নির্ণয় করা যাইবে যথা ১ থাকিলে শুক্লা দ্বিতীয়া, ২ থাকিলে শুক্লাসপ্তমী ইত্যাদি।

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া ৭ সাত দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা মৃত্যু বার নির্ণীত হইবে, যথা এক অবশিষ্ট থাকিলে রবি বার, দুই অবশিষ্ট থাকিলে সোম বার ইত্যাদি। যে দিবসে মাস তিথি বারাদি মিলিত হইবে সেই দিনে মৃত্যু হইবে।

যদি গণিত তিথিতে বারের মিলন না হয়, তবে তিথি কিম্বা বারে এক যোগ বা বিয়োগ করিলে যাহাতে তিথি বার মিলিত হয়, এইরূপ করিয়া লইবে। অষ্টমী তিথিতে এক যোগ কিম্বা বিয়োগ করিতে হইবে না অষ্টমী তিথি হইলে তাহাতে গণিত বার অবশ্যই মিলিত হইবে। ২৪

ইতি পঞ্চস্বরা।

---

## অথ সপ্তশূন্য গণনা।

বয়োরাশিং স্বরাঙ্কঞ্চ একীকৃত্য ত্রিধা লিখেৎ।
দ্বিচতুস্ত্রিভির্গুণিতং সপ্তাষ্টরসভাজিতং।
আধানে নবমো দেয়ঃ স্বরে কর্ম্মণি পঞ্চ চ
পিণ্ডে সর্ব্বমিদং দেয়ং ছিদ্রে শ্রেণী ব্যবস্থিতা॥ ১

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক, ও স্বরাঙ্ক এই তিনটী অঙ্ক একত্র যোগ করিয়া যুক্ত অঙ্ককে তিন স্থানে স্থাপন করিবে। উক্ত স্থাপিত অঙ্কের প্রথম অঙ্ককে দ্বিগুণ করিয়া, ৭ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা জন্ম স্বরে অর্থাৎ প্রথম শ্রেণীর প্রথম স্থানে সংস্থাপন করিবে। দ্বিতীয় অঙ্ককে ৪ চারি দ্বারা গুণ করিয়া গুণ ফলকে ৮ আট দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা প্রথম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। পরে তৃতীয় অঙ্ককে ত্রিগুণ করিয়া গুণ ফলকে ৬ ছয় দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিতে হইবে।

এইরূপে পুনর্ব্বার বয়স, রাশি ও স্বর এইতিনের সমষ্টিতে পাঁচ যোগ করিয়া তিন স্থানে রাখিবে। পরে প্রথম স্থাপিত অঙ্ককে দ্বিগুণ করিলে যে গুণ ফল হইবে, তাহাকে ৭ সাত দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা কর্ম্ম স্বরের অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। তৎপরে দ্বিতীয় স্থানের অঙ্ককে চারি গুণ করিলে যে গুণ ফল হইবে তাহাকে ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। অনন্তর তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া, গুণ ফলকে ৬ ছয়

দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর তৃতীয় স্থানে স্থাপন করিবে।

ঐ প্রকার বয়সের রাশির ও স্বরের অঙ্ক সমষ্টিতে ৯ নয় যোগ করিয়া যুক্তাঙ্ককে তিন স্থানে রাখিবে, পূর্ব্বমত প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক আধান স্বরে অর্থাৎ তৃতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে, দ্বিতীয় স্থানের অঙ্ককে চতুর্গুণ করিয়া ৮ দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক তৃতীয়শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। পরে তৃতীয় স্থানের অঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিবে।

ঐরূপে পূর্ব্ব স্থাপিত বয়ো রাশি স্বরাঙ্কে সমুদায় অঙ্ক ( অর্থাৎ কোষ্ঠাতে যে যে অঙ্কপাত করা হইয়াছে ) যোগ করিয়া যুক্তাঙ্ককে তিন স্থানে রাখিয়া প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পিণ্ড স্বরে অর্থাৎ চতুর্থ শ্রেণীর প্রথম স্থানে, দ্বিতীয় অঙ্ককে চতুর্গুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর দ্বিতীয় স্থানে, তৃতীয় অঙ্ককে ত্রিগুণ করিয়া ৬ দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিবে।

ঐরূপ বয়সের রাশির ও স্বরাঙ্কের সহিত ১৪ চৌদ্দ যোগ করিয়া যুক্তাঙ্ককে তিন স্থানে রাখিয়া প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক ছিদ্র স্বরে অর্থাৎ পঞ্চম শ্রেণীর প্রথম স্থানেও দ্বিতীয় স্থানের অঙ্ককে চারিগুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পঞ্চম শ্রেণীর দ্বিতীয় স্থানে এবং তৃতীয় স্থানের অঙ্ককে৬ ছয় দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পঞ্চম শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিবে।

"ছিদ্রে শ্রেণী ব্যবস্থিতা" ইহার অন্য প্রকার অর্থ—

ছিদ্র স্বরে বয়সের রাশির ও স্বরাঙ্কের সহিত জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ড স্বরের স্থাপিতাঙ্কের প্রথম অঙ্ক-শ্রেণী যোগ করিয়া দ্বিগুণ করিবে। পরে তাহাকে সাত দ্বারা ভাগ দিয়া শেষাঙ্ক পঞ্চম শ্রেণীর প্রথমে স্থাপন করিবে। পরে ঐ রূপ বয়সের রাশির ও স্বরের অঙ্ক এবং উক্ত চারিটী স্বরের দ্বিতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিয়া তাহাকে চারি গুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া ভাগ শেষ পঞ্চম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৎপরে বয়সের রাশির ও স্বরের অঙ্ক এবং উক্ত চারিটী স্বরের তৃতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিবে, পরে তাহাকে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিবে অবশিষ্টাঙ্ক পঞ্চম শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। ছিদ্রস্বর ভিন্ন অপর সমস্তই পূর্ব্বের মত জানিবে।

এইরূপে কোষ্ঠা অঙ্কিত করিয়া রিষ্ট বর্ষাদি গণনা করিবে। যে বর্ষে ঐ কোষ্ঠায় সাতটী শূন্য পতিত হইবে সেই বর্ষেই সপ্তশূন্য হইবে।

সপ্ত শূন্য কোষ্ঠাতে যে সকল অঙ্ক পড়িবে তাহা দ্বারা রব্যাদি গ্রহ জ্ঞান করিতে হইবে। ১

জন্মনি হংসো গুরুশ্চৈব কর্ম্মণি সৈংহিকভাস্করৌ।
আধানে বুধমন্দৌ চ জন্তোর্ম্মরণমাদিশেৎ॥ ২

যাহার যে বৎসরে জন্ম স্বরে রবি বা বৃহস্পতি ও কর্ম্ম স্বরে রাহু বা রবি এবংআধান স্বরে বুধ ও শনি থাকেন সেই বৎসরে তাহার মৃত্যু হইবে। ২

রবিমন্দকুজে বর্ষে রাহুর্ব্বা স্থানত্রিতয়ে।
সপ্তশূন্যং ভবেদ্বাপি মৃত্যুর্ভবতি নান্যথা॥ ৩

ত্রিপাপ চক্রে রবি, শনি, মঙ্গলের বর্ষ কিম্বা ঐ চক্রে দুই বা তিন স্থানে রাহু হইলে যদি কোষ্ঠাতে সপ্ত শূন্যের বৎসর হয়, তবে সেই বৎসরে অবশ্য মৃত্যু হইবে। ৩

অথবা পাপ সংযোগে দশশূন্যং ভবেদ্যদি
তদামৃত্যুং ব্রজেদেব দেবরাজসমো যদি॥ ৪

যাহার যে বৎসরে সপ্তশূন্য কোষ্ঠাতে পাপ সংযুক্ত দশ শূন্য হইবে সেই ব্যক্তি ইন্দ্র তুল্য হইলেও সেই বৎসর তাহার মৃত্যু হইবে। ৪

আদৌ চন্দ্রোদ্বিশূন্যঞ্চ অন্তে কুজচতুষ্টয়ং।
মধ্যে বুধত্রয়ঞ্চৈব গুরোর্ম্মধ্যেঽথবা কবিঃ॥
পাপদ্বয়ে ত্রয়ে বাপি সংযুক্তে হায়নেঽপিবা।
মরণং তত্র বক্তব্যং নাত্রকার্য্যা বিচারণা॥ ৫

যে বৎসর সপ্তশূন্য কোষ্ঠায় আদিতে চন্দ্র, তৎপরে

দুই শূন্য, অন্তে চারি মঙ্গল, মধ্যে তিন বুধ, অথবা দুই বৃহস্পতির মধ্যে শুক্র থাকে এবং ত্রিপাপ চক্রে দুই বা তিন স্থানে রবি থাকে সেই বৎসরে অবশ্য মৃত্যু জানিবে। ৫

স্থানত্রয়ে যদা সূর্য্যঃ সূর্য্যাদৌ শূন্য সংস্থিতে।
অবশ্যং মরণঞ্চৈব তস্মিন্ বর্ষেভবেত্তদা ॥ ৬

যে বৎসরে ত্রিপাপ চক্রে তিন স্থানে রবি, সপ্তশূন্য কোষ্ঠায় আদিতে রবি তৎপরে শূন্য হয়, সেই বৎসরে নিশ্চয় মরণ হইবে। ৬

বুধেঽপি শূন্যযুগলে বুধেঽপি বর্ষ সম্ভবে।
বুধে চান্তর্গতে চৈব মরণং নাত্র সংশয়ঃ ॥ ৭

যদি সপ্তশূন্য কোষ্ঠায় আদিতে বুধ তৎপরে দুই শূন্য এবং বুধের বর্ষ ও বুধের অন্তর্দ্দশা হয়, তবে নিঃসংশয় মৃত্যু হইবে। ৭

গুরৌ শূন্যদ্বয়ং প্রাপ্তে কুজশ্চান্তে ভবেদ্যদি।
প্রাণত্যাগো ভবেত্তস্য বর্ষে চ পাপসংযুতে ॥ ৮

পাপ গ্রহের বর্ষে যদি কোষ্ঠায় আদিতে বৃহস্পতি তৎপরে দুই শূন্য এবং অন্তে মঙ্গল থাকে, তবে সেই বৎসরে মানবের মৃত্যু জানিবে। ৮

শূন্যদ্বয়ং কুজে প্রাপ্তে চান্তেঽপি কুজসম্ভবে।
বিদেশে মরণঞ্চৈব বর্ষে চ পাপসংশ্রয়ে ॥ ৯

যে বৎসরে কোষ্ঠায় মঙ্গল ও দুই শূন্য ও অন্তে মঙ্গল থাকে এবং পাপ গ্রহের বর্ষ হয়, সেই বৎসরে বিদেশে মৃত্যু হইবে। ৯

শুক্রে শূন্যদ্বয়ে প্রাপ্তে বর্ষে চ পাপ সংযুতে।
দ্বিতীয় স্বর সংযোগে মরণং স্যাৎ সুনিশ্চিতং ॥ ১০

দ্বিতীয় স্বরে শুক্র ও দুই শূন্য হইলে যদি পাপ গ্রহের বর্ষ হয়, তবে সেই বৎসরে নিশ্চয় মৃত্যু হইবে। ১০

প্রথমে শূন্যত্রিতয়মন্তে চ কুজ সংযুতং।
তদ্বর্ষং ক্লেশ সংজ্ঞঞ্চ শুভযোগে শুভ প্রদং ॥ ১১

কোষ্ঠায় প্রথমে তিন শূন্য, অন্তে তিন শূন্য এবং মঙ্গল থাকিলে সেই বর্ষে নানা প্রকার ক্লেশ হয়। শুভ গ্রহের যোগ হইলে শুভ ফল জানিবে। ১১

দশ শূন্যং ভবেদ্যত্র বর্ষং বা গুরুশুক্রয়োঃ।
ক্লেশমাত্রং ভবেত্তস্য জীবনে নাত্র সংশয়ঃ ॥ ১২

যে বৎসরে কোষ্ঠায় দশ শূন্য এবং বৃহস্পতি ও শুক্রের বর্ষ হয়, সেই বৎসরে নানা প্রকার ক্লেশ ও জীবন সংশয় জানিবে। ১২

বিধৌ বিধুন্তুদে যোগে অন্তে চ শূন্য সম্ভবে।
গুরুচন্দ্রশনৌ বর্ষে তথাপি মৃত্যুমাদিশেৎ ॥ ১৩

চন্দ্র ও রাহু যুক্ত হইলে যদি কোষ্ঠায় অন্তে শূন্য এবং বৃহস্পতি, চন্দ্র ও শনির বর্ষ হয়, তবে সেই বৎসরে মৃত্যু জানিবে। ১৩

পিণ্ডে বুধদ্বয়ে শূন্যে জন্মনি দ্বিবুধে কুজে।
কর্ম্মণি শুক্রে দ্বিশূন্যঞ্চ মৃতির্ভবতি নান্যথা ॥ ১৪

পিণ্ড স্বরে দুই বুধ ও শূন্য, জন্ম স্বরে দুই বুধ ও মঙ্গল, এবং কর্ম্ম স্বরে শুক্র ও দুই শূন্য হইলে নিশ্চয় মৃত্যু হইবে। ১৪

আয়ুর্দ্দায়ং যথা রিষ্টং যদুক্তং গ্রহসংগ্রহে।
পাপ যোগে ভবেদ্রিষ্টং শুভযোগে ভবেচ্ছুভং ॥ ১৫

আয়ুর্দ্দায় ও রিষ্ট গণনায় যে রূপ গ্রহ সংস্থাপন উক্ত হইয়াছে তাহাতে পাপ গ্রহ থাকিলে নিশ্চয় রিষ্ট ও শুভগ্রহ থাকিলে শুভ ফল জানিবে। ১৫

ইতি সপ্তশূন্যং।

---

খনা বাক্যং।

সাত শূন্য বহুতর পাপ, তাতে এড়ান নাইরে বাপ।
তিন বুধ দুই মঙ্গল বৈসে, লিখিয়া দশ শূন্য যবে আইসে।
শনিরবিমঙ্গল বৎসর গণনা, সেই বৎসর মরণ বলে খনা।
সোমাদি দুইশূন্য আইসে।, অন্তে চারিমঙ্গল বৈসে।
দুইভিতে গুরু মধ্যে কবি, ছয় শূন্য আদিতে রবি।
পঞ্চস্বরের আগু মঙ্গল পায়, সেই বৎসর এড়িয়া না যায়।
দশ শূন্য মধ্যে দুই কুজা, তিন বুধ লিখিয়া বুঝা।
গুরুচান্দের বৎসর যদি পায়।
সেই বৎসর যম তাকে এড়িয়া না যায়।

---

নানা মতে সপ্তশূন্য আনয়নের সঙ্কেত লিখিত হইয়াছে, এক্ষণে নিম্নে সপ্তশূন্য আনয়নের যে সঙ্কেত লিখিত হইতেছে, তাহাই প্রকৃত কোষ্ঠার সহিত ঐক্য দেখা যাইতেছে।

বয়োরাশিস্বরাঙ্কঞ্চ একীকৃত্য ত্রিধা লিখেৎ
দ্বিচতুস্ত্রিভিগু ণিতং সপ্তাষ্টরসভাজিতং।
স্বরেকস্মিণ পঞ্চাঙ্কং আধানে নবমং তথা
সর্ব্বাঙ্ক ব্যাপিতঃ পিণ্ডে ছিদ্রে শ্রেণী ব্যবস্থিতা॥

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া তিন স্থানে রাখিবে। পরে প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ করিবে, অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। দ্বিতীয় স্থানের অঙ্ককে চারি গুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ দিবে অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপে আদ্য স্বরের কোষ্ঠা প্রস্তুত করিবে।

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক এবং তাহার সহিত ৫ পাঁচ যোগ করিয়া পূর্ব্বমত তিন স্থানে রাখিবে। এবং প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ দিবে, অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। দ্বিতীয় স্থানের অঙ্ককে চারিগুণ করিয়া আট দ্বারা ভাগ করিবে অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিবে, অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপ গণনা করিয়া কর্ম্ম স্বরের কোষ্ঠা প্রস্তুত করিবে।

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক এবং তাহার সহিত ৯ নয় যোগ করিয়া পূর্ব্বমত তিন স্থানে রাখিবে, এবং প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ করিবে, অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। পরে দ্বিতীয় স্থানের অঙ্ককে চারি গুণ করিয়া আট দ্বারা ভাগ করিবে অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। পরে তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিবে অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপ গণনা করিয়া আধান স্বরের কোষ্ঠা প্রস্তুত করিবে।

পিণ্ডস্বরের কোষ্ঠা গণনা করিতে বয়সের, রাশির ও স্বরের অঙ্ক পূর্ব্ববৎ গ্রহণ না করিয়া কেবল মাত্র জন্ম, কর্ম্ম ও আধান স্বরের কোষ্ঠায় যত অঙ্ক লিখিত হইয়াছে ঐ সমস্ত অঙ্ক যোগ করিয়া তিন স্থানে রাখিবে*। পরে প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। দ্বিতীয় স্থানের অঙ্ককে চারিগুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৃতীয় স্থানের অঙ্ককে তিনগুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ দিয়া, অবশিষ্টাঙ্ক চতুর্থ শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপে পিণ্ডস্বরের কোষ্ঠা অঙ্কিত করিবে।

ছিদ্রস্বরে বয়সের অঙ্ক ও রাশির অঙ্ক, স্বরের অঙ্কের সহিত যোগ করিয়া তাহাতে জন্ম, কর্ম্ম, আধান এবং পিণ্ডস্বরের স্থাপিতাঙ্কের প্রথম শ্রেণীর অঙ্ক যোগ করিবে, পরে ঐ যুক্তাঙ্ককে দ্বিগুণ করিয়া তাহাকে ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্টাঙ্ক পঞ্চম শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। পূর্ব্বমত বয়সের, রাশিরও স্বরের অঙ্ক এবং জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ড স্বরের দ্বিতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে চারি গুণ করিবে। পরে তাহাকে আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পঞ্চম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৎপরে বয়সের অঙ্ক, রাশির অঙ্ক, স্বরের অঙ্ক এবং জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ড স্বরের তৃতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিয়া তিন গুণ করিবে। পরে তাহাকে ৬ ছয় দ্বারা ভাগ দিয়া অবশিষ্টাঙ্ক পঞ্চম শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপ প্রক্রিয়া দ্বারা ছিদ্রস্বরের কোষ্ঠা অঙ্কিত করিতে হইবে। সপ্ত শূন্যের লিখিত চৌদ্দটী কোষ্ঠা এই মতে গণনা করিয়া প্রস্তুত হইবে।

---

* পিণ্ডস্বরের কোষ্ঠা গণনাতে কোন কোন জোতির্ব্বিদ্ বয়সের, রাশির ও স্বরাঙ্কের সহিত ১৪ চৌদ্দ যোগ করিয়া পূর্ব্বমত প্রক্রিয়া অনুসারে কোষ্ঠা অঙ্কিত করেন।

## অথ রিষ্টভঙ্গ যোগঃ।

নির্ণীতে রিষ্টবর্ষস্থ প্রাপ্তমঙ্কং সমুচ্চয়ং।
একীকৃত্য শরৈর্হৃত্বা শেষশ্চোদিত মুথ্যকঃ॥ ১

পঞ্চস্বরা মতে রিষ্টবর্ষ নির্ণয় করিয়া সেই বৎসরে সপ্ত শূন্য কোষ্ঠায় যত অঙ্ক থাকিবে সেই সকল অঙ্ক একত্র যোগ করিবে, পরে ঐ যুক্তাঙ্ককে ৫ পাঁচ দিয়া ভাগ করিয়া শেষাঙ্ক দ্বারা রিষ্ট নির্ণয় করিবে॥ ১

একদ্বিত্র্যক শেষে চ ন চ রিষ্টং তদঙ্ককে।
শরবেদ শেষকেরিষ্টং জ্ঞেয়ং রিষ্টস্থ বৎসরে॥ ২

উক্ত রূপে ভাগ করিয়া যদি ১ এক ২ দুই কিম্বা ৩ তিন ভাগ শেষ থাকে তবে সেই বৎসরে রিষ্ট থাকিলেও মৃত্যু হইবে না। আর যদি ৪ চারি বা ৫ পাঁচ ভাগশেষ থাকে তবে সেই বৎসরে নিশ্চয় মৃত্যু জানিবে॥ ২

## অথ মৃত্যু মাস নির্ণয়।

নিশ্চিতে রিষ্টবর্ষে তু মৃত্যুমাসাদিমানয়েৎ।
বয়ো রাশিস্বরাঙ্কঞ্চ পঞ্চভিশ্চ হরেদ্বুধঃ।
শেষসংখ্যস্বরে মাসে মৃত্যুমাসো ন বিস্ময়ঃ॥ ১

রিষ্ট বর্ষ নির্ণয় করিয়া তাহার কোন্ মাসে মৃত্যু হইবে তাহা স্থির করিবে। বয়স, রাশি ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে পাঁচ দিয়া ভাগ করিলে মৃত্যু মাস নিশ্চয় জানা যায়। ভাগ করিয়া যত অবশিষ্ট থাকিবে তত সংখ্যক স্বরে যে যে মাস পঞ্চস্বরা চক্রে দেখিতে পাইবে সেই সেই মাসে মৃত্যু হইবে॥ ১

যদোকমবশিষ্টঞ্চ তদাস্তাহুদিতস্বরে।
যদি দ্বয়ং তদা জ্ঞেয়ং মাসে চ ভ্রমিত স্বরে॥ ২

যদি ১ এক অবশিষ্ট থাকে তবে উদিত স্বরের মাসে মৃত্যু জানিবে। এইরূপ ২ দুই অবশিষ্ট থাকিলে ভ্রমিত স্বরের মাসে, ৩ তিন অবশিষ্ট থাকিলে ভ্রান্তস্বরের মাসে, ৪ চারি অবশিষ্ট থাকিলে সন্ধ্যাস্বরের মাসে, অবশিষ্ট শূন্য হইলে অস্ত স্বরের মাসে মৃত্যু হইবে॥ ২

মতান্তরে।

অস্তস্বরাঙ্কে বর্ষাঙ্কং রাশ্যঙ্কঞ্চ নিয়োজয়েৎ।
পঞ্চাঙ্ক হৃতশেষাঙ্কং সমমাসোঽস্ত কস্ত চ॥ ১

অস্ত স্বরাঙ্কে বয়সের অঙ্ক ও রাশ্যঙ্ক যোগ করিয়া যুক্তাঙ্ককে পাঁচ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা দ্বারা মাস নির্ণয় করিবে। ১

## অথ মৃত্যু তিথি নির্ণয়।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ ঋতুভিঃ পরিশোধয়েৎ।
শেষাঙ্কে চ তিথির্জ্ঞেয়া নন্দাদি ক্রমতো বুধৈঃ॥ ১

বয়স, রাশি ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিলে অবশিষ্ট যাহা থাকিবে তাহা দ্বারা নন্দাদি তিথি নির্ণীত হইবে। এক অবশিষ্ট থাকিলে নন্দাতিথিতে মৃত্যু হইবে, এইরূপে দুই অবশিষ্ট থাকিলে ভদ্রাতিথিতে ৩ তিন অবশিষ্ট থাকিলে জয়া তিথিতে ৪ চারি অবশিষ্ট থাকিলে রিক্তা তিথিতে এবং ৫ পাঁচ অবশিষ্ট থাকিলে পূর্ণাতিথিতে মৃত্যু হইবে॥ ১

মতান্তরে।

বর্ষরাশ্যঙ্ক সংযুক্ত স্ব জন্মাস্তে স্বরাঙ্ককে।
ষড়্‌ভির্হৃতে তু যঃ শেষঃ সা তিথিঃ সাস্তকে স্বরে॥ ১

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক অস্ত স্বরাঙ্কে যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক দ্বারা পূর্ব্ববৎ তিথি নির্ণয় করিবে॥ ১

বয়ো রাশি স্বরাঙ্কে তু হৃতে তু পঞ্চভিশ্চ যৎ।
শেষাঙ্কে নন্দভদ্রাদিস্তিথির্জ্ঞেয়া বিপশ্চিতা॥ ২

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক, ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে পাঁচ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট যাহা থাকিবে তাহা দ্বারা নন্দাভদ্রাদি তিথি নির্ণয় করিবে॥ ২

পুনঃ স্বর বয়ো রাশিং ঋতুভিঃ সংহরেত্ততঃ।
শেষাঙ্ক সদৃশ তিথৌ তত্তিথিনা মৃতির্ভবেৎ॥ ৩

বয়োরাশিস্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক দ্বারা মৃত্যু তিথি নির্ণয় করিবে॥ ৩

মতান্তরে।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ ঋতুভিঃ পরিপূরয়েৎ।
তিথির্হৃত্বাবশিষ্টা তু তিথির্জ্ঞেয়া মৃতিপ্রদা॥ ১

বয়সের অঙ্ক, স্বরাঙ্ক ও রাশির অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা গুণ করিবে পরে ঐ গুণ ফলকে ১৫ পনের দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা দ্বারা মৃত্যু তিথি স্থির হইবে। যথা ১ এক অবশিষ্ট থাকিলে প্রতিপৎ ২ দুই অবশিষ্ট থাকিলে দ্বিতীয়া, ৩ তিন অবশিষ্ট থাকিলে তৃতীয়া ইত্যাদি ॥ ১

তিথিবারে তু নির্ণীতে বলাবল বসাদ্বিধোঃ।
দেয়মেকং হেয়মেকং বর্ষে বা তিথিসংগ্রহে।
ন দেয়ং বাপি হেয়ম্বা বলে মধ্যে বিধোস্তদা ॥ ২

মৃত্যুর তিথি বারাদি নির্ণয় করিয়া চন্দ্রের বলাবল বিবেচনায় মৃত্যু নিশ্চয় করিবে। গণিত তিথি বারাদি মিলিত না হইলে এক যোগ বা বিয়োগ করিয়া যাহাতে মিলন হয় এইরূপ করিয়া লইতে হইবে। কিন্তু যখন চন্দ্র মধ্য বল থাকিবে তখন আর যোগ বা বিয়োগ কিছুই করিতে হইবে না ॥ ২

## অথ চন্দ্রবলসাধনং।

মাসে তু শুক্লপ্রতিপৎ প্রবৃত্তে পূর্ব্বেশশী মধ্যবলো দশাহে।
শ্রেষ্ঠো দ্বিতীয়েঽল্পবলস্তৃতীয়ে সৌম্যৈস্তু দৃষ্টো বলবান্ সদৈব ॥১

শুক্ল প্রতিপৎ হইতে দশ দিবস অর্থাৎ শুক্লা দশমী পর্য্যন্ত চন্দ্র মধ্য বল, শুক্লাএকাদশী হইতে দশ দিবস অর্থাৎ কৃষ্ণা পঞ্চমী পর্য্যন্ত চন্দ্র পূর্ণ বল, কৃষ্ণাষষ্ঠী হইতে দশ দিবস অর্থাৎ অমাবস্যা পর্য্যন্ত চন্দ্র হীন বল থাকেন ॥ ১

## রিষ্ট নির্ণয়।

গণিত্বা রিষ্টবর্ষস্তু নবাঙ্কং তত্র যোজয়েৎ।
পঞ্চভিশ্চ হৃতে শেষে শূন্যে বেদে মৃতির্ভবেৎ ॥ ১

পঞ্চস্বরা গণনা মতে বয়সের যত বৎসরে রিষ্ট হইবে তত অঙ্কে নয় অঙ্ক যোগ করিবে। পরে ঐ যুক্তাঙ্ককে পাঁচ দিয়া ভাগ করিলে যদি চারি বা শূন্য অবশিষ্ট থাকে তবে সেই বৎসরে নিশ্চয় মৃত্যু হইবে ॥ ১

## অথ মৃত্যু বার নির্ণয়।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ পর্ব্বতৈঃ পরিশোধয়েৎ।
শেষাঙ্ক সমবারে চ মৃত্যুর্ভবতি নান্যথা ॥ ১

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৭ সাত দিয়া ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক দ্বারা মৃত্যু বার নির্ণীত হইবে। যথা এক অবশিষ্ট থাকিলে রবিবারে মৃত্যু হইবে এইরূপে ২ দুই অবশিষ্ট থাকিলে সোমবারে, তিন অবশিষ্ট থাকিলে মঙ্গলবারে, ৪ চারি অবশিষ্ট থাকিলে বুধবারে, ৫ পাঁচ অবশিষ্ট থাকিলে বৃহস্পতি বারে; ৬ ছয় অবশিষ্ট থাকিলে শুক্র বারে এবং শূন্য অবশিষ্ট থাকিলে শনি বারে মৃত্যু হইবে, ॥ ১

## অথ মৃত্যুনক্ষত্রলগ্নজ্ঞানং।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ পঞ্চভিঃ পরিশোধয়েৎ।
শেষাঙ্ক স্বর তুল্যে তু লগ্নে নক্ষত্রকে মৃতিঃ ॥ ১

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে পাঁচ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক দ্বারা নক্ষত্র ও লগ্ন স্থির করিবে। এক অবশিষ্ট থাকিলে উদিত স্বরের লগ্ন ও নক্ষত্রে মৃত্যু হইবে এবং দুই অবশিষ্ট থাকিলে ভ্রমিত স্বরের নক্ষত্রে ও লগ্নে মৃত্যু জানিবে ইত্যাদি ॥ ১

মতান্তরে স্বরাঙ্কাঃ।

ব্যোমেষু চন্দ্রং শরবাণচন্দ্রং বেদাঙ্কচন্দ্রং।
স্বরযুগ্মচন্দ্রং শূন্যাঙ্কযুগ্মং কথিতাঃ স্বরাঙ্কাঃ ॥১

মতান্তরে এইরূপ স্বরাঙ্ক গৃহীত হয় যথা,—অস্বরে ১৫০ এক শত পঞ্চাশ, ইস্বরে ১৫৫ এক শত পঞ্চান্ন, উস্বরে ১৯৪ এক শত চোরনব্বই, এস্বরে ১২৫ এক শত পঁচিশ, ও স্বরে ২৯০ দুই শত নব্বই।

সপ্তশূন্যাদি গণনায় বৃষাদি রাশি গ্রহণ করিয়া কার্য্য করিবে কোন কোন মতে মেষাদি রাশিও গৃহীত হইয়া থাকে।

## অথ পঞ্চস্বরা দশা নির্ণয়।

তস্মাদ্দ্বাদশ বর্ষাণি পৃথক্ প্রতিস্বরে ন্যসেৎ।
বর্ষদ্বয়ং বেদমাসাশ্চতুর্ব্বিংশতি বাসরাঃ।
অন্তর্দশাস্তু জ্ঞাতব্যা উদিতানাং যথা ক্রমাৎ।
প্রত্যন্তরে দশা জ্ঞেয়াঃ পঞ্চমাসাস্ততঃ পরং।

দ্বাবিংশতি দিনং দণ্ডাশ্চত্বারিংশদগজাধিকাঃ।
তস্মাদ্বর্ষং বিজানীয়াদ্বর্ষাম্মাসো ভবেৎ পুনঃ।
মাসদ্বয়ং বিধাতব্যং দিনঞ্চ দ্বাদশোত্তরং ॥ ১

প্রত্যেক স্বরের দশা ভোগের কাল ১২ দ্বাদশবৎসর সুতরাং জন্মাবধি বার বার বৎসর করিয়া উদিতাদি এক এক স্বরের দশা হইয়া থাকে। এক এক স্বরের অন্তরে সকল স্বরের অন্তর্দ্দশা হয়, তাহার পরিমাণ ২ বৎসর ৪ চারি মাস ২৪ চব্বিশ দিন। এবং উক্ত স্বর সকলের প্রত্যন্তর্দ্দশা ভোগের কাল ৫ পাঁচ মাস ২২ বাইশ দিন ৪৮ আটচল্লিশ দণ্ড।

যথা,—জন্মের প্রথম দ্বাদশ বৎসর পর্য্যন্ত উদিত বা বাল্যাবস্থা বলা যায়। ত্রয়োদশ বৎসর হইতে চতুর্ব্বিংশতি বৎসর পর্য্যন্ত ভ্রমিত বা কৌমারাবস্থা, পঞ্চবিংশতি বৎসর হইতে ছত্রিশ বৎসর পর্য্যন্ত ভ্রমিত বা যৌবনাবস্থা, সাইত্রিশ বৎসর হইতে আটচল্লিশ বৎসর পর্য্যন্ত সন্ধ্যা বা বৃদ্ধাবস্থা ঊনপঞ্চাশ বৎসর হইতে ষাইট বৎশর পর্য্যন্ত অস্ত বা মৃতাবস্থা বলা যায়।

ষাইট বৎসর পরে পুনর্ব্বার উদিতাদি অবস্থা হইয়া থাকে।

প্রতিস্বর যে দ্বাদশ বৎসর করিয়া এক এক অবস্থা ভোগ করেন, তাহাকে ঐ ঐ স্বরের স্থূল দশা বলা যায়।

ঐ স্থূল দশাকে পঞ্চ ভাগ করিলে তাহার প্রত্যেক ভাগে ২ বৎসর ৪ চারি মাস ২৪ চব্বিশ দিন করিয়া অন্তর্দ্দশার কাল হয়, অতএব উদিতস্বরের স্থূল দশা যে ১২ বার বৎসর উল্লেখ করা হইল তাহার মধ্যে ঐ উদিত স্বরের নিজ অন্তর্দ্দশা দুই বৎসর চারি মাস চব্বিশ দিন, তৎপরে চারি বৎসর নয় মাস আঠার দিন পর্য্যন্ত উদিত স্বরের দশার অন্তরে ভ্রান্ত স্বরের ভোগের কাল, ঐ সময় হইতে সাত বৎসর ২ মাস বার দিন পর্য্যন্ত উদিত স্বরের দশার অন্তরে ভ্রমিত স্বরের ভোগের কাল প্রাপ্ত হয়। তৎপরে নয় বৎসর সাত মাস ছয় দিন পর্য্যন্ত উদিত স্বরের দশার অন্তরে সন্ধ্যা স্বরের ভোগের কাল হইয়া থাকে। ঐ সময় হইতে দ্বাদশ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত উদিত স্বরের দশার অন্তরে অস্ত স্বরের ভোগের কাল হইয়া থাকে।

ঐ অন্তর্দ্দশার কাল ২ বৎসর ৪ চারি মাস ২৪ চব্বিশ দিনকে পাচ ভাগ করিলে ৫ পাঁচ মাস ২২ বাইশ দিন ৪৮ আটচল্লিশ দণ্ড প্রত্যন্তর্দ্দশার কাল হয়। অতএব প্রথমে ৫ মাস ২২ দিন ৪৮ দণ্ড পর্য্যন্ত উদিত স্বরের দশায় উদিত স্বরের অন্তরে উদিত স্বরের প্রত্যন্তর্দ্দশা কাল। তৎপরে ১১ মাস ১৫ দিন ৩৬ দণ্ড পর্য্যন্ত উদিত স্বরের দশায় উদিত স্বরের অন্তরে ভ্রমিত স্বরের প্রত্যন্তর্দ্দশা, ঐ সময় হইতে এক বৎসর পাঁচ মাস আট দিন ২৪ চব্বিশ দণ্ড পর্য্যন্ত উদিত স্বরের দশা ও অন্তরে ভ্রান্ত স্বরের প্রত্যন্তর্দ্দশা কাল হয়। তৎপরে ১ এক বৎসর ১১ এগার মাস ১ এক দিন ১২ বার দণ্ড পর্য্যন্ত উদিত স্বরের দশা ও অন্তরে সন্ধ্যা স্বরের প্রত্যন্তর্দ্দশা কাল, অনন্তর ২ দুই বৎসর ৪ চারি মাস ২৪ চব্বিশ দিন পর্য্যন্ত উদিত স্বরের দশা ও অন্তরে অস্ত স্বরের প্রত্যন্তর্দ্দশা কাল হইয়া থাকে ॥ ১

এবং ক্রমেণ বোদ্ধব্যং বর্ষভাগঞ্চ পঞ্চ চ।
কার্ত্তিকান্তে দিনং গ্রাহ্যং নবভাগে যথা তথা।
মার্গপৌষৌ তদা দেয়ৌ মাঘস্য চ দিনত্রয়ং।
এবং ক্রমেণ দাতব্যং বর্ষপূর্ণো ভবেদ্যথা।
তস্মাদ্বর্ষো ভবেন্মাসো হ্যতশ্চ স্বরপঞ্চকে।
চতুর্ব্বিংশতি দণ্ডাশ্চ চতুর্দ্দশ দিনানি চ ॥ ২

প্রত্যেক স্বরের ৭২ বাহাত্তর দিন করিয়া ভোগের কাল হয়, যথা যাহাদিগের নামের আদ্যক্ষর অ কা ছা ডাদি হইবে তাহাদিগের পক্ষে কার্ত্তিক মাসের শেষ নয় দিন অগ্রহায়ণ ও পৌষ সমস্ত এবং মাঘ মাসের ৩ তিন পর্য্যন্ত উদিত স্বরের ভোগের কাল, তৎপরে মাঘ মাসের ২৭ সাতাইশ দিন ফাল্গুন সমস্ত ও চৈত্রের ১৫ দিন এই ২ দুই মাস ১২ বার দিন ভ্রমিত স্বরের ভোগ কাল, চৈত্রের শেষ ১৫ দিন বৈশাখ সমস্ত ও জ্যৈষ্ঠের ২৭ দিন এই ৭২ বাহাত্তর দিন ভ্রান্ত স্বরের ভোগ কাল, জ্যৈষ্ঠের ৩ তিন দিন আষাঢ় ও শ্রাবণের সমস্ত ও ভাদ্রের ৯ দিন এই ৭২ বাহাত্তর দিন সন্ধ্যা

স্বরের ভোগ কাল, ভাদ্রের ২১ দিন আশ্বিন সমস্ত ও কার্ত্তিকের ২১ দিন এই বাহাত্তর দিন অন্ত স্বরের ভোগ কাল হইয়া থাকে। এই রূপে নামের আদ্য অক্ষর দৃষ্টে গণনা করিয়া লইবে।

এই বাহাত্তর দিনকে পাঁচ ভাগে বিভক্ত করিলে ১৪ চৌদ্দদিন ২৪ চব্বিশ দণ্ড করিয়া ঐ স্বরের অন্তরে পঞ্চস্বরের ভোগ কাল হয়। যথা কার্ত্তিক মাসের শেষ নয় দিন ও অগ্রহায়ণের ৫ পাঁচ দিন ২৪ চব্বিশ দণ্ড পর্য্যন্ত উদিতের অন্তরে উদিত স্বরের উদয় হইয়া থাকে। তৎপরে অগ্রহায়ণের ১৯ দিন ৪৮ দণ্ড পর্য্যন্ত উদিতের অন্তরে ভ্রমিতের ভোগ কাল, তৎপরে অগ্রহায়ণের ১০ দিন ১২ দণ্ড পৌষের ৪ দিন ১২ দণ্ড পর্য্যন্ত উদিতের অন্তরে ভ্রান্তস্বরের ভোগ কাল। তৎপরে পৌষ মাসের ১৮ দিন ৩৬ দণ্ড পর্য্যন্ত উদিতের অন্তরে সন্ধ্যা স্বরের ভোগ কাল। তৎপরে পৌষের ১১ দিন ২৪ দণ্ড ও মাঘ মাসের ৩ দিন পর্য্যন্ত উদিতের অন্তরে অন্তস্বরের ভোগ কাল এইরূপে ভ্রমিতাদি স্বরের গণনা করিবে। পঞ্চস্বরামতে রাশ্যাদিরও এইরূপ ভাগ আছে তাহা নিম্ন লিখিত চক্র দৃষ্টে জানিতে পারিবে ॥২

---

অথ সঙ্কেতকোষ্ঠানয়নম্।

বয়োরাশিস্বরাশ্চৈব মনুশিষ্টাশ্চ কোষ্টকাঃ।

সপ্তশূন্য চক্রে চতুর্দ্দশ কোষ্ঠা অঙ্কিত করা হইয়াছে, ঐ চতুর্দ্দশ কোষ্ঠা দ্বারাই বয়সের সমস্ত বৎসরের ফল জানিতে পারিবে। কোন্ ব্যক্তির কোন্ বৎসরে কোন কোষ্ঠা দৃষ্টে ফল নির্ণয় করিবে তাহা বলা যাইতেছে।

যাহার যে বৎসরের গণনা করিতে হইবে তাহার সেই বৎসরে বয়সের অঙ্ক, জন্ম রাশির অঙ্ক ও স্বীয় স্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ১৪ চৌদ্দ দ্বারা ভাগ করিলে যত অঙ্ক অবশিষ্ট থাকিবে তত সংখ্যক কোষ্ঠায় সেই বৎসরে ফল জানিতে হইবে। পঞ্চস্বরা মতে গণনা কালে বৃষাদি রাশি গ্রহণ করিতে হইবে।

নিম্নে উমানামক একটী চক্র অঙ্কিত করা হইল এই চক্র দৃষ্টে গণনা না করিয়াও সহজে সাধারণের সপ্তশূন্য কোষ্ঠার ফল নির্ণীত হইবে।

এই চক্রের উপরিভাগে বয়সের অঙ্ক, বয়সের অঙ্কের নিম্নে সপ্তশূন্য কোষ্ঠার অঙ্কের সংখ্যা। ঐ অঙ্কের বামদিগে ৫ পাঁচটী স্তম্ভে উদিতাদি স্বরের নামে অকারাদি বর্ণ এবং রাশির নাম লিখিত হইয়াছে। অতএব উদিতাদি স্বর, স্বীয় রাশি ও বয়স জানিয়া ঐ চক্রে দৃষ্টি করিলেই বয়সের কোন্ বৎসরে চৌদ্দ কোষ্ঠার মধ্যে কোন্ কোষ্ঠা পতন হইবে তাহা জানিতে পারিবে।

যে মতে ৮১ একাশী ইত্যাদি স্বরাঙ্ক গ্রহণ করিয়া সপ্তশূন্য কোষ্ঠা অঙ্কিত করিয়া গণনা করা হয়, সেই মতে এক কোষ্ঠা, এবং যে মতে এক দুই ইত্যাদি স্বরাঙ্ক গ্রহণ করিয়া গণনা করা হয়, সেই মতে এক কোষ্ঠা এই দুই মতের দুই কোষ্ঠা অঙ্কিত করিয়া প্রকাশ করা গেল ইতি।

যথা—যদি কোন ব্যক্তির নামের আদ্যক্ষর অকার স্বর, রাশি বৃষ, বয়স ১ এক হয়, তাহা হইলে এই চক্রে তাহার বয়সের প্রথম বর্ষ সপ্তশূন্য চক্রের ত্রয়োদশ কোষ্ঠা, দ্বিতীয় বর্ষে চতুর্দ্দশ কোষ্ঠা, তৃতীয় বর্ষে প্রথম কোষ্ঠা পতন হইবে। এইরূপে চতুর্থ বর্ষাদির কোষ্ঠা ক্রমে জানিতে পারিবে।

যথা—যাহাদিগের নামের আদ্যক্ষর ( ই খ জ ঢ ন ম স) ইহার মধ্যে কোন অক্ষর এবং রাশি মকর হইবে তাহাদিগের নাম প্রথম বর্ষে উমাচক্রের প্রথম স্তম্ভে ১৩ সংখ্যক অর্থাৎ সপ্ত শূন্যের ১৩ কোষ্ঠা পড়িবে, ১৪ বর্ষে ১৪ স্তম্ভে ১২ সংখ্যক অর্থাৎ সপ্তশূন্য চক্রের ১২ কোষ্ঠা পতিত হইবে। যাহাদিগের নামের আদ্যক্ষর উকার স্বর এবং রাশি কর্কট ও যাহাদিগের নামের আদ্যক্ষর একার স্বর এবং রাশি মীন ও যাহাদিগের নামের আদ্যক্ষর ওকারস্বর এবং রাশি কন্যা হইবে তাহাদিগের বয়সের প্রথম বর্ষে ১৩ অঙ্ক অর্থাৎ সপ্তশূন্য চক্রের ১৩ সংখ্যক কোষ্ঠার অঙ্ক পতিত হইবে। ঐরূপ ক্রমে রাশি ও স্বর দৃষ্টে উপদেশানুসারে বিনাপরিশ্রমে সপ্তশূন্য গণনা করিতে পারিবেন।

# শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কৃত উমা চক্র।

| …ত | ভ্রমিত | ভ্রান্ত | সন্ধ্যা | অস্ত | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ৮৭ | ৯৩ | ৯৯ | ১০৫ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
| | ই | উ | এ | ও | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ |
| | ঈ | ঊ | ঐ | ঔ | ৪৩ | ৪৪ | ৪৫ | ৪৬ | ৪৭ | ৪৮ | ৪৯ | ৫০ | ৫১ | ৫২ | ৫৩ | ৫৪ |
| | খ | গ | ঘ | চ | ৫৭ | ৫৮ | ৫৯ | ৬০ | ৬১ | ৬২ | ৬৩ | ৬৪ | ৬৫ | ৬৬ | ৬৭ | ৬৮ |
| | ঞ | ঝ | ট | ঠ | ৭১ | ৭২ | ৭৩ | ৭৪ | ৭৫ | ৭৬ | ৭৭ | ৭৮ | ৭৯ | ৮০ | ৮১ | ৮২ |
| | ঢ | ত | থ | দ | ৮৫ | ৮৬ | ৮৭ | ৮৮ | ৮৯ | ৯০ | ৯১ | ৯২ | ৯৩ | ৯৪ | ৯৫ | ৯৬ |
| | ন | প | ফ | ব | ৯৯ | ১০০ | ১০১ | ১০২ | ১০৩ | ১০৪ | ১০৫ | ১০৬ | ১০৭ | ১০৮ | ১০৯ | ১১০ |
| | ম | য | র | ল | ১১৩ | ১১৪ | ১১৫ | ১১৬ | ১১৭ | ১১৮ | ১১৯ | ১২০ | ১২১ | ১২২ | ১২৩ | ১২৪ |
| | শ | ষ | স | হ | * | * | * | * | * | * | * | * | * | * | * | * |
| নামের আদিম | নামের আদিম অক্ষর হইলে | নামের আদিম অক্ষর হইলে | নামের আদিম অক্ষর হইলে | নামের আদিম অক্ষর হইলে | | | | | | | | | | | | |
| বৃষ …স্বর৮১ | মকর ইস্বর ৮৭ | কর্কট উস্বর ৯৩ | মীন এস্বর ৯৯ | কন্যা ওস্বর ১০৫ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| …থুন …স্বর | কুম্ভ ইস্বর | সিংহ উস্বর | মেষ এস্বর | তুলা ওস্বর | ১৪ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| …র্কট …স্বর | মীন ইস্বর | কন্যা উস্বর | | বিছা ওস্বর | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| …ংহ …স্বর | মেষ ইস্বর | তুলা উস্বর | | ধনু ওস্বর | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| …ন্যা …স্বর | | বিছা উস্বর | বৃষ এস্বর | মকর ওস্বর | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| …লা …স্বর | | ধনু উস্বর | মিথুন এস্বর | কুম্ভ ওস্বর | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ |
| …ছা …স্বর | বৃষ ইস্বর | মকর উস্বর | কর্কট এস্বর | মীন ওস্বর | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ |
| …নু …স্বর | মিথুন ইস্বর | কুম্ভ উস্বর | সিংহ এস্বর | মেষ ওস্বর | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ |
| …কর …স্বর | কর্কট ইস্বর | মীন উস্বর | কন্যা এস্বর | | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ | ৪ |
| …ম্ভ …স্বর | সিংহ ইস্বর | মেষ উস্বর | তুলা এস্বর | | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| …ন …র | কন্যা ইস্বর | | বিছা এস্বর | বৃষ ওস্বর | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| …ষ …র | তুলা ইস্বর | | ধনু এস্বর | মিথুন ওস্বর | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | বিছা ইস্বর | বৃষ উস্বর | মকর এস্বর | কর্কট ওস্বর | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | ধনু ইস্বর | মিথুন উস্বর | কুম্ভ এস্বর | সিংহ ওস্বর | ১২ | ১৩ | ১৪ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে

চ ম বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও

ম কে বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে

বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে

চ ম বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র

ম কে বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে

বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু

বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র

ম কে বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে

ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু

শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র চ

ম কে বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে

শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ

শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র চ ম

ম কে বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে

রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও

বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র চ ম বু

ম কে বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে

র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ

রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র চ ম বু শ

কে বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও

ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা

কে ও র চ ম বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ

বৃ চ কে ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা

চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা

র চ ম বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ

ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে

বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা র

চ ম বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা

ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে

বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম

ম বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে

ও রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে

ও শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে

বু শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও

রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে শ

শ রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ

শ বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র

রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে শ

রা র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু

বৃ রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র চ ম

রা কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে শ

র ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ

রা কে ও র চ ম বু শ বৃ রা কে ও র চ ম

কে শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে শ র

ম কে চ বু বৃ ও শ রা র ম কে চ বু বৃ ও শ

কে ও বৃ চ ম বু শ বৃ রা কে ও র চ ম বৃ শ

শ র কে বু ম কে বৃ চ কে ও রা কে শ র কে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গুরুকুণ্ডলী | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে |
| কেতুপতাকী | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু |
| কেতুকুণ্ডলী | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু |
| গুরুকুণ্ডলী | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ |
| কেতুপতাকী | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র |
| কেতুকুণ্ডলী | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু |
| গুরুকুণ্ডলী | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু |
| কেতুপতাকী | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ |
| কেতুকুণ্ডলী | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু |
| গুরুকুণ্ডলী | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ |
| কেতুপতাকী | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম |
| কেতুকুণ্ডলী | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু | ম |
| গুরুকুণ্ডলী | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু |
| কেতুপতাকী | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু |
| কেতুকুণ্ডলী | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু | ম |
| গুরুকুণ্ডলী | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ |
| কেতুপতাকী | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ |
| কেতুকুণ্ডলী | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে |
| গুরুকুণ্ডলী | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা |
| কেতুপতাকী | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ |
| কেতুকুণ্ডলী | শ | র | কে | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | [illegible] | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ |
| গুরুকুণ্ডলী | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | [illegible] | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র |
| কেতুপতাকী | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা | [illegible] | র | চ | ম | বু | শ | বৃ | রা | কে | শু | র | চ | ম | বু | শ | বৃ | রা |
| কেতুকুণ্ডলী | শ | র | কে | র | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | [illegible] | বু | ম | কে | বৃ | চ | কে | শু | রা | কে | শ | র | কে | বু | ম | কে | বৃ |
| গুরুকুণ্ডলী | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম | কে | চ | বু | বৃ | শু | শ | রা | র | ম |

## সন্ধ্যায়াঃ।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বার | জ্যৈষ্ঠস্য দি, | দ্বাদশবর্ষাণাং বিভাগাঃ | ইজা ২।৪।২৪।০ | ইজা ৭।২।১২।০ | মাস বিভাগঃ |
| শনি | শেষঃ ৩ | সন্ধ্যায়াঃ ২।৪।২৪ | সঅঅ ০।৫।২২।৪৮ | সভূভূ ০।৫।২২।৪৮ | সন্ধ্যায়াং দিনং দণ্ডং |
| শেষঃ ০।৪৮ | আষাঢ়স্য ১।০ | অস্তস্য ২।৪।২৪ | সঅউ ০।৫।২২।৪৮ | স ,, ভূা০।৫।২২।৪৮ | জ্যৈষ্ঠস্য ০।৩।০।০ |
| রবি ০।৩৬ | শ্রাবণস্য ১।০ | উদিতস্য ২।৪।২৪ | সঅভূ ০।৫।২২।৪৮ | স ,, স ০।৫।২২।৪৮ | আষাঢ়স্য০ ।১১।২৪।০ |
| বিছায়াঃ ৬ | ভাদ্রস্যাদি ৯ | ভূমিতস্য২।৪।২৪ | সঅভূা ০।৫।২২।৪৮ | স ,, অ ০।৫।২২।৪৮ | [illegible]স্য |
| ভাগাঃধনুঃ ১ | | ভূামিতস্য২।৪।২৪ | সঅস ০।৫।২২।৪৮ | স ,, উ ০।৫।২২।৪৮ | আষাঢ়স্য ০।১৪।২৪।০ |
| মকরস্য ৬ | | এবং বর্ষ ১২।০।০ | এবং বর্ষ ২।৪।২৪ | ২।৪।২৪।০ | উদিতস্য |
| ভাগাঃ | | সসস ০।৫।২২।৪৮ | সউউ ০।৫।২২।৪৮ | সভূাভূা০।৫।২২।৪৮ | আষাঢ়স্য ০।৪।১২।০ |
| বর্ষাঃ মাস | সমুচ্চয়াঙ্ক ৯৯ | সসঅ ০।৫।২২।৪৮ | সউভূ০।৫।২২।৪৮ | স ,, স ০।৫।২২।৪৮ | শ্রাবণস্য ০।১০।১২।০ |
| ৩৭।৩৮।৩৯।৪০ | | সসউ ০।৫।২২।৪৮ | সউভূা০।৫।২২।৪৮ | স ,, অ ০।৫।২২।৪৮ | ভূমিতস্য ১৪।২৪।০ |
| ৪১।৪২।৪৩।৪৪ | | সসভূ ০।৫।২২।৪৮ | সউস ০।৫।২২।৪৮ | স ,, উ ০।৫।২২।৪৮ | শ্রাবণস্য |
| ৪৫।৪৬।৪৭।৪৮ | | সসভূা ০।৫।২২।৪৮ | সউঅ ০।৫।২২।৪৮ | স ,, ভূ ০।৫।২২।৪৮ | ভূামিতস্য ০।৫।২৪।০ |
| বর্ষ ১২।০ | | ২।১২।২।৪।২৪ সন্ধ্যায়াবৃদ্ধস্য | ২।৪।২৪।০ | ২।৪।২৪।০ | ভাদ্রস্য ৯ দিন |
| বর্ষ ১২ | | | ৭।২।১২।০ | ১২।০।০ | ১২ দিনং |

## অস্তস্য।

| | | | | |
|---|---|---|---|---|
| বার দণ্ড | দ্বাদশ বর্ষঃ বিভাগঃ | ইজা ২।৪।২৪ | ইজা ৭।২।১২।০ | মাসবিভাগঃ |
| রবি শেষঃ ০।২৪ | অ অস্তস্য ২।৪।২৪।০ | অউউ ০।৫।২২।৪৮ | অভূাভূা ০।৫।২২।৪৮ | অস্তস্য |
| সোমঃ - ১।০ | অ উদিতস্য ২।৪।২৪।০ | অউভূ ০।৫।২২।৪৮ | অ ,, স ০।৫।২২।৪৮ | ভাদ্রস্য ১৪।২৪।০ |
| মকরস্য ভাগাঃ৩ | অ ভূমিতস্য২।৪।২৪।০ | অউভূা ০।৫।২২।৪৮ | অ ,, অ ০।৫।২২।৪৮ | উদিতস্য |
| কুম্ভ মীন ২।০ ভাগাঃ | অ ভূামিতস্য২।৪।২৪।০ | অউস ০।৫।২২।৪৮ | অ ,, উ ০।৫।২২।৪৮ | ভাদ্রস্য ৬।৩৬।০ |
| বর্ষঃ ৪৯।৫০।৫১ | অ সন্ধ্যায়াঃ ২।৪।২৪।০ | অউঅ ০।৫।২২।৪৮ | অ ,, ভূ ০।৫।২২।৪৮ | আশ্বিনস্য ৭।৪৮।০ |
| ৫২।৫৩।৫৪।৫৫।৫৬ | | | | ভূমিতস্য |
| ৫৭।৫৮।৫৯।৬০।০ | এবং বর্ষ ১২।০ | ২।৪।২৪ | ২।৪।২৪।০ | আশ্বিনস্য ১৪।২৪।০ |
| ভাদ্রস্য শেষঃ ২১ দিনং | প্রত্যন্তরস্য | অভূভূ ০।৫।২২।৪৮ | অসস ০।৫।২২।৪৮ | ভূামিতস্য |
| আশ্বিন ১।০কার্তিকস্য ২১ | অঅঅ ০।৫।২২।৪৮ | অ ,, ভূা ০।৫।২২।৪৮ | অসঅ ০।৫।২২।৪৮ | আশ্বিনস্য ৭।৪৮।০ |
| | অঅউ০।৫।২২।৪৮ | অ ,, স ০।৫।২২।৪৮ | অসউ ০।৫।২২।৪৮ | কার্তিকস্য ৬।৩৬।০ |
| | অঅভূ ০।৫।২২।৪৮ | অ ,, অ ০।৫।২২।৪৮ | অসভ্র ০।৫।২২।৪৮ | সন্ধ্যায়াঃ |
| | অঅভূা ০।৫।২২।৪৮ | অ ,, উ ০।৫।২২।৪৮ | অসভূা ০।৫।২২।৪৮ | কার্তিকস্য ১৪।২৪।০ |
| | অঅস ০।৫।২২।৪৮ | | | |
| | সমুচ্চয়াঙ্ক ১০৫ | ২।৪।২৪।০ | ২।৪।২৪ | |
| ২।১২ | ২।৪।২৪।০ | ৭।২।১২ | ১২।০।০ | ২।১২ |

জন্মঋক্ষং নবভিঃ পূর্ণং বর্ষং তত্র নিয়োজয়েৎ।
একীকৃত্য ত্রিভিঃ পূর্ণং সপ্তবিংশতিভির্হরেৎ।
দশসূর্য্যনৃপঞ্চাত্বষ্টাদশ জন্মনি।
নরাণাং মরণং তত্র বৎসরে নাত্র সংশয়ঃ॥ ১॥

জন্ম নক্ষত্রাঙ্ককে ৯ নয় দিয়া গুণ করিয়া গুণ ফলে [illegible]সরের অঙ্ক যোগ করিতে হইবে, পরে ঐ যুক্তাঙ্ককে তিন [illegible]য়া গুণ করিয়া ২৭ সাতাইশ দ্বারা ভাগ করিবে, এইরূপ ভাগ করিয়া যদি ১০ দশ, ১২ বার, ১৬ ষোল, ১৫ পনের ৩ তিন, ১৮ আঠার কিম্বা শূন্য অবশিষ্ট থাকে, তবে সেই বৎসরে তাহার নিশ্চয় মৃত্যু হইবে। ১

স্ব নক্ষত্রং বর্ষযুতং রবিযুক্তং ত্রিতাড়িতম্।
সপ্তবিংশ হৃতং শেষং জ্ঞেয়ং সর্ব্ব শুভাশুভম্॥
ঊনবিংশে পঞ্চবিংশে ত্রিদশাদিকষোড়শে।
অবশেষে ভবেন্মৃত্যুর্নাত্র কার্য্যা বিচারণা॥ ২॥

স্বীয় জন্ম নক্ষত্রে বয়সের অঙ্ক যোগ করিয়া তাহাতে ১২ বার মিসাইবে, পরে ঐ মিলিত অঙ্ককে ৩ তিন দ্বারা গুণ করিয়া গুণ ফলকে ২৭ সাতাইশ দ্বারা ভাগ করিয়া যদি ১৯ উনিশ, ২৫ পঁচিশ, ৩ তিন, ১০ দশ, কিম্বা ১৬ ষোল অবশিষ্ট থাকে তবে সেই বৎসরে মৃত্যু জানিবে। ২

এক হীনং শকং কৃত্বা দ্বিগুণং কারয়েৎ ততঃ।
বার নক্ষত্র তিথিভিঃ পূরয়েত্তদনন্তরম্।
অষ্টোত্তরশতেনৈব হৃতমায়ুর্ব্বিনির্দ্দিশেৎ॥ ৩॥

যে শকে জন্ম হইয়াছে সেই অঙ্ক হইতে এক বিয়োগ করিয়া তাহাকে ২ দুই দিয়া গুণ করিবে, পরে ঐ গুণ ফলকে বার, নক্ষত্র ও তিথির অঙ্ক দ্বারা গুণ করিয়া ১০৮ একশত আট দ্বারা ভাগ করিলে যত অবশিষ্ট থাকিবে, তত বৎসর পরমায়ু জানিবে। ৩

খনা।

একে উণ শাকে দুন তিথি নক্ষত্র দিয়া গুণ।
অষ্টোত্তরশতে হরিলে রহে যে আয়ুঃ প্রমাণ জানিবে সে।

শাকঞ্চ ঋক্ষং তিথিবার রাশিম্।
খনাগশেষো হৃতলব্ধ ভাগং।
বর্ষাণি মাসাস্তিথয়ঃ ক্রমেণ।
সঙ্কেত বিদ্যা গুরু বক্ত্র গম্যা॥ ৪॥

অস্যার্থঃ—স্বকীয় শাক ঋক্ষতিথি বাররাশীনামঙ্কং গৃহীত্বা অশীত্যা হরেৎ ততোবর্ষঃ। দ্বাদশহৃতে মাসঃ॥ ত্রিংশতাহৃতে তিথিঃ॥

খনা।

শকের দ্বিগুণ, একে উণ তিথি নক্ষত্র বারে গুণ।
বসু শতে হরিয়া চাই আয়ু প্রমাণ সেই পাই।

জন্মর্ক্ষ সহিতং শাকং জন্মদণ্ডেন তাড়িতম্।
অষ্টোত্তর শতৈর্হৃত্বা শেষমায়ুর্ব্বিনির্দ্দিশেৎ॥ ৪॥

শকাব্দাঙ্কের সহিত জন্ম নক্ষত্রাঙ্ক যোগ করিয়া যত দণ্ডের সময়ে জন্ম হইয়াছে তত অঙ্ক দ্বারা গুণ করিয়া গুণ ফলকে ১০৮ একশত আট দ্বারা ভাগ করিলে যত অবশিষ্ট থাকিবে তত বৎসর পরমায়ু জানিবে।

খনা।

কিসের তিথি কিসের বার জন্ম নক্ষত্র কর সার।
কিকর শশুরা মতিহীন পলকে জীবন বার দিন।

লগ্নাদি কেন্দ্র নবপঞ্চমরাশিজাঙ্কম্।
তদ্গেহ সংস্থং খচরাভি জাতং।
একীকৃতং দিনকরা ফলিতং হরিদ্ভি-
র্হার্য্যং ততোঽপি রবিণা পরিপূর্ণমায়ুঃ।
বালঃ কুমারস্তরুণো বৃদ্ধ মৃত্যুরিতি ক্রমাৎ।
তিথি নক্ষত্র বারে চ স্বরে তু ক্রমশোঽপি চ।
বাল স্বরে চ যো জাতস্তিথি নক্ষত্র সংযুতঃ।
তস্য বাণযুতে মৃত্যুঃ স্বর শাস্ত্র মতঃ প্রিয়ে।
নন্দা ভদ্রা জয়া রিক্তা পূর্ণা চ তিথয়ঃ ক্রমাৎ।
অকারাদি স্বরাঃ পঞ্চ বালাদি ভাব পঞ্চকঃ।
যোজাতঃ স্বর নক্ষত্রে স তস্য বালকঃ স্বরঃ।
তিথয়স্তস্য বারশ্চ মরণং তস্য পঞ্চমে।
যত্র লগ্নেঽপি যো জাতস্তস্য মৃত্যুপতি গ্রহঃ।
তদ্দশায়াং গতো মৃত্যুস্তলো চান্তর চান্তরে।
পাপ গ্রহ দশায়াস্তু পাপস্যান্তর্দ্দশা যদি।
প্রত্যন্তরেঽপি পাপস্যান্তদা মৃত্যুর্নসংশয়ঃ।
জন্মমাসাচ্চতুর্ম্মাসে জন্ম বারাচ্চ পঞ্চমঃ।
জন্ম তিথের্ব্বিংশতি তিথৌ যদিস্যাৎ পঞ্চমস্বরঃ।
নক্ষত্রাৎ পঞ্চবিংশঃ স্যাৎ যস্মিন্ বর্ষে ভবিষ্যতি।
তস্মিন্ বর্ষে ভবেন্মৃত্যুঃ কাল চিহ্নেন ভাষিতং।

## অথ রিষ্ট গণনা।

জন্মর্ক্ষতঃ সায়কযুগ্মমৃক্ষং তিথির্যদা জন্মতিথেঃ খযুগ্মম্।
চতুর্থমাসে যদি জন্ম মাসাত্তজ্জন্ম বারাদ্যদি পঞ্চমাহঃ॥ ১

যদি কোন ব্যক্তির জন্ম মাসের চতুর্থ মাসে, জন্ম বার হইতে গণনায় পঞ্চম বার, জন্ম তিথি হইতে গণনায় বিংশতি তিথি, ও জন্ম নক্ষত্র হইতে গণনায় পঞ্চবিংশতি নক্ষত্র এক দিবসে সংযোগ হয়, তাহা হইলে সেই ব্যক্তির সেই বৎসরে রিষ্ট সম্ভব হইবে। ১

অন্যচ্চ।

ত্রিষড়্দশায়েষু নিশাকরশ্চেত্তদাশুভং রোগযুতস্য বাচ্যম্।
ত্রিষেব পাপা নিধনে সমেতাঃ কলত্রগা বা মরণায় বাচ্যাঃ।

অপরঞ্চ।

জাতস্তন্নক্ষত্রাত্ত্রয়োদশ সপ্তদশ ত্রয়োবিংশতি
ত্রদশায়াং রিষ্টং। তত্র যদি জাতদশাধিপেন সহ এতদ্দশাধি-
বেধ মস্তদ্দশাধিপেন বা তদারিষ্টং জ্ঞাতব্যং। তত্রাপি যদি
দশায়াঃ প্রথমে জাতস্তদা তদ্দশায়াঃ প্রথমে রিষ্টং। যদি
মে তদা এতস্য মধ্যে যদ্যন্তে তদা এতস্যাপ্যন্তে ইতি।

অন্যচ্চ।

শক গুণিতং বয়োবর্ষং জন্মতিথি নক্ষত্র বরিযুতং। গ্রহেণ
ভাগমপহৃত্য শেষে জ্ঞাতং শুভাশুভং। রবিণা রোগঃ শশিনা
ভোগঃ। শনি রাহু মঙ্গল মরণ বিয়োগঃ। বুধ গুরু শুক্রে
ইজ্যে শূন্যে সত্যং মরণ সমাভাস্করিজ্যে। ইতি।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় প্রণীত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে পঞ্চস্বরাধ্যায় সমাপ্ত।

# নাক্ষত্রিক্যাদি দশা গণনা।

## যুগভেদে দশা বিশেষো যথা।

সত্যে লগ্নদশা চৈব ত্রেতায়াং হর গৌরিকা। দ্বাপরে যোগিনী চৈব কলৌ নাক্ষত্রিকী দশা।

দশধা দশা যথা।

যোগিনী; বার্ষিকী, নাক্ষত্রিকী, লাগ্নিকী, মুকুন্দা বিংশোত্তরা, ত্রিংশোত্তরা, পতাকী, হরগৌরী, দিন দশা।

অথ মুকুন্দা দশা।

রবিশ্চন্দ্রঃ কুজঃ সৌম্যঃ শনিস্ত্রিজ্যস্তমো ভৃগুঃ
ইন্দ্রেশাদ্যষ্ট রেখাসু সর্ব্বং বর্ষমিহোদিতং
দিক্ষু দিক্ষু ত্রয়ং দেয়ং বিদিক্ষু চ চতুষ্টয়ং।
কৃত্তিকাদি প্রদাতব্যং দিগম্বর মতা দশা ॥ ১
বর্ষমেকং রবে র্ভোগ্যং চন্দ্রস্য চ তথৈব চ।
এবং ক্রমেণ বোদ্ধব্যমষ্টবর্ষং যথা ভবেৎ।
নবমেতু পুনঃ সূর্য্যো মুকুন্দা কথিতা দশা ॥ ২

অথ মুকুন্দাদশা ফলং।

রবির্ভ্রাময়তে দেশং নরং রোগসমন্বিতং।
নিধনং কুরুতে লোকং পুরতো নিজ বৎসরে ॥ ১। স্ব
রাজ্যং দদাতি হস্ত্যশ্ব গো ভূমি ধন সঞ্চয়ান্।
নিজ সংবৎসরে চন্দ্রঃ পূর্ণোজ্জ্বলানি কামিনীং ॥ ২। চ
মঙ্গলো মঙ্গলং হস্তি ভূমিং নাশয়তে ধ্রুবং।
শুভদো জন্ম কালেশঃ শুভদো নিজ বৎসরে ॥ ৩॥ ম
বুধো দদাতি সমৃদ্ধিং ধনধান্য সুখানি চ।
সর্ব্ব সম্পৎ করী নিতং সুন্দরীং নিজ বৎসরে ॥ ৪॥
মন্দো মন্দ ফলং দদ্যাৎ সর্ব্বং নাশয়তি ধ্রুবং।
স্ত্রীপুত্র বান্ধবৈর্হীনং কুরুতে নিজ বৎসরে ॥ ৫॥
নিজ সংবৎসরে জীবো রাজ্যাদি পদ সংযুতং।
কুরুতে নৃপ তুল্যং বা নৃপতিং গোচরে শুভঃ ॥ ৬॥
রাহোঃ সংবৎসরে লোকঃ সর্ব্ব শোক সমন্বিতঃ।
কলহং দেহ হানিং বা প্রাপ্নোতি সহ বান্ধবৈঃ ॥ ৭॥
শুক্রঃ শুভকরো নিত্যং নানাসুখ সমন্বিতং।
আরোগ্যমর্থলাভঞ্চ কুরুতে নাত্র সংশয়ঃ ॥ ৮॥

মতান্তরে মুকুন্দাদশাফলং।

শিরোরোগং বিত্তনাশং সদা দুঃখং প্রযচ্ছতি।
আমপীড়া জ্বরশ্চৈব স্বদশায়াং দিবাকরঃ ॥ ১॥
মিষ্টান্নং লাভ সম্মানং বন্ধু প্রীতিঃ কুবেঃ ফলং।
সর্ব্বামোদসুখং দদ্যাৎ কফধাতুর্নিশাকরঃ ॥ ২॥
বৈকুল্যং চাপকীর্ত্তিঞ্চ সভায়াং রাজতোঽপিবা।
দুঃখং মানসমাদদ্যাৎ ভূমিজঃ স্বদশান্তরে ॥ ৩
দিব্য বাহন ভূষাঢ্যো নিত্যোৎসবপরায়ণঃ।
কাসশ্চ কফ বৃদ্ধিশ্চ দশায়াঞ্চ বুধস্য চ ॥ ৪
চিত্তোদ্বেগং বিত্তনাশং জ্বরঞ্চ বায়ুনামহৎ।
স্থানান্তরগতং কুর্য্যাৎ দশায়াং রবি নন্দনঃ ॥ ৫॥

দান ধর্ম্মাদিকঞ্চৈব মধ্যমং সুখ দুঃখয়োঃ।
জ্ঞানলাভঞ্চ কুরুতে স্বদশায়াং বৃহস্পতিঃ ॥ ৬ ॥
ব্রণরক্তপ্রপাতশ্চ কলহঃ প্রিয়বান্ধবৈঃ।
কার্য্য সিদ্ধিঃ পরোলাভো বিবেকী রাহু বৎসরে ॥ ৭ ॥
বিদ্যা বৃদ্ধি বিবৃদ্ধিশ্চ কফপিত্তঞ্চ জায়তে।
রৌপ্যাদি ধন যুক্তঞ্চ কুরুতে ভৃগুনন্দনঃ ॥ ৮

## অথ মুকুন্দান্তর্দ্দশা।

রবের্নথাশ্চন্দ্রমসঃ খবাণৌ কুজেঽষ্টযুগ্মং বিদিষট্চপঞ্চ।
শনেস্ত্রণাগ্নী গুরুতোঽগ্নিকালো রাহো খবেদা ভৃগু শূন্যশৈলাঃ॥১
যস্ত যত্রাধিপোবর্ষে তদাদি গণয়েদ্দশাং।
এবং বর্ষবিভাগেষু বাচ্যং তস্য শুভাশুভং ॥ ২

ইহার অনুবাদ তৃতীয় খণ্ডের ২২৬ পৃষ্ঠার ১ স্তম্ভে লিখিত হইয়াছে।

## অথ মুকুন্দায়াং রবের্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

রবের্নিজ ০। ২০ অত্র দুঃখং শরীরস্ত।
র চ ১। ২০ সুখ সম্পত্তিরেবচ।
র ম ০। ২৮ প্রতাপোদয়সম্পদঃ।
র বু ১। ২৬ উৎপাতো ব্যাধিযুক্তস্থং।
র শ ১। ৩ সন্তাপো মানসো ভবেৎ।
র বৃ ২। ৩ ধন ধর্ম্ম সুখাবাপ্তিঃ।
র রা ১। ১০ বিপদশ্চ শুভং নৃণাং।
র শু ২। ১০ শরীর পীড়া দুঃখঞ্চ।

## চন্দ্রস্য দশায়ামন্তর্দ্দশা ফলং।

চন্দ্রস্য নিজ ১। ২০ নৃপপূজা সুখং লাভঃ।
চ ম ০। ২৮ দ্রব্যহানিশ্চ পীড়নং।
চ বু ১। ২৬ ধনহানির্ম্মনঃ পীড়া।
চ শ ১। ৩ বন্ধু বৈরং প্রবাসতা।
চ বৃ ২। ৩ ধন ধর্ম্মার্থ সৌখ্যঞ্চ।
চ রা ১। ১০ জীবন স্ত চ পীড়নং।
চ শু ২। ১০ বর স্ত্রী ধন ধান্যাদি।
চ র ০। ২০ কার্য্যসিদ্ধিং নৃপাশ্রয়াৎ॥

কুজস্য নিজান্তর্দ্দশা ০।২৮ শত্রু বাদোনৃপাদ্ভয়ং।
ম বু ১। ২৬ চৌরাগ্নিভীতিঃ পীড়া চ।
ম শ ১। ৩ শঙ্কা দুঃখং পদেপদে।
ম বৃ ২। ৩ নৃপপূজা সুখানি চ।
ম রা ১। ১০ বহ্নিচৌরভয়ং ভবেৎ।
ম শু ২। ১০ শরীরক্লেশ দৌর্ব্বল্যং।
ম র ০। ২০ সম্মানং ভূপতের্ব্বাপি।
ম চ ১। ২০ ধনধান্যাদি সম্পত্তিঃ।

বুধস্য নিজান্তর্দ্দশা ১। ২৬ সুখবৃদ্ধি ধনৈশ্বর্য্যং।
বু শ ১। ৩ মিত্র ভৃত্যার্থ সাধনং।
বু বৃ ২। ৩ কার্য্যসিদ্ধির্নৃপাৎ প্রীতিঃ।
বু রা ১। ১০ রাজাগ্নি শত্রুতোভয়ং।
বু শু ২। ১ রত্নবস্ত্রাধিকপ্রাপ্তিঃ।
বু র ০। ২০ যশঃ কার্য্য সমৃদ্ধয়ঃ।
বু চ ১। ২০ কফরোগাদি দুঃখঞ্চ।
বু ম ০। ২৮ দেহদুঃখং নৃপাদ্ভয়ং।

শনের্নিজান্তর্দ্দশা ১। ৩ প্রবাসো দেহপীড়া চ।
শ বৃ ২। ৩ পুণ্যবৃদ্ধির্ধনাগমঃ।
শ রা ১। ১০ কুক্ষিরোগো মহদ্দুঃখং।
শ শু ২। ১০ প্রীতির্ভূপাদ্ধনাগমঃ।
শ র ০। ২০ ভয়ং রোগস্তথা পীড়া।
শ চ ১। ২০ ব্যাধির্ব্ব্যাপ্যশুভাগমঃ।
শ ম ০। ২৮ বহ্নের্ভয়ং দেহভঙ্গঃ।
শ বু ১। ২৬ সুখং ভোগধনাগমঃ।

বৃহস্পতের্নিজান্তর্দ্দশা ২।৩ লাভঃ সুখং পুণ্য বৃদ্ধি
বৃ রা ১। ১০ পাপবৃদ্ধিঃ প্রবাসিতঃ।
বৃ শু ২। ১ ধনহানিঃ স্ত্রিয়াঃ ক্লেশঃ।
বৃ র ২০ রাজ্ঞঃ প্রীতিঃ সুখং যশঃ।
বৃ চ ১। ২০ শত্রুহানির্নৃপাদয়ঃ।
বৃ ম ০। ২৮ প্রতাপো ধনসৌখ্যঞ্চ।
বৃ বু ১। ২৬ শ্রীযুক্ত গুণসম্পদঃ।
বৃ শ ১। ৩ পাপবৃদ্ধিঃ সদা শুভং।

রাহোর্নিজান্তর্দ্দশা ১। ১০ দেহ পীড়া বন্ধুবৈর
রা শু ২। ১০ স্ত্রীভিরেব চ সংগমঃ।
রা র ০। ২০ চৌরাদগ্নের্দ্রব্যনাশঃ।
রা চ ১। ২০ শিরো দুঃখং দ্রব্যহানিঃ।

রা ম ০। ২৮ হানির্ব্বা কলহাগমঃ।

রা বু ১। ২৬ দুঃখানি বিবিধানি চ।

রা শ ১। ৩ সদা ক্লেশং নৃপাদ্ভয়ং।

রা বৃ ২। ৩ সুখঞ্চ লাভএব চ।

শুক্রস্য নিজান্তর্দ্দশা ২।১ রত্নলাভঃ সদা সুখং।

শু র ০। ২০ সুখসম্পত্তি বৃদ্ধিঃ স্যাৎ।

শু চ ১। ২০ সদা সৌভাগ্যমাপ্নোতি।

শু ম ০। ২৮ রোগো বা ধননাশনং।

শু বু ১। ২৬ সুহৃদ্ধান্য ধনপ্রাপ্তিঃ।

শু শ ১। ৩ অসৎসঙ্গং তথাসুখং।

শু বৃ ২। ৩ সমৃদ্ধি সুখসৌখ্যানি।

শু রা ১। ১০ বৈদেশ্য ম্লেচ্ছসঙ্গমঃ।

প্রথমে রবি, তৎ পরে চন্দ্র, মঙ্গল, বুধ, শনি, বৃহস্পতি, রাহু ও শুক্র, এই আট গ্রহ ক্রমে এক এক বৎসর করিয়া মুকুন্দা নাম্নী দশাভোগ করেন।

প্রথমতঃ চতুষ্কোণ একটী ক্ষেত্র অঙ্কিত করিয়া, তাহাতে পূর্ব্বাদি দিক্ চিহ্নিত করিবে। তৎপরে পূর্ব্বাদি চারি দিগে কৃত্তিকাদি তিন তিনটী ও অগ্ন্যাদি চারি কোণে চারি চারিটী করিয়া নক্ষত্র স্থাপন করিবে পরে ঐ অষ্ট দিগেতে রব্যাদি অষ্টগ্রহ সংস্থাপন করিবে। এইরূপ গ্রহ ও নক্ষত্র বিন্যাস করিয়া দেখিবে যে, যেগ্রহের নিকট যে যে নক্ষত্র পড়িবে সেই সেই নক্ষত্রে জন্ম হইলে প্রথমে সেই গ্রহের দশা হইবে।

যথা কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরা নক্ষত্রে জন্ম হইলে সূর্য্যের; আর্দ্রা, পুনর্ব্বসু পুষ্যা ও অশ্লেষা নক্ষত্রে চন্দ্রের; মঘা, পূর্ব্ব ফল্গুনী, ও উত্তর ফল্গুনী নক্ষত্রে মঙ্গলের; হস্তা চিত্রা, স্বাতী ও বিশাখা নক্ষত্রে বুধের; অনুরাধা জ্যেষ্ঠা ও মূলা নক্ষত্রে শনির; পূর্ব্বষাঢ়া, উত্তরাষাঢ়া শ্রবণা ও অভিজিৎ নক্ষত্রে বৃহস্পতির; ধনিষ্ঠা শতভিষা ও পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে রাহুর, উত্তরভাদ্রপদ, রেবতী অশ্বিনী ও ভরণী নক্ষত্রে জন্ম হইলে শুক্রের দশায় জন্ম জানিবে।

এই মুকুন্দা দশাতে এক এক বৎসর করিয়া এক এক গ্রহ ভোগ করেন। জন্ম নক্ষত্র অনুসারে কোন গ্রহের দশায় জন্ম হইয়াছে তাহা নিশ্চয় করিয়া বয়সের কোন্ কোন্ বৎসরে কোন্ কোন্ গ্রহের দশা হইবে তাহা জানিতে পারিবে।

এই দশার ফল পূর্ব্বে লিখিত হইয়াছে তাহা দৃষ্টে বয়সের কোন্ কোন্ বৎসরে ও কোন্ কোন্ মাসে রোগাদি হইবে তাহা নির্ণয় করিতে পারিবেন। ঐ সকল দশাফলের বচন অতি সহজ এই হেতু তাহার বাঙ্গালা অনুবাদ দেওয়া হইল না।

যে যে গ্রহ যে যে বর্ষের অধিপতি হইলে যে, যে পীড়া হইবে তাহা বলা যাইতেছে।

রবিঃ পিত্তঃ শশীবাতঃ কফাত্মা পৈত্তিকঃ কুজঃ।
বাতপিত্তকফীজ্ঞশ্চ কফীজ্যোভৃগুনন্দনঃ।
কফবাতাত্মকো জ্ঞেয়ঃ শনির্ব্বাতাত্মকস্তমঃ॥

রবির বর্ষে পিত্তঘটিত, চন্দ্রের বর্ষে বাতঘটিত, মঙ্গলের বর্ষে কফপিত্তঘটিত, বুধের বর্ষে কফ, বাত ও পিত্ত ঘটিত, বৃহস্পতি ও শুক্রের বর্ষে কফ ঘটিত, শনির বর্ষে কফবাতঘটিত, রাহুর বর্ষে বাত ঘটিত রোগ জন্মে।

পঞ্চস্বরাকার প্রজাপতিদাস নিদান সম্মত বাত পিত্তাদি ধাতুর সহিত গ্রহগণের গুণের ঐক্য জানিয়া স্বীয় পঞ্চস্বরা গ্রন্থে রিষ্ট গণনা প্রণালী বিস্তার রূপে লিখিয়াছেন, ইহাতে নিশ্চয় বোধ হয় যে, আয়ুর্ব্বেদ ও জ্যোতিষ শাস্ত্রের সংপূর্ন ঐক্য আছে অতএব জ্যোতিষ শাস্ত্রের মর্ম্ম অবগত হইয়া চিকিৎসা করা চিকিৎসক মাত্রেরই কর্ত্তব্য।

ইতি মুকুন্দা দশা।

---

জন্ম নক্ষত্রানুসারে অতি সহজে কোন্ বয়োবর্ষে মুকুন্দাদশার কোন গ্রহ পতিত হইবে তাহা জানিবার নিমিত্ত নিম্নে শ্যামগোপাল নামক চক্র দেওয়া হইল। এই চক্রের উপরিভাগে আটটী স্তম্ভে বয়সের অঙ্ক, নিম্নে আটটী স্তম্ভে গ্রহগণের নাম ঐ গ্রহগণের নামের বাম দিকে নক্ষত্রের নাম, ঐ নক্ষত্রানুসারে যে যে বয়োবর্ষে যে যে গ্রহের দশা প্রাপ্ত হইবে তাহা এই চক্র দৃষ্টে জ্ঞাত হইয়া ফলাফল বলিবেন।

## শ্যামগোপাল চক্র।

| এক হইতে ১১২ পর্য্যন্ত যে অঙ্ক তাহা বয়বর্ষ ঐ সকল বয়েসের নিম্নে যাহার যে নক্ষত্রে জন্ম সেই নক্ষত্র অনুসারে সেই নক্ষত্রকুণ্ডলী দৃষ্টি পূর্ব্বক যে বর্ষে মুকুন্দাদশার গণনা ক্রমে যে দশা হইবেক তাহা অনায়াশে জানা যাইবে, যথা যাহার ৩ কৃত্তিকা নক্ষত্র হইবেক তাহার ১ বর্ষে রবির দশা ২ বর্ষে চন্দ্রের ইত্যাদি যাহার ৬ আর্দ্রা নক্ষত্র তাহার ১ বর্ষে চন্দ্রের ২ বর্ষে মঙ্গলের ইত্যাদি ক্রমে | ১ বর্ষ | ২ বর্ষ | ৩ বর্ষ | ৪ বর্ষ | ৫ বর্ষ | ৬ বর্ষ | ৭ বর্ষ | ৮ বর্ষ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ |
| | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ |
| | ৪১ | ৪২ | ৪৩ | ৪৪ | ৪৫ | ৪৬ | ৪৭ | ৪৮ |
| | ৪৯ | ৫০ | ৫১ | ৫২ | ৫৩ | ৫৪ | ৫৫ | ৫৬ |
| | ৫৭ | ৫৮ | ৫৯ | ৬০ | ৬১ | ৬২ | ৬৩ | ৬৪ |
| | ৬৫ | ৬৬ | ৬৭ | ৬৮ | ৬৯ | ৭০ | ৭১ | ৭২ |
| | ৭৩ | ৭৪ | ৭৫ | ৭৬ | ৭৭ | ৭৮ | ৭৯ | ৮০ |
| | ৮১ | ৮২ | ৮৩ | ৮৪ | ৮৫ | ৮৬ | ৮৭ | ৮৮ |
| | ৮৯ | ৯০ | ৯১ | ৯২ | ৯৩ | ৯৪ | ৯৫ | ৯৬ |
| | ৯৭ | ৯৮ | ৯৯ | ১০০ | ১০১ | ১০২ | ১০৩ | ১০৪ |
| | ১০৫ | ১০৬ | ১০৭ | ১০৮ | ১০৯ | ১১০ | ১১১ | ১১২ |
| ৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃগশিরা | রবি | চন্দ্র | মঙ্গল | বুধ | শনি | বৃহস্পতি | রাহু | শুক্র |
| ৬ আর্দ্রা ৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা ৯ অশ্লেষা | চন্দ্র | মঙ্গল | বুধ | শনি | বৃহস্পতি | রাহু | শুক্র | রবি |
| ১০ মঘা ১১ পূর্ব্বফল্গুনী ১২ উত্তর ফল্গুনী | মঙ্গল | বুধ | শনি | বৃহস্পতি | রাহু | শুক্র | রবি | চন্দ্র |
| ১৩ হস্তা ১৪ চিত্রা ১৫ স্বাতি ১৬ বিশাখা | বুধ | শনি | বৃহস্পতি | রাহু | শুক্র | রবি | চন্দ্র | মঙ্গল |
| ১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা | শনি | বৃহস্পতি | রাহু | শুক্র | রবি | চন্দ্র | মঙ্গল | বুধ |
| ২০ পূর্ব্বষাঢ়া অভিজিৎ ২১ উত্তরাষাঢ়া ২২ শ্রবণা | বৃহস্পতি | রাহু | শুক্র | রবি | চন্দ্র | মঙ্গল | বুধ | শনি |
| ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্বভাদ্র পদ | রাহু | শুক্র | রবি | চন্দ্র | মঙ্গল | বুধ | শনি | বৃহস্পতি |
| ২৬ উত্তর ভাদ্রপদ ২৭ রেবতী ১ অশ্বিনী ২ ভরণী | শুক্র | রবি | চন্দ্র | মঙ্গল | বুধ | শনি | বৃহস্পতি | রাহু |

## অথ যোগিনী দশা।

স্বর্ক্ষং পিনাকবদনৈঃ সংযোজ্য বসুভির্হরেৎ।
শেষেণ যোগিনী জ্ঞেয়া তস্যা ভোগস্তু বৎসরঃ॥

### পাঠান্তরে।

স্বর্ক্ষং পিনাকি নয়নৈঃ সংযোজ্য বসুভির্হরেৎ।
শেষে তু যোগিনী জ্ঞেয়াস্তস্যা ভোগশ্চ বৎসরঃ॥
মঙ্গলা পিঙ্গলা ধন্যা ভ্রামরী ভদ্রিকা তথা।
উল্কা সিদ্ধা শঙ্কটা চ যোগিন্যোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ॥
বর্ষমেকং মঙ্গলায়াঃ পিঙ্গলায়া দ্বয়ন্তথা।
ধন্যায়াশ্চ ত্রয়ং বর্ষং ভ্রামর্য্যাশ্চ তুরীয়কং।
ভদ্রিকায়াঃ পঞ্চবর্ষং উল্কায়া ঋতুসংজ্ঞকং।
সিদ্ধায়াঃ সপ্তবর্ষাণি শঙ্কটায়াস্তথাষ্টকং॥

স্বীয় জন্ম নক্ষত্রে ৩ তিন * যোগ করিয়া ৮ আট দ্বারা ভাগ করিবে অবশিষ্ট অঙ্কানুসারে যোগিনী দশা জ্ঞাত হইবে। ১ এক অবশিষ্ট থাকিলে মঙ্গলার, ২ দুই থাকিলে পিঙ্গলার, ৩ তিন থাকিলে ধন্যার, ৪ চারি থাকিলে ভ্রামরীর, ৫ পাঁচ থাকিলে ভদ্রিকার, ৬ ছয় থাকিলে উল্কার, ৭ সাত থাকিলে সিদ্ধার, ৮ আট থাকিলে শঙ্কটার দশায় জন্ম জানিবে।

মঙ্গলার দশা ভোগের কাল ১ এক বৎসর, পিঙ্গলার ২ দুই বৎসর, ধন্যার ৩ তিন বৎসর, ভ্রামরীর ৪ চারি বৎসর, ভদ্রিকার ৫ পাঁচ বৎসর, উল্কার ৬ ছয় বৎসর, সিদ্ধার ৭ সাত বৎসর, শঙ্কটার ৮ আট বৎসর দশা ভোগের কাল হয়।

### জন্মনক্ষত্রানুসারে যোগিনী দশা নিরূপণ।

আর্দ্রা, চিত্রা ও শ্রবণা নক্ষত্রে জন্ম হইলে প্রথমে মঙ্গলার দশা হইবে, এইরূপ পুনর্ব্বসু, স্বাতী ও ধনিষ্ঠা নক্ষত্রে জন্ম হইলে পিঙ্গলার, পুষ্যা বিশাখা ও শতভিষা নক্ষত্রে ধন্যার, অশ্বিনী অশ্লেষা, অনুরাধা ও পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে ভ্রামরীর, ভরণী, মঘা, জ্যেষ্ঠা, ও উত্তর ভাদ্রপদ নক্ষত্রে ভদ্রিকার, কৃত্তিকা, পূর্ব্বফল্গুনী, মুলা ও রেবতী নক্ষত্রে উল্কার রোহিণী উত্তরফল্গুনী ও পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে সিদ্ধার মৃগশিরা, হস্তা ও উত্তরাষাঢ়া নক্ষত্রে জন্ম হইলে প্রথমে শঙ্কটা যোগিনীর দশা জানিবে।

প্রথমে জন্ম নক্ষত্রানুসারে দশা নির্ণয় করিয়া জন্ম নক্ষত্রের মান দণ্ড স্থির করিবে। পরে ঐ নক্ষত্রের যত দণ্ড ভুক্ত হইয়াছে এবং যত দণ্ড অবশিষ্ট থাকিবে তাহা জানিয়া তদ্দ্বারা অনুপাত করিয়া ভোগের কাল নির্ণয় করিবে।

মঙ্গলাবর্ষ ১।০ ফলং সুখং প্রীতি যশো লাভং নিত্যং মঙ্গলকারিণী
মঙ্গলা কুরুতে নিত্যং সর্ব্বমঙ্গল কারিণী॥ ১
পিঙ্গলাবর্ষ ২।০ ফলং দুঃখং ধনবিনাশঞ্চ সর্ব্বত্রাকুশলং ভবেৎ
পিঙ্গলা কুরুতে নিত্যং সর্ব্বামঙ্গলকারিণী॥ ২
ধন্যাবর্ষ ৩।০ ফলং সুখং দুঃখং শ্রিয়ং প্রীতিং সম্মানং ধনমেব চ।
ধন্যা চ কুরুতে পুত্রং সর্ব্বকল্যাণ কারিণী॥ ৩
ভ্রামরীবর্ষ ৪।০ ফলং বিদেশগমনং দুঃখং কার্য্যনাশং মনঃক্ষতিং।
ভ্রামরী কুরুতে দুঃখং সর্ব্বদা দুঃখদায়িনী॥ ৪
ভদ্রিকাবর্ষ ৫।০ফলং সুখং লাভং যশো ধর্ম্মং ভোগং পুত্রং সভার্য্যাকং
ভদ্রিকানিত্যমাদত্তে নানাহর্ষপ্রদায়িনী॥ ৫
উল্কাবর্ষ ৬।০ ফলং ব্যাধিংদুঃখং ভয়ং শোকং ধননাশং রিপোর্ভয়ং।
উল্কা প্রকুরুতে তাপং সর্ব্বদা রোগ শোকদা॥ ৬
সিদ্ধাবর্ষ ৭।০ ফলং ধান্যং ধনং যশো ধর্ম্মং শুভং কান্তং সুখং
বহু। সিদ্ধাদত্তে মহাসৌখ্যং রাজপূজাং জনাদরং॥ ৭
শঙ্কটাবর্ষ ৮।০ ফলং রোগং শোকং মনোদুঃখং সংশয়ং নাশমেব
চ শঙ্কটা শঙ্কটং দত্তে যদি দৈবাত্তু জীবতি॥ ৮

---

মঙ্গলা যোগিনী সর্ব্বদা মনুষ্যের মঙ্গল করেন, তাঁহার দশাতে সুখ, প্রণয়, যশ, লাভ এবং সকল বিষয়েই শুভ হইয়া থাকে। ১

পিঙ্গলা যোগিনী সর্ব্বদা মনুষ্যের নানা প্রকার অশুভ বৃদ্ধি করেন, তাঁহার দশায় মনুষ্যের দুঃখ ও ধনাদি নাশ প্রভৃতি অশেষবিধ অমঙ্গল ঘটনা হয়। ২

সর্ব্ব কল্যাণকারিণী ধন্যা যোগিনীর দশাতে সুখ,

---

* কোন কোন জ্যোতির্ব্বিৎ পিনাক শব্দের অর্থ পাঁচ কহেন।

দুঃখ, শ্রীবৃদ্ধি, প্রণয়, সম্মান ও ধনধান্যাদি লাভ হইয়া থাকে।

ভ্রামরী যোগিনী সর্ব্বদা মনুষ্যকে নানাবিধ দুঃখ প্রদান করেন তাঁহার দশাতে বিদেশ গমন, দুঃখ, কার্য্য নাশ, মনঃপীড়া প্রভৃতি নানা প্রকার ক্লেশ হয়। ৪

ভদ্রিকা যোগিনীর দশাতে সুখ, লাভ, যশ, ধর্ম্ম, ভোগ, স্ত্রী, পুত্র, ও সন্তোষ হয়। ৫

উল্কা যোগিনী সদাকাল মনুষ্যের শোক বৃদ্ধি করেন তাঁহার দশাতে নানাবিধ রোগ, দুঃখ, ভয়, শোক, ধননাশ, শত্রুভয় ও মনস্তাপ হইয়া থাকে। ৬

সিদ্ধা যোগিনীর দশাতে ধন, ধান্য, যশ, ধর্ম্ম, সুখ, রাজপূজা ও লোকের নিকট সমাদর লাভ হয়, এবং সকল কার্য্য সিদ্ধি হইয়া থাকে। ৭

শঙ্কটা যোগিনীর দশাতে জীবন সংশয় হয়, যদি দৈবাৎ বাঁচিয়া থাকে তবে সদাকাল রোগ, শোক, মনঃপীড়া ও নানা প্রকার শঙ্কট উপস্থিত হয়। ৮

---

## অথ যোগিন্যন্তর্দ্দশা।

স্বদশাং স্বদশাভিশ্চ হত্বা বহ্নি হৃতাস্ততঃ।
লব্ধং যৎ প্রাপ্যতে তত্র মঙ্গলান্তর্দশাক্রমম্॥

যাহার যত বৎসর স্থূল দশা হইবে তত পরিমিত অঙ্ককে সেই অঙ্ক দ্বারা গুণ করিয়া গুণ ফলকে ৩৬ ছত্রিশ দিয়া ভাগ করিলে যত ভাগ ফল হয়, তত পরিমিত বৎসরাদি সেই সেই যোগিনীর অন্তর্দ্দশা কাল জানিবে।

মং মঙ্গলা ০।০।১০ শুভং। ঐশ্বর্য্যং বহুসৌখ্যঞ্চ রাজসম্মানমেব চ। লভতে মহতীং কীর্ত্তিং চন্দ্রস্যান্তর্দ্দশাং গতঃ। মঙ্গলামঙ্গলা নন্দা পুংসাং দ্রবিণ দায়িনী।

মং পিঙ্গলা ০।০।২০ শুভং। ঐশ্বর্য্যং সুখসম্পত্তির্নৃপসম্মান ভূষণং। করোতি বিবিধং ভোগং মঙ্গলায়াং দিবাকরঃ॥

মং ধন্যা ০।১।০ শুভং। স্বর্ণালঙ্কারবনিতাং ভাগ্যং বহুপুত্রমানঞ্চ। নরবাহনযানঞ্চ ঐশ্বর্য্যং ভূমিলাভকঃ॥

মং ভ্রামরী ০।১।১০ অশুভং। পিত্তজ্বরাদিরোগঞ্চ ব্রণাদি শস্ত্রঘাতকঃ। রাজ্যান্তরাদি গমনং চন্দ্রদশায়াং কুজো দত্তে॥

মং ভদ্রিকা ০।১।২০ শুভং। যানাদি বাজি বহুভোগ ধনাগমশ্চ, রাজ্যাদি লাভ বহুবিত্ত সমাশ্রয়শ্চ। ইষ্টাদি দৃষ্ট বহুভাগ্যং করোতি লাভং, চান্দ্রাদশা ভবতি জীবগতাস্বরা চ॥

মং উল্কা ০।২।০ অশুভং। শোকোদ্বেগং মনস্তাপং রিপুরোগাদি সঞ্চয়ঃ। নানাকষ্টাদি কুরুতে সৌরেরন্তর্দ্দশা ফলং॥

মং সিদ্ধা ০।২।১০ শুভং। বিবিধং বরসম্ভোগং নানালঙ্কারভূষণং। কার্য্যসিদ্ধির্ভবেদিষ্টা সিদ্ধান্তরফলং স্মৃতং॥

মং শঙ্কটা ০।২।২০ অশুভং। রিপুচৌরাগ্নিবিদ্বেষং ব্রণাস্ত্র ভয়সংযুতং। রোগপিত্তাদিকঞ্চৈব শঙ্কটা শঙ্কটাদশা॥

পিং পিঙ্গলা ০।১।১০ অশুভং। পিঙ্গলা জনয়েদ্ব্যাধিং মনোদুঃখঞ্চ সংভ্রমঃ। নৃপভীতির্ভবেত্তস্যোঃ পিঙ্গলান্তর্দ্দশাসু চ॥

পিং ধন্যা ০।২।০ শুভং। ধনবৃদ্ধিং সদা সৌখ্যং সম্মানঞ্চ দিনে দিনে। তনয়ং বিবিধং ভোগং ধন্যায়াঞ্চ নরস্য চ॥

পিং ভ্রামরী ০।২।২০ অশুভং। অশুভং ভয়মত্যুগ্রং রোগং ধনবিনাশনং। বন্ধুদ্বেষং তথা কুর্য্যাদ্ভ্রামরী পিঙ্গলাসু চ॥

পিং ভদ্রিকা ০।৩।১০ অশুভং। তত্যাজ বন্ধুভিঃ সার্দ্ধং প্রাণ পীড়াভয়ং তথা।

পিং উল্কা ০।৪।০ অশুভং। সদোদ্বেগং নৃপাদ্ভীতিং কলহং সততং নৃণাং।

পিং সিদ্ধা ০।৪।২০ অশুভং। শিরোরোগঞ্চ বিদ্বেষং নানা দুঃখঞ্চ জায়তে।

পিং শঙ্কটা ০।৫।১০ শুভং। ধনবৃদ্ধিং সদা সৌখ্যং স্বর্ণঞ্চ লভতে মহীং॥

পিং মঙ্গলা ০।০।২০ অশুভং। সুহৃত্তস্যো ভবেদ্ভীতির্জায়তে ধনবর্দ্ধনং। কার্য্যনাশঞ্চ কুরুতে মঙ্গলান্তর্দ্দশাসু চ।

---

ধং ধন্যা ০।৩।০ শুভং। ধন্যা ধানাসুবস্ত্র রূপসম্পত্তি কারিণী।

ধং ভ্রামরী ০।৪।০ অশুভং। শিরঃশূলাদিরোগঞ্চ কফপিত্ত সমুদ্ভবং। জীবনস্য চ সন্দেহং ধন্যায়াং ভ্রামরীফলং॥

ধং ভদ্রি ০।৫।০ শুভং। কাঞ্চনং বিক্রমং লাভং বস্ত্রালঙ্কারভূষণং। ইন্দ্রনীলময়প্রাপ্তির্ধন্যায়াং ভদ্রিকা ফলং।

ধং উল্কা ০।৬।০ অশুভং। কলহোদ্বেগরোগঞ্চ পিত্তমক্ষি বিনাশনং।

ধং সিদ্ধা ০।৭।০ শুভং। ধর্ম্মার্থ কাম সৌখ্যানি রত্নানি বিবিধানি চ।

ধং শঙ্কটা ০।৮।০ অশুভং। বৈরাগ্যং ধননাশঞ্চ রিপু-রোগাদি সঞ্চয়ঃ।

ধং মঙ্গলা ০।১।০ অশুভং। কণ্ডু কুষ্ঠাদি রোগঞ্চ চক্ষুঃ পীড়াময়ভয়ং॥

ধং পিঙ্গলা ০।২।০ অশুভং। চিন্তা ভ্রান্তি কয়ং ঘোরং নানাদুঃখাদি বর্দ্ধনং॥

ভ্রাং ভ্রাম ০।৫।১০ অশুভং। ভ্রামরী জন্ম ভূমিঘ্নী ভ্রাময়েৎ সর্ব্বতোদিশং। দেহক্ষীণঞ্চ কুরুতে স্ব দশান্তর্দ্দশাংগতা॥

ভ্রাং ভদ্রি ০।৬।২০ শুভং। পুণ্যতীর্থাশ্রয়প্রাপ্তির্নৃপ-পূজাং সুখং তথা। কান্তায়া লভতে সৌখ্যং ভ্রামরী ভদ্রিকা ফলং॥

ভ্রাং উল্কা ০।৮।০ অশুভং। রিপুচৌরাগ্নি ভূপানাং ভয়ং চৈব বিনির্দ্দিশেৎ। সুহৃদ্বেদঞ্চ ভ্রামর্য্যামুল্কাচ কুরুতে নৃণাং।

ভ্রাং সিদ্ধা ০।৯।১০ শুভং। ধন বৃদ্ধিং সুখং ভোগং নৃপ-পূজাং করোতি চ। নানা লঙ্কার বনিতাং সিদ্ধা চ কুরুতে ধ্রুবং॥

ভ্রাং শঙ্ক ০।১০।২০ অশুভং। গৃহান্তরঞ্চ গমনং মনো-ভঙ্গঞ্চ জায়তে। দুঃখ প্রবাস মরণং ভ্রামরী শঙ্কটা কুরুতে॥

ভ্রাং মঙ্গ ০।১।১০ শুভং। মহীপতেঃ সমসুখং লভতে রোগনাশনং। ঐকাধি পতিকং ভোগং ভ্রামর্য্যাং মঙ্গলা কুরুতে॥

ভ্রাং পিঙ্গ ০।২।২০ অশুভং। রোগপিত্তাদিকঞ্চৈব ব্রণা-স্ত্রভয়মদ্ভুতং। ভ্রামর্য্যাং মঙ্গলা দত্তে ক্লেশং বহুবিধং তথা॥

ভ্রাং ধন্যা ০।৪।০ অশুভং। মনো দুঃখং ভবেন্নিত্যং কণ্ডু কুষ্ঠাদি বর্দ্ধনং। করোতি সততং ঘোরং ভ্রামর্য্যাং ধন্যকা ফলং॥

ভং ভদ্রিকা ০।৮।১০ শুভং। ভদ্রিকা সুখসম্পত্তির্ব্বিলা-সবরদায়িনী॥

ভং উল্কা ০।১০।০ অশুভং পরদাররতো নিত্যং বিত্তনাশঃ সদা ভবেৎ॥

ভং সিদ্ধা ০।১১।২০ অশুভং। জায়তে শত্রু বৃদ্ধিশ্চ কল-হোবন্ধুভিঃ সহ॥

ভং শঙ্কটা ১।১।১০ অশুভং। বন্ধুপুত্রধ্বংশ চিত্তোদ্বেগং মহতীং ভীতিঞ্চ॥

ভং মঙ্গলা ০।১।২০ শুভং। শত্রুনাশং লভতে স্ত্রীসুতৈঃ সহ সুখং ভজতে॥

ভং পিঙ্গ ০।৩। ১০ শুভং। বন্ধুবর্গৈঃ সমাযুক্তো দানং মানং ভবেৎ সদা॥

ভং ধন্যা ০।৫।০ শুভং। ধন্যা ধান্যং সদা দত্তে বিলাস রস সংযুতং॥

ভং ভ্রামরী ০।৬।২০ শুভং। নানা সুখং সদা ভোগাং বিলাস রসসংযুতং॥

উং উল্কা ১।০।০ অশুভং। উল্কারাজ্যধনঘ্নী চ নিত্যং কলহকারিণী॥

উং সিদ্ধা ১।২।০ শুভং। সুন্দরীভিঃ সহক্রীড়াং লভতে চ মহাসুখং॥

উং শঙ্কটা ১।৪।০ প্রাণপীড়াভয়ং ঘোরং দারুণং বিষ-সংযুতং॥

উং মঙ্গ ০।২।০ শরীরে চ মহৎপীড়া দ্বিতীয়ে ধন নাশনং॥

উং পিঙ্গ ০।৪।০ মহীভৃতোভয়ং ঘোরং বন্ধনং চাপমানকং॥

উং ধন্যা ০।৬।০ সুহৃদ্বন্ধুধনৈর্যুক্তো নৃপপূজার্থ বন্ধনং॥

উং ভ্রাম ০।৮।০ উদ্বেগঞ্চ মতি ভ্রংশং ধননাশং করোতি চ

উং ভদ্রি ০।১০।০ ভদ্রিকাসর্ব্বভদ্রঞ্চ যন্ত্রমন্ত্রাদি সাধনং॥

সিং সিদ্ধা ১।৪।১০ শুভং। সিদ্ধা সাধয়তেকার্য্যং রূপ-সম্পত্তি কারিণী। বিলাসরস সংভোগং ভৃত্যাঞ্চ রাজবাহনং॥

সিং শঙ্ক ১।৬।২০ অশুভং। শরীরং ক্লেশ সংযুক্তং শত্রু-পীড়াদি সংযুতং॥

সিং মঙ্গ ০।২।১০ অশুভং। শিরঃ পীড়াং জ্বরং রোগং শত্রুবৃদ্ধিং সুতক্ষয়ং॥

সিং পিঙ্গ ০।৪।২০ অশুভং। ধনধান্য সুখৈর্হীনো নানা ক্লেশাদি সংযুতঃ॥

সিং ধন্যা ০।৭।০ শুভং। ধন বৃদ্ধিং সুখং পূজাং নানা-রত্নাদি বাহনং॥

সিং ভ্রামরী ০।৯।১০ অশুভং। পিত্তজ্বরং মহাঘোরং রূপবন্ধু ধনক্ষয়ং।

সিং ভদ্রি ০।১১।২০ শুভং। সদ্বৃদ্ধি নৃপসম্মানং নানা ভরণ ভূষিতং॥

সিং উল্কা ১।২।০ অশুভং। দেহপীড়া মহৎ কষ্টং ঘোর বাতাদি পীড়নং॥

শং শঙ্ক ১।৯।১০ অশুভং। শঙ্কটা শঙ্কটব্যাধিং মরণ ক্লেশকারিণী।

শং মঙ্গ ০।২।২০ শিরঃ পীড়াদিঘাতঞ্চ দারুণং ভয়মদ্ভুতং।

শং পিঙ্গ ০।৫।১০ মতিভ্রমং মহারোগং সুখসম্পত্তিনাশনং॥

শং ধন্যা ০।৮।০ সুহৃদ্বন্ধুধনৈঃপূর্ণো দদাতি পরমোদয়ম্॥

শং ভ্রাম ০।১০।২০ ঘোরং বিষভয়ঞ্চৈব শঙ্কটায়াং কফাদিকং। ভ্রামর্য্যন্তর্দ্দশা দদ্যাৎ ভ্রমণং সর্ব্বদা ভবেৎ॥

শং ভদ্রি ১।১।১০ ব্যাধি দুঃখভয়ৈস্তুক্তো লভতে চ মহাসুখং ॥

শং উল্কা ১।৪।০ বন্ধুদ্বেষং মহৎকষ্টং নৃপভীতিং সুতক্ষয়ং ॥

শং সিদ্ধা ১।৬।২০ দ্বিজদেবার্চ্চনরতো নৃপপাত্রো ভবেন্নরঃ। শঙ্কটান্তর্গতা সিদ্ধা বাহনৈশ্বর্য্য কারিণী ॥

ইতিমুহাম্মুনি প্রণীতা যোগিনী দশা সমাপ্তা ॥

## ধ্বজাদি চক্র।

| এক হইতে ১১২ পর্য্যন্ত যে অঙ্ক তাহা বয়বর্ষ ঐ সকল বয়েসের নিম্নে যাহার যে নক্ষত্রে জন্ম সেই নক্ষত্র অনুসারে সেই নক্ষত্রকুণ্ডলী দৃষ্টি পূর্ব্বক যে বর্ষে ধ্বজাদিদশার গণনা ক্রমে যে দশা হইবেক তাহা অনায়াশে জানা যাইবে, যে মতে জন্ম নক্ষত্রে ১৫ যোগ করিয়া ধ্বজাদি বর্ষ হয় তাহা প্রতি কোষ্ঠার উপরে অঙ্কিত করা গেল। অন্য মতে তাহার নিম্নে লিখিত হইল। | ১ বর্ষ | ২ বর্ষ | ৩ বর্ষ | ৪ বর্ষ | ৫ বর্ষ | ৬ বর্ষ | ৭ বর্ষ | ৮ বর্ষ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ |
| | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ |
| | ৪১ | ৪২ | ৪৩ | ৪৪ | ৪৫ | ৪৬ | ৪৭ | ৪৮ |
| | ৪৯ | ৫০ | ৫১ | ৫২ | ৫৩ | ৫৪ | ৫৫ | ৫৬ |
| | ৫৭ | ৫৮ | ৫৯ | ৬০ | ৬১ | ৬২ | ৬৩ | ৬৪ |
| | ৬৫ | ৬৬ | ৬৭ | ৬৮ | ৬৯ | ৭০ | ৭১ | ৭২ |
| | ৭৩ | ৭৪ | ৭৫ | ৭৬ | ৭৭ | ৭৮ | ৭৯ | ৮০ |
| | ৮১ | ৮২ | ৮৩ | ৮৪ | ৮৫ | ৮৬ | ৮৭ | ৮৮ |
| | ৮৯ | ৯০ | ৯১ | ৯২ | ৯৩ | ৯৪ | ৯৫ | ৯৬ |
| | ৯৭ | ৯৮ | ৯৯ | ১০০ | ১০১ | ১০২ | ১০৩ | ১০৪ |
| | ১০৫ | ১০৬ | ১০৭ | ১০৮ | ১০৯ | ১১০ | ১১১ | ১১২ |
| ২ ভরণী ১০ মঘা | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ | কাক |
| ১৮ জ্যেষ্ঠা | মতান্তরে | মতান্তরে | | | | | | |
| ২৬ উত্তরভাদ্রপদ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ |
| ৩ কৃত্তিকা ১১ পূর্ব্বফল্গুনী | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ |
| ১৯ মূলা | | | | | | | | |
| ২৭ রেবতী | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ | কাক |
| ৪ রোহিণী | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র |
| ১২ উত্তরফল্গুনী | | | | | | | | |
| ২০ পূর্ব্বাষাঢ়া | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ |
| ৫ মৃগশিরা | শ্বান | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ |
| ১৩ হস্তা | | | | | | | | |
| ২১ উত্তরাষাঢ়া | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র |
| ৬ আর্দ্রা | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান |
| ১৪ চিত্রা | | | | | | | | |
| ২২ শ্রবণা | শ্বান | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ |
| ৭ পুনর্ব্বসু | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ |
| ১৫ স্বাতী | | | | | | | | |
| ২৩ ধনিষ্ঠা | বৃষ | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান |
| ৮ পুষ্যা | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর |
| ১৬ বিশাখা | | | | | | | | |
| ২৪ শতভিষা | খর | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ |
| ৯ অশ্লেষা ১ অশ্বিনী | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর | গজ |
| ১৭ অনুরাধা | | | | | | | | |
| ২৫ পূর্ব্বভাদ্রপদ | গজ | কাক | ধ্বজ | ধূম্র | সিংহ | শ্বান | বৃষ | খর |

## অথ ধ্বজাদি বর্ষঃ।

স্ব নক্ষত্রে পঞ্চদশ বসুভিঃ পরিশোধয়েৎ।
শেষে চ বৎসরো জ্ঞেয়ো ধ্বজাদীনাং বিপশ্চিতা॥
ধ্বজো ধূম্রশ্চ সিংহশ্চ শ্বা বৃষঃ খরএব চ।
গজঃ কাকঃ পদশ্চৈব ধ্বজাদিবৎসর ক্রমাৎ।
জন্মবর্ষাব্দদেদায়ুর্গণয়েচ্চ পুনঃপুনঃ।

জন্মনক্ষত্রাঙ্কে ১৫ পনের যোগ করিয়া যুক্তাঙ্ককে ৮ আট দিয়া ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক দ্বারা ধ্বজাদি বর্ষ নির্ণয় করিবে,—যথা ১ এক অবশিষ্ট থাকিলে ধ্বজ, ২ দুই অবশিষ্ট থাকিলে ধূম্র, ৩ তিন অবশিষ্ট থাকিলে সিংহ, ৪ চারি অবশিষ্ট থাকিলে শ্বান ৫ পাঁচ অবশিষ্ট থাকিলে বৃষ, ৬ ছয় অবশিষ্ট থাকিলে খর, ৭ সাত অবশিষ্ট থাকিলে গজ, ভাগ শেষ শূন্য হইলে কাক বর্ষাধিপতি হইবে।

মতান্তরে।

বয়োবর্ষং স্ব নক্ষত্রং বাণং দত্বা বসুভির্হরেৎ।

বয়সের অঙ্ক ও জন্ম নক্ষত্রাঙ্ক একত্র যোগ করিয়া তাহার সহিত ৫ পাঁচ যোগ করিবে, পরে ঐ যুক্তাঙ্ককে ৮ আট দিয়া ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক দ্বারা ধ্বজাদি বর্ষ নির্ণয় করিলে ফল পূর্ব্ববৎ জানিতে পারিবেন।

## অথ ধ্বজাদীনাং ফলং।

ধ্বজে বিভূতির্ম্মরণঞ্চ ধৌম্রে সিংহে জয়ঃ শ্বা প্রকরোত্যনর্থং।
বৃষে চ ভোগঃ খরে দেহপীড়া সিদ্ধির্গজে কাকপদে চ মৃত্যুঃ॥

ধ্বজ বর্ষপতি হইলে সম্পত্তি, ধূম্র বর্ষপতি হইলে মৃত্যু, সিংহ বর্ষপতি হইলে জয়, শ্বান বর্ষপতি হইলে অনর্থ ঘটনা, বৃষ বর্ষপতি হইলে ভোগ, খর বর্ষপতি হইলে শরীর পীড়া, গজ বর্ষপতি হইলে সর্ব্বসিদ্ধি, কাক বর্ষ-বর্ষপতি হইলে মৃত্যু হইয়া থাকে।

## অথ নাক্ষত্রিকী দশা।

ষট্ সূর্য্যস্থ দশা প্রোক্তাঃ শশিনো দশপঞ্চ চ।
অষ্টাবঙ্গারকে প্রোক্তা বুধে সপ্তদশ স্মৃতাঃ।
শনৈশ্চরে দশ প্রোক্তা গুরোরেকোনবিংশতিঃ।
রাহোর্দ্বাদশ বর্ষাণি ভৃগোরপ্যেকবিংশতিঃ॥ ১

সত্যযুগে লাগ্নিকী দশা, ত্রেতাযুগে হরগৌরী দশা, দ্বাপরযুগে যোগিনী দশা ও কলিযুগে নাক্ষত্রিকী দশা দ্বারা মনুষ্যের শুভাশুভ নির্ণীত হয়, এইক্ষণ অষ্টোত্তরী নাক্ষত্রিকী দশার বিবরণ বলা যাইতেছে।

সূর্য্যের ৬ ছয় বৎসর, চন্দ্রের ১৫ পনের বৎসর, মঙ্গলের ৮ আট বৎসর, বুধের ১৭ সতর বৎসর, শনির ১০দশ বৎসর, বৃহস্পতির ১৯ ঊনিশ বৎসর, রাহুর ১২ বার বৎসর ও শুক্রের ২১ বৎসর, দশা ভোগের কাল হয়। ১

দিক্ষু দিক্ষু ত্রয়ং দদ্যাৎ বিদিক্ষু চ চতুষ্টয়ং।
কৃত্তিকাদি প্রদাতব্যং দিগম্বরমতা দশা॥ ২

একটী চতুষ্কোণ ক্ষেত্র অঙ্কিত করিয়া তাহাতে পূর্ব্বাদি অষ্টদিক্ চিহ্নিত করিবে, অনন্তর ঐ ক্ষেত্রের অষ্ট দিগে পূর্ব্ব হইতে আরম্ভ করিয়া কৃত্তিকাদি নক্ষত্র স্থাপন করিবে, পূর্ব্বাদি চারি দিগে তিন তিনটী করিয়া ও অগ্ন্যাদি চারি কোণে চারি চারিটী করিয়া নক্ষত্র বিন্যাস করিবে।

যথা,—পূর্ব্ব দিকে কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরা এই তিন নক্ষত্র, অগ্নি কোণে আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা ও অশ্লেষা এই চারিটী নক্ষত্র ইত্যাদি।

তৎপরে ঐ ক্ষেত্রে পূর্ব্বদিক্ হইতে ক্রমে অষ্ট দিকে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শনি, বৃহস্পতি, রাহু ও শুক্র এইরূপ ক্রমে আটটী গ্রহ বসাইবে।

এইরূপে নক্ষত্র ও গ্রহ সংস্থাপন করিয়া ঐ ক্ষেত্রে দৃষ্টি করিলেই কোন্ নক্ষত্রে জন্ম হইলে কোন্ গ্রহের দশা প্রথমে হইবে তাহা জানিতে পারিবে। ২

সূর্য্যোপপ্লবভৌমার্কি দশা কষ্টপ্রদা নৃণাং।
গুরুজ্ঞচন্দ্রশুক্রাণাং যথেপ্সিত ফলপ্রদা॥ ৩

সূর্য্য, রাহু, মঙ্গল ও শনি ইহাদিগের দশাতে মনুষ্যের ক্লেশ; বৃহস্পতি, বুধ, চন্দ্র ও শুক্র ইহাদের দশাতে মঙ্গল হইয়া থাকে। ৩

স্বশাক হীনশাকাব্দাৎ প্রত্যব্দং পঞ্চবাসরান্।
তিথ্যংশশ্চ চন্দ্রশিখিনো স্বাগুণৌ চ কৃতাগ্নিনো॥ ৪

বর্ত্তমান শকাব্দাঙ্ক হইতে জন্মকালীন শকের অঙ্ক বিয়োগ করিলে যত বৎসর অবশিষ্ট থাকিবে তাহার

প্রতিবৎসরে ৫ পাঁচ দিন ১৫ পনের দণ্ড ৩১ পল ৩১ বিপল, ২৪ অনুপল যোগ করিলে যত হইবে তত বৎসর বয়স ধরিয়া দশা নির্ণয় করিবে ইহাকেই সাবনশুদ্ধি কহে* ৪।

দণ্ডপল বিপলান্যনুপলানি চ সাবনেন।
বর্দ্ধয়িত্বা ঋক্ষশেষো ভোগ্যস্তু গণনক্রমঃ॥ ৫

জন্মকালে নক্ষত্রের যত দণ্ড পল অতীত হইয়াছে এবং যত দণ্ডপল অবশিষ্ট আছে তাহা জানিয়া অনুপাত দ্বারা দশাকালে কত অংশ অতীত হইয়াছে এবং কত অংশ অবশিষ্ট আছে তাহা নির্ণয় করিতে হইবে। যেমন রোহিণী নক্ষত্রে কোন ব্যক্তির জন্ম হইলে ২ দুই বৎসর অতীত হইয়াছে বিবেচনা করিতে হইবে। অবশিষ্ট চারি বৎসরের মধ্যেও রোহিণী নক্ষত্রের যত দণ্ড পল গতে জন্ম হইয়াছে তাহা দ্বারা অনুপাত করিয়া কত অংশ অবশিষ্ট আছে তাহা স্থির করিবে। ৫

কৃত্তিকাদিত্রয়ে সূর্য্যঃ শশী রৌদ্র চতুষ্টয়ে।
মঘাদি ত্রিতয়ে ভৌমো বুধো হস্তা চতুষ্টয়ে।
অনুরাধাত্রয়ে শৌরির্গুরুঃ পূর্ব্ব চতুষ্টয়ে।
ধনিষ্ঠাত্রিতয়ে রাহুঃ শুক্রঃ শেষ চতুষ্টয়ে॥ ৬

এইক্ষণে কোন্ কোন্ নক্ষত্রে জন্ম হইলে প্রথমে কোন্ গ্রহের দশা হইবে তাহা বলা যাইতেছে। যথা,—কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরা ইহাদের মধ্যে কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথমে সূর্য্যের দশা, আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা ও অশ্লেষা ইহাদের মধ্যে কোন এক নক্ষত্রে জন্ম হইলে চন্দ্রের; যথা, পূর্ব্বফল্গুনী বা উত্তরফল্গুনী নক্ষত্রে জন্ম হইলে মঙ্গলের; হস্তা, চিত্রা, স্বাতী বা বিশাখা নক্ষত্রে বুধের; অনুরাধা, জ্যেষ্ঠা বা মূলা নক্ষত্রে শনির; পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, অভিজিৎ বা শ্রবণা নক্ষত্রে বৃহস্পতির; ধনিষ্ঠা, শতভিষা বা পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে রাহুর; উত্তরভাদ্রপদ, রেবতী, অশ্বিনী বা ভরণী নক্ষত্রে জন্ম হইলে প্রথমে শুক্রের দশা জানিবে। ৬

জন্মের প্রথমে যে গ্রহের দশা হইবে তাহার ভোগ কালের পর তৎপরবর্ত্তি গ্রহের দশা ভোগ হইবে।

নক্ষত্রভুক্ত ভোগ্যং যৎ ভবেদ্দণ্ডাদিকং শুভে।
সার্দ্ধং দ্বিগুণিতং পাপে দশামানেন পূরয়েৎ।
দণ্ডাদিকং ভবেত্তত্তু ত্রিংশতা চ হৃতে পুনঃ।
অর্কমাসৈর্দ্দশাবর্ষাদিকং তদ্ভুক্তমেষ্যকং॥ ৭

যদি জন্ম নক্ষত্রের পরিমাণ ৬০ ষাইট দণ্ড হয়, তাহা হইলে দশার ভুক্ত ও অবশিষ্ট জানিতে অনুপাত না করিয়া নিম্নলিখিত নিয়মানুসারে ভুক্তাবশেষ স্থির করিতে পারিবে।

জন্ম সময়ে নক্ষত্রের যত দণ্ড ও পল গত হইয়াছে, শুভগ্রহ দশা হইলে তাহাকে ১॥০ দেড় গুণ করিয়া পাপগ্রহের দশা হইলে দ্বিগুণ করিয়া গুণফলকে পুনর্ব্বার দশা পরিমাণের অঙ্ক দ্বারা পূরণ করিতে হইবে; পরে ঐ গুণফলকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিলে মাস এবং মাসকে ১২ বার দিয়া ভাগ দিলে বৎসর হইবে। এই রূপে দশার ভুক্ত অংশ জানিয়া দশা পরিমিত কাল হইতে বিয়োগ করিলেই অবশিষ্ট অংশ জানিতে পারিবে। জন্ম নক্ষত্রের পরিমাণ ৬০ ষাইট দণ্ডের ন্যূনাধিক হইলে অনুপাত করিয়া দশাকালের ভুক্ত ও অবশিষ্ট অঙ্ক স্থির করিবে। ৭

## নক্ষত্রানুসারে দশাভোগের কালবিভাগ।

৩ কৃত্তিকা, ৪ রোহিণী বা ৫ মৃগশিরা নক্ষত্রে জন্ম হইলে প্রথমে রবির দশা হয়, এই দশার পরিমাণ ৬ ছয় বৎসর ইহার প্রতি নক্ষত্রে ২ দুই বৎসর প্রতি নক্ষত্রের পাদে ৬ ছয় মাস এবং প্রতি দণ্ডে ১২ দিন ও প্রতি পলে ১২ দণ্ড হইয়া থাকে। ৬ আর্দ্রা, ৭ পুনর্ব্বসু বা ৮ পুষ্যা নক্ষত্রে জন্ম হইলে মনুষ্যের প্রথমে চন্দ্রের দশা হয় এই দশা ১৫ বৎসর ইহার প্রতি নক্ষত্রে ৩ বৎসর ৯ মাস, প্রতি পাদে ১১ মাস ৭ দিন ৩০ দণ্ড, প্রদি দণ্ডে ২২ দিন ৩০ দণ্ড এবং প্রতি পলে ২২ দণ্ড ৩০ পল জানিবে।

১০ মঘা ১১ পূর্ব্বফল্গুনী বা উত্তর ফল্গুনী নক্ষত্রে জন্ম হইলে মঙ্গলের দশায় জন্ম জানিবে। এই দশার পরিমাণ ৮ বৎসর ইহার প্রতি নক্ষত্রে ২ দুই বৎসর ৮ আট মাস,

* কোন কোন গ্রন্থকারের মতে সাবন শুদ্ধির আবশ্যক নাই।

প্রতি নক্ষত্রের পাদে ৮ আট মাস এবং প্রতি দণ্ডে ১৬ ষোল দিন ও প্রতি পলে ১৬ ষোল দণ্ড হয়।

১৩ হস্তা, ১৪ চিত্রা, ১৫ স্বাতী বা ১৬ বিশাখা নক্ষত্রে জন্ম হইলে বুধের দশায় জন্ম জানিবে। এই দশার পরিমাণ ১৭ বৎসর ইহার প্রতি নক্ষত্রে ৪ চারি বৎসর ৩ তিন মাস, প্রতি নক্ষত্রের পাদে ১ বৎসর ২২ দিন ৩০ ত্রিশ দণ্ড, প্রতি দণ্ডে ২৫ পঁচিশ দিন ৩০ ত্রিশ দণ্ড প্রতি পলে ২৫ পঁচিশ দণ্ড ৩০ ত্রিশ পল।

১৭ অনুরাধা, ১৮ জ্যেষ্ঠা ও ১৯ মূলা নক্ষত্রে জন্ম হইলে মনুষ্যের প্রথমে শনির দশা হয়, এই দশার পরিমাণ ১০ বৎসর, ইহার প্রতি নক্ষত্রে ৩ তিন বৎসর ৪চারি মাস, প্রতি নক্ষত্রের পাদে ১০ দশ মাস, এবং প্রতি দণ্ডে ২০ দিন ও প্রতিপলে ২০ দণ্ড হয়।

২০ পূর্ব্বাষাঢ়া, ২১ উত্তরাষাঢ়া, ০ অভিজিৎ, ও ২২ শ্রাবণানক্ষত্রে জন্ম হইলে প্রথমে বৃহস্পতির দশা হইবে। এই দশার পরিমাণ ১৯ বৎসর, ইহার প্রতি নক্ষত্রে ৪ চারি বৎসর ৯ মাস, প্রতি নক্ষত্রের পাদে ১ বৎসর ২ মাস ১৫ দিন, প্রতিদণ্ডে ২৮ দিন ৩০ দণ্ড ও প্রতিপলে ২৮ দণ্ড ৩০ পল ভোগ হইয়া থাকে।

অন্য প্রকার।

গুরোর্ব্বর্ষং চতুর্ভাগং পূর্ব্বাষাঢ়ৈকভাগকং।
অন্যত্রিভাগং দ্বিঃ কৃত্বা শেষয়োশ্চ সমং ন্যসেৎ॥ ৮

পূর্ব্বাষাঢ়া ৪।৯ উত্তরাষাঢ়া ৭।১।১৫ শ্রবণা ৭।১।১৫ এবং বর্ষ ১৯।

বৃহস্পতির স্থূলদশার পরিমাণ ১৯ উনিশ বৎসর, এই দশা পরিমিত কালকে চারি ভাগ করিয়া এক ভাগ পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের ও অবশিষ্ট তিন ভাগের সমষ্টি অর্থাৎ ১৪ বৎসর ৩ মাসকে দুই ভাগ করিয়া এক ভাগ অর্থাৎ ৭ সাত বৎসর ১ এক মাস ১৫ পনের দিন উত্তরাষাঢ়া নক্ষত্রের ও ৭ সাত বৎসর ১ এক মাস ১৫ পনের দিন, শ্রবণা নক্ষত্রের বিভাগ জানিবে।

অন্যচ্চ।

উত্তরে তদ্বিভাগার্দ্ধং ন্যসেৎ শেষং দ্বয়োঃ সমং॥
ইতি অগ্নিপুরাণাৎ।

উত্তরাষাঢ়া ৭।১।১৫
অভিজিৎ ৩।৬।২২।৩০
শ্রবণা ৩।৬।২২।৩০

অগ্নিপুরাণ মতে বৃহস্পতির দশাকে ৪ চারি ভাগ করিয়া এক ভাগ পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের ও অপর তিন ভাগের সমষ্টির অর্দ্ধেক, উত্তরাষাঢ়া নক্ষত্রের এবং অবশিষ্ট অর্দ্ধেকের অর্দ্ধেক অভিজিৎ নক্ষত্রের ও অপর অর্দ্ধেক শ্রবণা নক্ষত্রের বিভাগ জানিবে।

যথা। পূর্ব্বাষাঢ়ার ৪ চারি বৎসর ৯ মাস, উত্তরাষাঢ়ার ৭ সাত বৎসর ১ এক মাস ১৫ পনের দিন, অভিজিতের ৩ তিন বৎসর ৬ ছয় মাস ২২ বাইশ দিন ৩০ ত্রিশ দণ্ড ও শ্রবণার ৩ তিন বৎসর ৬ ছয় মাস ২২ বাইশ দিন ৩০ দণ্ড।

২৩ ধনিষ্ঠা, ২৪ শতভিষা ও ২৫ পূর্ব্ব ভাদ্র পদ নক্ষত্রে জন্ম হইলে প্রথমে রাহুর দশা হইবে। এই দশার পরিমাণ ১২ বার বৎসর ইহার প্রতি নক্ষত্রে ৪ চারি বৎসর প্রতি নক্ষত্রের পাদে ১ এক বৎসর প্রতি দণ্ডে ২৪ চব্বিশ দিন এবং প্রতি পলে ২৪ চব্বিশ দণ্ড করিয়া ভোগ জানিবে।

২৬ উত্তরভাদ্র পদ, ২৭ রেবতী, ১ অশ্বিনী ও ২ ভরণী নক্ষত্রে জন্ম হইলে প্রথমে শুক্রের দশা হয়। ঐ দশার পরিমাণ ২১ একুশ বৎসর, ইহার প্রতি নক্ষত্রে ৫ পাঁচ বৎসর ৩ তিন মাস, প্রতি নক্ষত্রের পাদে ১ এক বৎসর ৩ মাস ২২ বাইশ দিন ৩০ ত্রিশ দণ্ড এবং প্রতি দণ্ডে ১ এক মাস ১ এক দিন ৩০ দণ্ড প্রতি পলে ৩১ দণ্ড ৩০ পল ভোগ হয়।

সূর্য্যারসূর্য্যাত্মজরাহুকানাং,
দ্বিঘ্না দশাব্দা দিবসাশ্চ তেষাং।
চন্দ্রজ্ঞজীবাস্ফুজিতাঞ্চ সার্দ্ধা
ভবন্তি নক্ষত্র গণস্ত দণ্ডে॥

সূর্য্য, মঙ্গল, শনি ও রাহুর দশাপরিমিত বর্ষকে দ্বিগুণ করিলে যত অঙ্ক হইবে, এবং চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্রের দশা পরিমিত বর্ষকে দেড় গুণ করিলে গুণফল

যত হইবে, এক দণ্ডে তত দিন করিয়া দশা ভুক্তি জানিবে।

যখন জন্মনক্ষত্রের পরিমাণ যাইট দণ্ড হইবে, তখনই এইরূপ প্রক্রিয়া দ্বারা গণনা করিবে, নচেৎ অনুপাত করিবে।

খনা।

শুভের দেড়া পাপের দুনা।
দণ্ডপ্রতি দিন গণনা॥

---

অথ গ্রহাণাং দশাফলং।

রবেঃ। উদ্বিগ্নচিত্ত পরিখেদিত বিত্তনাশং
ক্লেশ প্রবাস গদভীতি মহাভিঘাতান্।
দুঃখ প্রয়োগ বধবন্ধ ভয়ানি চৈব
ভানোর্দ্দশা প্রকুরুতে খলু রাজপীড়াং॥ ১

রবির দশাতে চিত্তের উদ্বেগ, পরিতাপ, ধন হানি, ক্লেশ, বিদেশ গমন, রোগভয়, অনিষ্টাপাত, দুঃখ, জীবন হানি, বন্ধন, ও রাজপীড়া হইয়া থাকে। ১

চন্দ্রস্য। কুর্য্যাদ্বিভূতি বরবাহন রত্নছত্র
ক্ষেম প্রতাপ ধনবীর্য্য সমন্বিতানি।
মিষ্টান্ন পান শয়নাসন ভোজনানি
চান্দ্রীদশা প্রকুরুতে বিপুলাঞ্চ সিদ্ধিং॥ ২

চন্দ্রের দশাতে মনুষ্যের ঐশ্বর্য্য ঘোটকাদি বাহন, রাজপূজা, রত্ন, ছত্র, মঙ্গল, প্রতাপ, বীর্য্য বৃদ্ধি হয়। এবং মিষ্টান্ন ভোজন, পানীয় পান ও উত্তম শয্যা লাভ হয়। ২

মঙ্গলস্য। শস্ত্রাভিঘাত বধবন্ধভয়ং বিধত্তে
চিন্তাজ্বরং বিকলতাঞ্চ গৃহে করোতি।
চৌরাগ্নিদাহ ভয়ভঙ্গ বিবাদ রোগ
কীর্ত্তি প্রতাপ ধনহাচ দশা কুজস্য॥ ৩

মঙ্গলের দশাতে দুষ্ট লোক হইতে আত্ম বিনাশ, বন্ধন ভয়, চিন্তা, জ্বর, বিকলতা, চৌরভীতি, অগ্নি ভয়, বিবাদ, রোগ, অকীর্ত্তি, প্রতাপহানি, ও ধন বিনাশ হয়। ৩

বুধস্য। দিব্যাঙ্গনাবদন পঙ্কজ ষট্‌পদত্বং
লীলা বিলাস বরভোগ সুখোদয়ঞ্চ।
নানাপ্রকার বিভবাগম কোষবৃদ্ধিং
ক্ষিপ্রং সুজেন্দুধদশা বিপুলাঞ্চ সিদ্ধিং॥ ৪

বুধের দশাতে উত্তমা কামিনী সম্ভোগ, ধনাগম, অতিশয় সুখলাভ, বিবিধ ঐশ্বর্য্য, কোষাগার বৃদ্ধি, ও মনোরথ পূর্ণ হয়। ৪

শনেঃ। মিথ্যা প্রবাদ বধবন্ধনিরাশ্রয়ত্বং
চৌরাদি ভূপতি ভুজঙ্গম ভীতিময়ং।
আশানিরাশমথচার্জ্জন কার্য্যহানিং
সূর্য্যাত্মজঃ প্রকুরুতে নিয়তং নরাণাং॥ ৫

শনির দশাতে অপবাদ, বধ বন্ধন, আশ্রয় বিনাশ, চৌরভয়, অগ্নিভয়, সর্পভয়, রাজভয়, আশাভঙ্গ, ও কার্য্য হানি হইয়া থাকে। ৫

বৃহস্পতেঃ। রাজ্যাস্পদং তনয়বিত্ত বিশাল ভোগান্
পর্য্যাপ্ত সৌখ্য ধনধান্য সমাশ্রয়ঞ্চ।
ধর্ম্মার্থকাম সুখভোগ বহু প্রয়োগং
যাবদ্বৃহস্পতি দশা পুরুষো হি তাবৎ॥ ৬

বৃহস্পতির দশাতে রাজ্যপ্রাপ্তি, ধনাগম, পুত্রলাভ, বিবিধ বস্তু ভোগ, সুখ বৃদ্ধি, ধনধান্যবৃদ্ধি, বিদ্যা, সুখ্যাতি এবং লক্ষ্মীলাভ হয়। ৬

রাহোঃ। ভার্য্যাদি দূষণনিমিত্ত বিবাদ বন্ধ
শস্ত্রাভিঘাত ভয়হীন পরাক্রমঞ্চ।
অপ্রাপ্ত সৌখ্য ধনকাঞ্চন হীনদেহো
রাহোর্দ্দশা ভবতি জীবন সংশয়ায়॥ ৭

রাহুর দশাকালে মনুষ্যের পত্নীর অপরাধ নিমিত্ত বিবাদ বন্ধন এবং অস্ত্রাঘাতের ভয় অল্প পরাক্রম অত্যন্ত কষ্ট ধন ও কান্তি বিহীন দেহ হয়। ৭

শুক্রস্য। মন্ত্রপ্রভূত বিপুলং প্রমদা বিলাসং
শ্বেতাতপত্র নৃপপূজিত কোষ বৃদ্ধিং।
হস্ত্যশ্ব যানপরিপূর্ণ মনো রথঞ্চ
শৌক্রীদশা স্বজতি নিশ্চল রাজলক্ষ্মীং॥ ৮

মানবের শুক্রের দশা ভোগ কালে মন্ত্র সিদ্ধি প্রমদা সঙ্গলাভ অভিলাষ পূর্ণ, সম্মান, বদান্যতা, রাজপূজিত,

হস্তি, অশ্ব প্রভৃতি যানারোহণে গমন করে, মনোরথ-সিদ্ধি, অর্থসঞ্চয়, রাজ লক্ষ্মীলাভ হইয়া থাকে। ৮

ইতি স্থূলদশা ফলং।

---

## অথ অন্তর্দ্দশা।

স্বদশাভির্দ্দশাং হত্বা নবভির্ভাগমাহরেৎ।
লব্ধা মাসাস্তু তচ্ছেষং পুরয়িত্বা চ ত্রিংশতা।
অষ্টৈর্হ্বত্বা দিনং লভ্যং তচ্ছেষে ষষ্টি পূরিতে।
নবভিশ্চ হৃতে লব্ধো জ্ঞেয়ো দণ্ডস্তদন্তরে॥ ১

যে গ্রহের দশায় যে গ্রহের অন্তর গণনা করিতে হইবে। সেই উভয় অঙ্কে পুরণ করিয়া তাহাকে ৯ নয় দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক মাস হইবে। পরে অবশিষ্ট অঙ্ককে ৩০ ত্রিশ দ্বারা পূরণ করিয়া ৯ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দিন হইবে। পরে অবশিষ্ট অঙ্ককে ৬০ যাইট দ্বারা পুরণ করিয়া ৯ নয় দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক দণ্ডাদি হইবে।

### রবের্দ্দশায়াং রব্যাদীনামন্তর্দ্দশা বিভাগঃ।

রবেঃ ষড়্ বর্ষ মধ্যে তু বেদমাসা রবের্নিজাঃ।
চন্দ্রস্য দশমাসাশ্চ দিগ্দিনং পঞ্চমাসকাঃ॥
কুজস্য জস্য রুদ্রস্য মাসা দিগ্দিবসাঃশনেঃ।
ঋতু মাসা বিংশতিশ্চ গুরোর্ব্বর্ষস্তু বিংশতিঃ।
রাহোর্ম্মাসাষ্টকা জ্ঞেয়া ভৃগোর্ব্বর্ষস্তু মাসকৌ।
এবং গ্রহাণামন্যেষামুহ্যাশ্চৈবান্তরোদয়াঃ॥

রবির স্থূল দশা ৬ ছয় বৎসর তাহার মধ্যে রবির নিজান্তর ৪ চারি মাস, চন্দ্রে অন্তর ১০ দশমাস, মঙ্গলের অন্তর ৫। ১০ পাঁচ মাস দশ দিন, বুধের অন্তর ১১। ১০ এগার মাস দশ দিন, শনির অন্তর ৬। ২০ ছয় মাস কুড়ি দিন, বৃহস্পতির অন্তর ১ এক বৎসর কুড়ি দিন, রাহুর অন্তর ৮ আট মাস, শুক্রের অন্তর ১। ২ এক বৎসর দুই মাস এইরূপে অন্য অন্য গ্রহের দশাতে অংশমত গ্রহ-গণের অন্তর্দ্দশা ভোগ কাল জানিবে।

### সামান্যান্তর্দ্দশা বিভাগঃ।

যদ্‌গ্রহস্যান্তরে যস্য যৎ সংখ্যং কালমাপ্নুবান্।
তৎ সংখ্যস্যান্তরে তস্মৈ স দদ্যাদিতি নিশ্চয়ঃ॥

যে গ্রহের দশার মধ্যে যত কাল যে গ্রহ অন্তর্দ্দশা প্রাপ্ত হইবে। সেই গ্রহের দশাতেও তত সময় সেই গ্রহকে অন্তর্দ্দশা প্রদান করিবে।

### রবের্দ্দশয়াং রবেরন্তর্দ্দশা।

৪ মাস।

ফলং। দণ্ডো রাজ কুলাদিত্যো মনস্তাপশ্চ বন্ধনং।
প্রবাসং বেদনাং দুঃখং স্বদশায়াং দিবাকরঃ। ১

রবির দশাতে রবির অন্তর্দ্দশায় রাজদণ্ড, মনস্তাপ, বন্ধন, বিদেশগমন, শরীরপীড়া ও নানাপ্রকার দুঃখভোগ করে। ১

### রবের্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

১০ মাস

ফলং। শত্রুনাশং রুজোহানিং বিত্তলাভং সুখোদয়ম্।
কুরুতে কুশলং নৃণাং রবেরন্তর্গতঃ শশী। ২

রবির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় মনুষ্যের শত্রুনাশ, রোগ শান্তি, বিত্তলাভ ও নানাবিধ সুখ হইয়া থাকে।২

### মতান্তরে।

গদশঙ্কটসন্ত্রাসং স্বেচ্ছাহানিং মনঃক্ষতিং।
কুরুতে রজনীনাথো ভানোরন্তর্দ্দশাংগতঃ॥৩

রবির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় রোগ, শঙ্কা, ত্রাস, ইচ্ছাহানি, মনঃপীড়া প্রভৃতি হইয়া থাকে। ৩

### রবের্দ্দশায়াং কুজস্যান্তর্দ্দশা।

৫ মাস ১০ দিন।

ফলং। সর্ব্বেষাং তিলকো ভূত্বা মণি রত্ন প্রবালকং।
প্রাপ্নোতি ধনধান্যানি রবেরন্তর্গতে কুজে॥ ৪

রবির দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় মনুষ্য সকলের প্রধান হইয়া মণি, রত্ন ও প্রবাল প্রভৃতি লাভ করে। ৪

### রবের্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

১১ মাস ১০ দিন।

ফলং। দারিদ্র্যং দুঃখিতং নিত্যং সর্ব্বগাত্রে বিচর্চ্চিকা।
নশ্যন্তি সর্ব্বকর্ম্মাণি রবেরন্তর্গতে বুধে॥ ৫

রবির দশাতে ১১ এগার মাস ১০ দশ দিন বুধের অন্তর্দ্দশা ইহাতে মনুষ্য দারিদ্র ও দুঃখী হয়, এবং সর্ব্ব গাত্রে বিচর্চ্চিকা প্রভৃতি রোগ হইয়া থাকে ও সকল কার্য্য নষ্ট হয়। ৫

মতান্তরে।

কিব্বিষৈঃ শত্রুভিঃ কুষ্ঠৈঃ পাটৈর্ব্বিচর্চ্চিকাদিভিঃ।
গাত্রোপদ্রবকং ক্ষুদ্রং সূর্য্যান্তর্গতে বুধে॥ ৬

মতান্তরে

রবির দশাতে বুধের অন্তর্দ্দশায় মনুষ্যের পাপ, শত্রু ও কুষ্ঠ বিচর্চ্চিকা প্রভৃতি রোগে আক্রান্ত হয়, এবং নানাপ্রকার শরীরের উপদ্রব হওয়াতে ক্লেশ পায়। ৬

রবের্দ্দশায়াং শনেরন্তর্দ্দশা।

মাস ৬। ২০ দিন।

ফলং। রাজোভয়ঞ্চ সততং শক্তিধৃতিধনক্ষয়ং।
সর্ব্বদা তস্য বৈকল্যং রবেরন্তর্গতে শনৌ॥ ৭

রবির দশাতে ৬ ছয় মাস ২০ কুড়ি দিন শনির অন্তর্দ্দশার কাল হয়, এই সময়ে মনুষ্য রাজভয় প্রাপ্ত হইয়া স্বীয় শক্তিরহিত ও ধৈর্য্যহীন হয়। এবং তাহার সকল কার্য্য বিফল হইয়া যায়। ৭

মতান্তরে।

সন্তাপং বিত্তনাশঞ্চ বন্ধুনাশং পরাজয়ং।
সৌরিঃ করোতি বৈকল্যং ভানোরন্তর্দ্দশাং গতঃ॥ ৮

রবির দশাতে শনির অন্তর্দ্দশায় মনুষ্যের সন্তাপ, বিত্তনাশ, বন্ধুনাশ, পরাজয় ও সকল কার্য্য নষ্ট হয়। ৮

রবের্দ্দশায়াং বৃহস্পতেরন্তর্দ্দশা।

বর্ষ ১। ০। ২০ দিন

সম্পদো ব্যাধি হানিঞ্চ বিশ্বাসং লভতে নরঃ।
প্রাপ্নোতি ধর্ম্মপদবীং রবেরন্তর্গতে গুরৌ॥ ৯

রবির দশাতে ১ বৎসর ২০ কুড়ি দিন বৃহস্পতির অন্তর্দ্দশার কাল হয়, এই সময়ে মনুষ্যের সম্পত্তি বৃদ্ধি ও রোগ শান্তি হয়। এবং লোকের নিকট বিশ্বাস ও ধর্ম্ম লাভ করে। ৯

মতান্তরে।

ধর্ম্মার্থকামসৌখ্যানি দদাতি বিবুধার্চ্চিতঃ।
কুষ্ঠাদি ব্যাধিহন্তা চ ভানোঃ পাকদশাং গতঃ। ১০

রবির দশাতে বৃহস্পতির অন্তর্দ্দশায় মনুষ্যের ধর্ম্ম, অর্থ, সুখ লাভ হয়। এবং কুষ্ঠাদি রোগ শান্তি হইয়া সুখভোগ করে। ১০

রবের্দ্দশায়াং রাহোরন্তর্দ্দশা।

মাস ৮।

ফলং। রোগং শোকং ভয়ং দত্তে মরণঞ্চাশুভং সদা।
বিত্তনাশকরো নিত্যং ভানোরন্তর্গতস্তমঃ। ১১

রবির দশাতে ৮ আট মাস রাহুর অন্তর্দ্দশা কাল এই সময়ে মনুষ্যের রোগ, শোক, ভয়, মৃত্যু, বিত্তনাশ ও নানাপ্রকার অশুভ হইয়া থাকে। ১১

রবের্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষ ১। ২ মাস।

ফলং। শিরো জঠর রোগাদৌ জ্বরাতিসার শূলকৈঃ।
শরীরং নশ্যতি ক্ষিপ্রং রবেরন্তর্গতে ভৃগৌ॥ ১২

রবির দশাতে ১ এক বৎসর ২ মাস শুক্রের অন্তর্দ্দশাকাল এই সময়ে মনুষ্যের শিরঃপীড়া, উদরাময়, জ্বর, অতিসার ও শূল প্রভৃতি রোগ হইয়া শীঘ্র শরীর নষ্ট হয়। ১২

ইতি রবের্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

---

অথ চন্দ্রস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

চন্দ্রস্য নিজান্তর্দ্দশা।

বর্ষ ২। ১ মাস।

দদাতি বহুসম্পত্তিং বরস্ত্রীং কনকান্বিতাং।
নির্ভয়েন যশোবৃদ্ধিং স্বদশায়াং নিশাকরঃ॥ ১

চন্দ্রের স্থূল দশার কাল ১৫ পনের বৎসর, ইহার মধ্যে ২ দুই বৎসর ১ এক মাস চন্দ্রের নিজান্তর্দ্দশা এই সময়ে সম্পত্তি বৃদ্ধি, স্বর্ণভূষিতা স্ত্রী লাভ ও অতিশয় যশোবৃদ্ধি হয়। ১

### চন্দ্রস্য দশায়াং কুজস্যান্তর্দ্দশা।

বর্ষ ১। ১। ১০।

ফলং। অপূর্ব্বং ভয়মাপ্নোতি চৌরাদিভ্যো ভয়ং সদা।
শরীরক্লেশ মাপ্নোতি চন্দ্রস্যান্তর্গতে কুজে॥ ২

চন্দ্রের দশাতে ১ এক বৎসর ১ এক মাস ১০ দশ দিন মঙ্গলের অন্তর্দ্দশার কাল, এই সময়ে সদাকাল চৌর-ভয় ও শরীরের ক্লেশ প্রভৃতি বিবিধ উপদ্রব হইয়া থাকে। ২

### মতান্তরে।

পিত্ত শোণিত পীড়াঃস্যুশ্চৌরাদীনাং ভয়ং তথা।
মঙ্গলঃ কুরুতে নিত্যং বিধোরন্তর্দ্দশাং গতঃ॥ ৩

চন্দ্রের দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় মনুষ্যের রক্ত পিত্ত পীড়া ও সদাকাল চোরের ভয় হইয়া থাকে। ৩

### চন্দ্রস্য দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

বর্ষ ২। ৪। ১০

ফলং। প্রভুত্বং সুখসম্পত্তি গজাশ্বগোধনাদিকং।
দদাত্যন্তর্গতো নিত্যং শশিনঃ শশিনন্দনঃ॥ ৪

চন্দ্রের দশাতে ২ দুই বৎসর ৪ চারি মাস ১০ দশ দিন বুধের অন্তর্দ্দশার ভোগকাল, এই সময়ে প্রভুত্ব, সুখ, সম্পত্তি, হস্তিঘোটকাদি বাহন, ও গোধনাদি লাভ হয়। ৪

### চন্দ্রস্য দশায়াং শনেরন্তর্দ্দশা।

বর্ষ ১। ৪। ২০

ফলং। বুদ্ধিক্ষয়ো সুহৃদ্দ্বেষী শোকাকুল মহাপদী।
ভবেন্নরো নসন্দেহশ্চন্দ্রস্যান্তর্গতে শনৌ॥ ৫

চন্দ্রের দশাতে ১ এক বৎসর ৪ চারি মাস ২০ দিন শনির অন্তর্দ্দশার কাল, এই সময়ে বুদ্ধিক্ষয় সুহৃদ্ভেদ, মহাবিপদ, প্রভৃতি নানাবিধ অমঙ্গল হয়। ৫

### মতান্তরে।

বন্ধুক্লেশং নৃপাত্তীতিং ব্যসনং শোক শঙ্কটং।
বিনাশং কুরুতে সৌরিশ্চন্দ্রস্যান্তর্দ্দশাং গতঃ॥ ৬

চন্দ্রের দশাতে শনির অন্তর্দ্দশায়, বন্ধু ক্লেশ, রাজ-ভয়, বিপদ, শোক ও সম্পত্তি নাশ, হইয়া থাকে। ৬

### চন্দ্রস্যদশায়াং গুরোরন্তর্দ্দশা।

বর্ষাদি ২। ৭। ২০

ফলং। ধনধর্ম্মাদি সৌখ্যঞ্চ বস্ত্রালঙ্কার শোভিতং।
প্রাপ্যতে চ নরো নিত্যং চন্দ্রস্যান্তর্গতে গুরৌ॥ ৭

চন্দ্রের দশাতে ২ দুই বৎসর ৭ সাত মাস ২০ কুড়ি দিন বৃহস্পতির অন্তর্দ্দশার কাল, এই সময়ে মনুষ্য ধন, ধর্ম্ম, সুখ, বস্ত্র, অলঙ্কার লাভ করে। ৭

### মতান্তরে।

দানসৌখ্যানি সম্ভোগং বস্ত্রালঙ্কারভূষণং।
কুরুতে বিবুধাচার্য্যো বিধোরন্তর্দ্দশাং গতঃ॥ ৮

চন্দ্রের দশাতে বৃহস্পতির অন্তর্দ্দশায় দানশীল হয় এবং সুখভোগ, বস্ত্র ও অলঙ্কারাদি লাভ করে। ৮

### চন্দ্রস্য দশায়াং রাহোরন্তর্দ্দশা।

বর্ষাদি ১। ৮

ফলং। সর্ব্বরোগো ভবেন্নিত্যং বন্ধুনাশো ধনক্ষয়ঃ।
ন কিঞ্চিৎ সুখমাপ্নোতি চন্দ্রস্যান্তর্গততমঃ॥ ৯

চন্দ্রের দশাতে ১ এক বৎসর ৮ আট মাস রাহুর অন্তর্দ্দশার কাল, এই সময়ে সকল প্রকার রোগ, বন্ধুনাশ, ধনক্ষয়, এবং উক্ত দশাবিশিষ্ট ব্যক্তি কিঞ্চিৎ কালের নিমিত্তেও সুখী হইতে পারে না। ৯

### মতান্তরে।

বহ্নিশত্রুভয়ং দুঃখং শোকং বন্ধুধনক্ষয়ং।
কুরুতে রাহুরত্যর্থং চন্দ্রপাকদশাং গতঃ॥ ১০

চন্দ্রের দশাতে রাহুর অন্তর্দ্দশায় অগ্নিভয়, দুঃখ, শোক, বন্ধুবিচ্ছেদ, ধনক্ষয় হইয়া থাকে। ১০

### চন্দ্রস্যদশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ২। ১১

ফলং। বরাঙ্গনাভিঃ সংযোগো ধনধান্যঞ্চ বিন্দতি।
মুক্তাহারমণিশ্চৈব চন্দ্রস্যান্তর্গতে ভৃগৌ॥ ১১

চন্দ্রের দশাতে ২ দুই বৎসর ১১ এগার মাস, শুক্রের অন্তর্দ্দশার কাল, এই সময়ে মনুষ্য উত্তমাস্ত্রীসঙ্গম, ধন, ধান্য, মুক্তা, মণি প্রভৃতি লাভ করিয়া সুখী হয়। ১১

মতান্তরে।

সেব্যতে বরনারীভির্নরো লক্ষ্মীঃ প্রবর্ত্ততে।
মুক্তাহারমণিপ্রাপ্তির্বিধোরন্তর্গতে সিতে॥ ১২

চন্দ্রের দশাতে শুক্রের অন্তর্দ্দশায় মনুষ্য উত্তমা স্ত্রী কর্ত্তৃক সেব্যমান হইয়া শ্রীলাভ করে এবং মুক্তা, মণি প্রভৃতি প্রাপ্ত হয়। ১২

## চন্দ্রস্য দশায়াং রবেরন্তর্দ্দশা।

মাসাদি। ০। ১০

ফলং। ভূপপ্রসাদসৌখ্যঞ্চ ঐশ্বর্য্যমতুলং ভবেৎ।
করোতি ধনসম্পত্তিং চন্দ্রস্যান্তর্গতো রবিঃ॥ ১৩

চন্দ্রের দশাতে ১০ দশ মাস, রবির অন্তর্দ্দশার কাল, এই সময়ে মনুষ্য রাজার অনুগ্রহ, সুখ, অতুল ঐশ্বর্য্য লাভ করে। ১৩

মতান্তরে।

ঐশ্বর্য্যং রাজপূজা চ ব্যাধিনাশমরিক্ষয়ং।
নৃপতেজো রবিঃ কুর্য্যাৎ বিধোঃ পাকদশাং গতঃ॥ ১৪

চন্দ্রের দশাতে রবির অন্তর্দ্দশায় ঐশ্বর্য্য, রাজপূজা, রোগশান্তি, শত্রুক্ষয় হইয়া থাকে। ১৪

---

## মঙ্গলস্য দশায়ামন্তর্দ্দশা।

তত্রনিজান্তর্ম্মাসাদি ০। ৭। ৩। ২০

ফলং। মঙ্গলস্য দশায়াস্তু কলহো বন্ধুভিঃ সহ।
অগ্নিদাহাদি পীড়াঞ্চ লভতে নিয়তং নরঃ॥ ১

মঙ্গলের দশাতে ৭ সাত মাস ৩ তিন দিন ২০ কুড়ি দণ্ড, তাহার নিজান্তর্দ্দশার কাল, এই সময়ে বন্ধুর সহিত কলহ, অগ্নিদাহ ও শারীরিক পীড়া ইত্যাদি হইয়া থাকে।১

## মঙ্গলস্য দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১। ৩। ৩। ২০

ফলং। নৃপচৌরাদি শত্রুভ্যঃ শৃঙ্গিভ্যো ভয়মেব চ।
হৃত্তাপঞ্চজ্বরশ্চৈব কুজস্যান্তর্গতে বুধে॥ ২

মঙ্গলের দশাতে ১ এক বৎসর ৩ মাস ৩ দিন ২০ দণ্ড বুধের অন্তর্দ্দশার কাল হয় এই সময়ে নৃপভয়, চৌরভয়, শত্রুভয় এবং শৃঙ্গীজন্তুগণের ভয় হইয়া থাকে। এবং মনস্তাপ ও জ্বরাদি রোগ হয়। ২

মতান্তরে।

পরমৈশ্বর্য্যমতুলং নানাবিধ সুখাশ্রয়ং।
করোতি সোমপুত্রশ্চ ক্ষিতিজান্তর্দ্দশাং গতঃ॥ ৩

মঙ্গলের দশায় বুধের অন্তর্দ্দশাতে মনুষ্য অতুল ঐশ্বর্য্য ও নানাবিধ সুখভোগ করে। ৩

## মঙ্গলস্য দশায়াং শনেরন্তর্দ্দশা।

মাসাদি ০। ৮। ২৬। ৪০

ফলং। ধননাশো মনস্তাপো হৃদিপীড়াদিকং ভবেৎ।
করোতি বিবিধং দুঃখং কুজস্যান্তর্গতঃ শনিঃ॥ ৪

মঙ্গলের দশাতে ৮ আট মাস ২৬ ছাব্বিশ দিন ৪০ চল্লিশ দণ্ড, শনির অন্তর্দ্দশার কাল, এই কালে ধননাশ, মনস্তাপ, হৃদয়পীড়া প্রভৃতি নানাবিধ দুঃখ হয়। ৪

মতান্তরে।

রিপুচৌরাগ্নিভীতিশ্চ রোগমন্তরমন্তরং।
মহাজনকৃতোদ্বেগং কুজস্যান্তর্গতে শনৌ॥ ৫

মঙ্গলের দশাতে শনির অন্তর্দ্দশায় রিপুভয়, অগ্নিভয়, চৌরভয়, নানাবিধ রোগ ও অতিশয় চিত্তোদ্বেগ হইয়া থাকে। ৫

## মঙ্গলস্য দশায়াং গুরোরন্তর্দ্দশা।

বর্ষাদি ১। ৪। ২৬। ৪০

ফলং। পুণ্যতীর্থসমাযোগো দেবব্রাহ্মণপূজকঃ।
ভৌমস্যান্তর্দ্দশাং প্রাপ্তে জীবে কিঞ্চিন্নৃপাদ্ভয়ং॥ ৬

মঙ্গলের দশাতে ১ এক বৎসর ৪ চারি মাস ২৬ ছাব্বিশ দিন ৪০ চল্লিশ দণ্ড বৃহস্পতির অন্তর্দ্দশার কাল, এই কালে মনুষ্য তীর্থযাত্রা, দেবব্রাহ্মণ পূজা, প্রভৃতি সৎকার্য্যকারী হয়। কিন্তু এই সময়ে কিঞ্চিৎ রাজভয় হইবার সম্ভাবনা। ৬

মতান্তরে।

পুষ্পধূপাম্বরস্রাদ্যৈর্দেবব্রাহ্মণ পূজনং।
নৃপতুল্যত্বমাপ্নোতি কুজস্যান্তর্গতে গুরৌ॥ ৭

মঙ্গলের দশাতে বৃহস্পতির অন্তর্দ্দশায় মনুষ্য পুষ্প, ধূপ, অন্ন বস্ত্রাদি দ্বারা দেবতা ও ব্রাহ্মণের অর্চনা করে। এবং রাজতুল্য সম্মান প্রাপ্ত হয়। ৭

মঙ্গলস্যদশায়াং রাহোরন্তর্দ্দশা।

মাসাদি ০। ১০। ২০

ফলং। শস্ত্রাগ্নিচৌরশত্রুভ্যো ভয়ঞ্চার্থবিনাশনং।
করোতি চাশুভং নিত্যং কুজস্যান্তর্গতস্তমঃ॥ ৮

মঙ্গলের দশাতে ১০ দশ মাস ২০ কুড়ি দিন রাহুর অন্তর্দ্দশার কাল হয়। এই সময়ে অস্ত্রভয়, অগ্নিভয়, চৌরভয়, শত্রুভয় ও বিত্তনাশ প্রভৃতি নানাপ্রকার অমঙ্গল হইয়া থাকে। ৮

মতান্তরে।

কার্য্যার্থনাশমুদ্বেগং বন্ধচৌরাদিসাধনং॥
কুরুতে সিংহিকাপুত্রো ভৌমস্যান্তর্দ্দশাং গতঃ॥ ৯

মঙ্গলের দশাতে রাহুর অন্তর্দ্দশায় কার্য্যনাশ অর্থ হানি, উদ্বেগ, বন্ধন ও চৌরভীতি প্রভৃতি সর্ব্বদা অনিষ্ট ঘটনা হয়। ৯

মঙ্গলস্য দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১। ৬। ২০

ফলং। ধননাশং তথা ব্যাধিং শত্রুভ্যঃ সমুপদ্রবং।
ভয়ং রাজকুলেভ্যোঽপি কুজস্যান্তর্গতে ভৃগৌ॥ ১০

মঙ্গলের দশাতে ১ এক বৎসর ৬ ছয় মাস ২০ কুড়ি দিন শুক্রের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে ধননাশ, রোগ, শত্রুভয়, নানাবিধ উপদ্রব ও রাজভয় হইয়া থাকে। ১০

মতান্তরে।

ধনবৃদ্ধিং সুখাদীংশ্চ নানাবস্ত্রবরস্ত্রিয়ঃ।
প্রাপ্নোতি বিপুলাং লক্ষ্মীং কুজস্যান্তর্গতে ভৃগৌ॥ ১১

মঙ্গলের দশাতে শুক্রের অন্তর্দ্দশায় ধনবৃদ্ধি, সুখ, স্ত্রীলাভ হয়, এবং শত্রুসম্পত্তি হস্তগত হইয়া থাকে। ১১

মঙ্গলস্যদশায়াং রবেরন্তর্দ্দশা।

মাসাদি ০। ৫। ১০। ০

ফলং। প্রচণ্ডৈশ্বর্য্যমতুলং নৃপপূজাদিকঞ্চ ভবেৎ।
স্ত্রীলাভঃ পদবীবৃদ্ধিঃ কুজস্যান্তর্গতে রবৌ॥ ১২

মঙ্গলের দশাতে ৫ পাঁচ মাস ১০ দশ দিন রবির অন্তর্দ্দশার কাল, এই সময়ে মনুষ্যের অতুল ঐশ্বর্য্য, রাজসম্মান, স্ত্রী লাভ ও পদবৃদ্ধি হয়। ১২

মতান্তরে।

নানারত্নঞ্চ সৌখ্যঞ্চ ভূমিলাভমথাপি বা।
নৃপপূজামবাপ্নোতি কুজস্যান্তর্গতে রবৌ॥ ১৩

মঙ্গলের দশাতে রবির অন্তর্দ্দশায় নানাবিধ রত্ন, সুখ, ভূমিলাভ ও রাজসম্মান প্রাপ্ত হয়। ১৩

মঙ্গলস্যদশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

১। ১। ১০। ০

ফলং। নানাবিত্তং সুহৃৎ সৌখ্যং মুক্তামণি বিভূষিতং।
চন্দ্রমা কুরুতে নিত্যং ভৌমস্যান্তর্দ্দশাং গতঃ॥ ১৪

মঙ্গলের দশাতে ১ এক বৎসর ১ মাস ১০ দশ দিন চন্দ্রের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে নানাপ্রকার সম্পত্তি, সুখ, মুক্তা ও মণি প্রভৃতি ভূষণ লাভ হয়। ১৪

মতান্তরে।

ধনলাভং সুখং ভোগং শরীরারোগ্যমেব চ।
লোকানন্তমবাপ্নোতি ক্ষিতিজান্তর্গতে বিধৌ॥ ১৫

মঙ্গলের দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় ধন লাভ, সুখ ভোগ, শরীরারোগ্য প্রভৃতি অশেষবিধ সৌভাগ্য লক্ষণ লক্ষিত হয়। ১৫

---

অথ বুধস্য দশায়ামন্তর্দ্দশা ফলং।

নিজান্তর্ব্বর্ষ ২।৮।৩।২০।

ফলং। বুধো ধর্ম্ম সমাযোগং বুদ্ধি লাভং ধনাগমং।
সুভগং বিপুলং বিত্তং স্বদশায়াং করোতি বৈ॥ ১॥

বুধের স্থূল দশা ১৭ বৎসর তন্মধ্যে ২ বৎসর ৮ আট মাস ৩ দিন ২০ দণ্ড তাহার নিজান্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্য ধর্ম্ম উপার্জ্জন করে এবং বুদ্ধি বৃদ্ধি, ধনলাভ, সৌভাগ্য ও অতুল ঐশ্বর্য্য হয়। ১

অথ বুধস্য দশায়াং শনেরন্তর্দ্দশা।

বর্ষাদি ১।৬।২৬।৪০ দণ্ড।

ফলং। বাতশ্লেষ্মকৃতাপীড়া বিবাদো বন্ধুভিঃ সহ।
বিদেশ গমনঞ্চাপি বুধস্যান্তর্গতে শনৌ॥ ২॥

বুধের দশাতে ১ এক বৎসর ৬ ছয় মাস ২৬ দিন ৪০ দণ্ড শনির অন্তর্দ্দশার কাল হয় এই সময়ে মনুষ্যের বাত-শ্লেষ্ম পীড়া হয়, এবং বন্ধুজনের সহিত বিবাদ ও বিদেশ গমন প্রভৃতি ক্লেশ হইয়া থাকে। ২

অথ বুধস্য দশায়াং বৃহস্পতেরন্তর্দ্দশা।

বর্ষাদি ২।১১।২৬।৪০ দণ্ড।

ফলং। ব্যাধিশত্রু ভয়ৈস্ত্যক্তো ধনাঢ্যো নৃপবল্লভঃ।

লভেত্তার্য্যাং সুপুত্রঞ্চ বুধস্যান্তর্গতে গুরৌ॥ ৩॥

বুধের দশাতে ২ বৎসর ১১ মাস ২৬ দিন ৪০ দণ্ড বৃহস্পতির অন্তর্দ্দশার কাল, এই সময়ে মনুষ্য রোগ হইতে মুক্ত হয়, এবং শত্রুভয়বিনাশ, ধনাগম হইয়া থাকে ও সুপুত্র লাভ করে। ৩

অথ বুধস্যদশায়াং রাহোরন্তর্দ্দশা।

বর্ষাদি ১।১০।২০ দিন।

অকস্মাদগ্নি ভীতিশ্চ ব্যাধি পীড়া চ বন্ধনং।

বিত্তনাশো মহাক্লেশো বুধস্যান্তর্গতে থরে॥ ৪॥

বুধের দশাতে ১ বৎসর, ১০ মাস ২০ দিন রাহুর অন্তর্দ্দশার কাল, এই কালে মনুষ্যের অকস্মাৎ অগ্নিভয়, রোগ, বন্ধন, বিত্তনাশ, ও মহা ক্লেশ হয়। ৪

মতান্তরে।

বন্ধুনাশং মনস্তাপং দেশ ত্যাগঞ্চ বন্ধনং।

করোতি বহু দুঃখানি বুধস্যান্তর্গতস্তমঃ॥ ৫॥

বুধের দশাতে রাহুর অন্তর্দ্দশার মনুষ্যের বন্ধুনাশ, মনস্তাপ, দেশত্যাগ, ও নানাবিধ দুঃখ হয়। ৫

অথ বুধস্য দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ৩।৩।২০ দিন।

ফলং। ধনাঢ্যং বহু পুত্রঞ্চ ধর্ম্ম রত্নং ধনাগমং।

কুরুতে দানবাচার্য্যো বুধস্যান্তর্দশাং গতঃ ৬॥

বুধের দশাতে ৩ বৎসর ৩ মাস ২০ দিন শুক্রের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্য ধনাঢ্য, পুত্রবান্ ও ধার্ম্মিক হয়। ৬

অথ বুধস্যদশায়াং রবেরন্তর্দ্দশা।

১১ মাস ১০ দিন।

ফলং। সুবর্ণ বিক্রমঞ্চৈব যশঃ প্রাপ্নোতি পুরুষঃ।

শ্রীমান্ পরধনাভোগী বুধস্যান্তর্গতে রবৌ॥ ৭॥

বুধের দশাতে ১১ মাস ১০ দিন রবির অন্তর্দ্দশার কাল এই কালে মনুষ্য সুবর্ণ, প্রবাল ও বিপুল যশোলাভ করে এবং শ্রীমান ও পর ধন প্রাপ্ত হয়। ৭

মতান্তরে।

শ্রিয়া পরময়া যুক্তং গজবাজিধনান্বিতং।

প্রভাকরঃ করোত্যাশু বুধস্যান্তর্দশাং গতঃ॥ ৮॥

বুধের দশাতে রবির অন্তর্দ্দশায় মনুষ্য শ্রীযুক্ত হইয়া গজ বাজি প্রভৃতি বাহন লাভ করে॥ ৮॥

অথ বুধস্যদশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ২।৪।১০ দিন।

কণ্টকাদি প্রবেশঞ্চ শৃঙ্গিভ্যো ভয়মেব চ।

নিশাকরঃ করোত্যাশু বুধপাক দশাংগতঃ॥ ৯॥

বুধের দশাতে ২ বৎসর ৪ মাস ১০ দিন চন্দ্রের অন্তর্দ্দশার কাল হয় এই কালে মনুষ্যের শত্রু ও শৃঙ্গি জন্ত হইতে ভয় উপস্থিত হইয়া নানা প্রকার কষ্ট হয়॥ ৯॥

মতান্তরে।

বহুবিত্তং মহাবুদ্ধিং দাস দাসী সমন্বিতং।

গজাশ্ব বহুলং দত্তে বুধস্যান্তর্গতঃ শশী॥ ১০।

বুধের দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় মনুষ্য মহাবুদ্ধি যুক্ত হইয়া বহুবিত্ত, দাস, দাসী, ও গজাশ্ব প্রভৃতি বাহন লাভ করে॥ ১০॥

অথ বুধস্য দশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১।৩।৩।২০ দণ্ড।

শিরো হৃদয় রোগঞ্চ দস্যুতস্করতো ভয়ং।

জঙ্ঘে পীড়া পদেচৈব বুধস্যান্তর্গতে কুজে॥ ১১॥

বুধের দশাতে ১ বৎসর ৩ মাস ৩ দিন ২০ দণ্ড মঙ্গলের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্যের শিরো রোগ, হৃদয় পীড়া, দস্যু ও তস্কর হইতে ভয় এবং জঙ্ঘাতে ও পাদে পীড়া হইয়া থাকে॥ ১১॥

মতান্তরে।

কফপিত্ত সমুদ্ভূতাং শিরঃ পীড়াং ভয়াবহাং।

মাহেয়ঃ কুরুতে শোকং বুধস্যান্তর্দ্দশাং গতঃ ॥ ১২ ॥

বুধের দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় মনুষ্যের কফপিত্ত ঘটিত পীড়া ও ভয়াবহ শিরোরোগ হয় ॥ ১২ ॥

ইতি বুধস্য দশায়ামন্তর্দ্দশা ফলং।

অথ শনের্দ্দশায়ামন্তর্দ্দশা।

তত্র নিজান্তর্দ্দশা মাসাদি ১১।৩।২০

ফলং। সৌরিঃ করোতি বৈকুল্যং পুত্র দারস্তু নিগ্রহং।

অর্থ বন্ধু বিনাশঞ্চ বিদেশ গমনং তথা ॥ ১ ॥

শনির দশা ভোগের কাল ১০ দশ বৎসর তন্মধ্যে ১১ মাস ৩ দিন ২০ দণ্ড তাহার নিজান্তর্দ্দশা এই সময়ে মনুষ্য খলবৃত্তি অবলম্বন করে এবং স্ত্রী ও পুত্রের নিকট নিগ্রহ, অর্থক্ষয়, বন্ধুবিনাশ ও বিদেশ গমন হয় ॥ ১

শনের্দ্দশায়াং গুরোরন্তর্দ্দশা।

বর্ষ ১। ৯। ৩। ২০ দণ্ড

ফলং। দেবতাসুরতং শান্তং নানাপ্রাপ্তিং করোতি চ।

করোতি রিপুনাশশ্চ শনেরন্তর্গতো গুরুঃ ॥ ২

শনির দশাতে ১ বৎসর ৯ মাস ৩ দিন ২০ দণ্ড বৃহস্পতির অন্তর্দ্দশার কাল হয়, এইকালে মনুষ্য দেবতার প্রতি অনুরক্ত ও শান্তপ্রকৃতি হইয়া বিবিধ সম্পত্তি লাভ করে এবং তাহার শত্রু নাশ হয় ॥ ২

শনের্দ্দশায়াং রাহোরন্তর্দ্দশা।

বর্ষাদি ১। ১। ১০। দিন।

ফলং। বিদেশগমনং দুঃখং বন্ধুদ্বেষং সুহৃদ্ভয়ং।

অকস্মাদগ্নিদাহঞ্চ শনেরন্তর্গতস্তমঃ ॥ ৩

শনির দশাতে ১ বৎসর ১ মাস ১০ দিন রাহুর অন্তর্দ্দশা হয়, এই সময়ে মনুষ্যের বিদেশগমন, বন্ধু বিদ্বেষ মিত্রভয় ও অকস্মাৎ অগ্নিদাহ প্রভৃতি নানাপ্রকার উপদ্রব হইয়া থাকে ॥ ৩

মতান্তরে।

নৃপাদ্ভয়ং জ্বরং রোগং দুঃখঞ্চ প্রাণ সংশয়ং।

ধনক্ষয়ঞ্চ কুরুতে শনেরন্তর্গতস্তমঃ ॥ ৪ ॥

শনির দশাতে রাহুর অন্তর্দ্দশায় মনুষ্যের রাজভয়, জ্বর, শিরোরোগ, দুঃখ, প্রাণ সংশয়, ও ধনক্ষয় হয় ॥ ৪

অথ শনের্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১। ১১। ১০ দিন।

সুহৃজ্জন সমা যোগং ভার্য্যাবিত্তসমন্বিতং।

সুখ সম্পত্তি সৌভাগ্যং শনেরন্তর্গতো ভৃগুঃ ॥ ৫

শনির দশাতে ১ বৎসর ১১ মাস ১০ দিন শুক্রের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্যের বন্ধু সমাগম, ভার্য্যা ও বিত্তলাভ, সুখ, সম্পত্তি ও সৌভাগ্য বৃদ্ধি হয় ॥ ৫

মতান্তরে।

সুহৃদ্বন্ধুধনৈঃ পূর্ণো ভার্য্যাবিত্তসমন্বিতঃ।

স্বর্ণং সুখঞ্চ লভতে সৌরস্যান্তর্গতে সিতে ॥ ৬

শনির দশাতে শুক্রের অন্তর্দ্দশায় বন্ধু লাভ, ধনাগম, স্ত্রীলাভ, বিত্তলাভ, স্বর্ণ লাভ ও সুখ হয় ॥ ৬

শনের্দ্দশায়াং রবেরন্তর্দ্দশা।

মাস ৬। দিন ২০।

ধন পুত্র বিনাশঞ্চ করোতি দুঃখ বর্দ্ধনং।

জীবনঞ্চ বলংহন্তি শনেরন্তর্গতো রবিঃ ॥ ৭

শনির দশাতে ৬ মাস ২০ দিন রবির অন্তর্দ্দশার কাল এই কালে মনুষ্যের ধনপুত্র বিনাশ হইয়া দুঃখ বৃদ্ধি হয় এবং জীবন ও বল নষ্ট হয় ॥ ৭

মতান্তরে।

পরদারাভি গমনং করোতি খরদীধিতিঃ।

জীবনস্য চ সন্দেহং শনেরন্তর্দ্দশাংগতঃ ॥ ৮

শনির দশাতে রবির অন্তর্দ্দশায় মনুষ্য পর দার গামী হয়, এবং জীবন সংশয় পীড়া হইয়া থাকে ॥ ৮

শনের্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

বর্ষ ১। ৪। ২০ দিন।

মরণং বন্ধু বিচ্ছেদং স্ত্রীনাশং কলহং সদা।

কোপং রোগং করোত্যেষ শনেরন্তর্গতঃ শশী ॥ ৯

শনির দশাতে ১ বৎসর ৪ মাস ২০ দিন চন্দ্রের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্যের মৃত্যু বন্ধুবিচ্ছেদ, স্ত্রী বিনাশ, কলহ ও নানাপ্রকার পীড়া হইয়া থাকে ॥ ৯

মতান্তরে।

স্ত্রী নাশং কুক্ষি রোগঞ্চ কফপিত্ত গদং শশী।

বন্ধু দ্বেষঞ্চ কুরুতে শনেরন্তর্দ্দশাং গতঃ ॥ ১০ ॥

শনির দশাতে চন্দ্রের দশায় মনুষ্যের স্ত্রী বিনাশ, উদরাময় ও কফপিত্ত ঘটিত রোগ, বন্ধু বিদ্বেষ প্রভৃতি উপদ্রব ঘটিয়া থাকে ॥ ১০

শনের্দ্দশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা।

মাস ৮। ২৬। ৪০ দণ্ড।

দেশত্যাগং তথাব্যাধিং নানা দুঃখ সমন্বিতং।

শনেরন্তর্দশাং প্রাপ্য মঙ্গলঃ কুরুতে সদা ॥ ১১

শনির দশাতে ৮ মাস ২৬ দিন ৪০ দণ্ড মঙ্গলের অন্তর্দ্দশার কাল হয় এই কালে মনুষ্যের দেশত্যাগ, পীড়া ও নানা প্রকার দুঃখ হইয়া থাকে ॥ ১১

মতান্তরে।

দেহক্ষৈণ্যং মহাঘোরং নানাদুঃখানি ভূমিজঃ।

ধননাশঞ্চ কুরুতে শনেরন্তর্দ্দশাংগতঃ ॥ ১২

শনির দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় মনুষ্যের দেহ ক্ষীণতা, নানাপ্রকার দুঃখ, ধননাশ, প্রভৃতি উদ্বেগ হয় ॥ ১২

শনের্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১। ৬। ২৬। ৪০ দণ্ড।

সৌভাগ্যং কুরুতে নিত্যং নানাসম্মান এব চ।

পুত্রং পৌত্রং কলত্রঞ্চ শনেরন্তর্গতো বুধঃ ॥ ১৩

শনির দশাতে ১ বৎসর ৬ মাস, ২৬ দিন, ৪০ দণ্ড বুধের অন্তর্দ্দশার কাল হয়, এইকালে মনুষ্য ভাগ্যবান্ ও সম্মান ভাজন হইয়া পুত্র পৌত্রলাভ করে ॥ ১৩

মতান্তরে।

আরোগ্যং বিজয়ং রাজ্যং বহুবিত্তানি সোমজঃ।

করোতি হাদরং লোকে শনেরন্তর্দ্দশাং গতঃ ॥ ১৪

শনির দশাতে বুধের অন্তর্দ্দশায় মনুষ্যের আরোগ্য, বিজয়, রাজ্য প্রাপ্তি, বিত্তলাভ ও লোকের নিকট আদর প্রাপ্ত হয় ॥ ১৪

ইতি শনেঃ।

---

অথ গুরোর্দ্দশায়াং মন্তর্দ্দশা।

নিজান্তর্দ্দর্ষাদি ৩। ৪। ৩। ২০

ফলং। কুরুতে পূর্ব্ব সৎপুত্রং তপঃ খ্যাতিঞ্চ পৌরুষং।

গজাশ্ববাহনং সৌখ্যং স্বদশায়াং বৃহস্পতিঃ ॥ ১

বৃহস্পতির স্থূল দশার পরিমাণ ১৯ বৎসর তন্মধ্যে ৩ বৎসর ৪ মাস ৩ দিন ২০ দণ্ড তাহার নিজান্তর্দ্দশা, এই সময়ে মনুষ্যের সৎপুত্র, তপস্যা, সুখ্যাতি, পৌরুষ, সুখ ও গজাশ্বাদি বাহন লাভ হয় ॥ ১

গুরোর্দ্দশায়াং রাহোরন্তর্দ্দশা।

বর্ষাদি ২। ১। ১০। ০

ফলং। অকস্মাদ্ভয়মাপ্নোতি রাজপীড়াং করোতি বৈ।

বন্ধনং হৃদি সন্তাপং গুরোরন্তর্গতস্তমঃ ॥ ২

বৃহস্পতির দশাতে ২ বৎসর ১ মাস ১০ দশ দিন রাহুর অন্তর্দ্দশার কাল হয়, এইকালে অকস্মাৎ ভয় ও রাজ পীড়া প্রভৃতি উপদ্রব উপস্থিত হয়, এবং বন্ধন ও মনস্তাপাদি শারীরিক ক্লেশ হইয়া থাকে ॥ ২

মতান্তরে।

ফলং। বন্ধুদ্বেষং মৃষাবাদং স্থান ভ্রংশং নিরাশ্রয়ং।

কলহং কারয়েদ্রাহুর্গুরোরন্তর্দ্দশাংগতঃ ॥ ৩

বৃহস্পতির দশাতে রাহুর অন্তর্দ্দশায় মনুষ্য বন্ধু জনের অপ্রিয় হয়, ও মিথ্যা কথা বলে, এবং স্বস্থান ভ্রষ্ট ও আশ্রয়বিহীন হইয়া নানা প্রকার কষ্ট পায় ও সকলের সহিত বিবাদ হইয়া থাকে ॥ ৩

গুরোর্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ৩। ৮। ১০।

ফলং। রিপোর্ভয়ং বন্ধুনাশং নানাব্যাধি সমাকুলং।

ভার্য্যা বিয়োগ দুঃখঞ্চ গুরোরন্তর্গতো ভৃগুঃ ॥ ৪

বৃহস্পতির দশাতে ৩ বৎসর ৮ মাস ১০ দিন শুক্রের অন্তর্দ্দশার কাল হয় এই কালে শত্রু ভয় ও বন্ধুনাশ হইয়া নানা প্রকার রোগে আক্রান্ত হয় এবং স্ত্রী বিয়োগ প্রভৃতি নানা প্রকার দুঃখ পায় ॥ ৪

মতান্তরে।

ফলং। কলহং শত্রুভিঃ সার্দ্ধং বিত্তনাশং মনঃক্ষতিং।

স্ত্রী বিয়োগঞ্চ কুরুতে জীবস্যান্তর্গতে ভৃগুঃ ॥ ৫

বৃহস্পতির দশাতে শুক্রের অন্তর্দ্দশায় শত্রুর সহিত কলহ, বিত্তনাশ, মনঃপীড়া ও স্ত্রী বিয়োগ প্রভৃতি নানাবিধ কষ্ট হয় ॥ ৫

গুরোর্দ্দশায়াং রবেরন্তর্দ্দশা।

বর্ষাদি ১। ০। ২০

ফলং। বহুমিত্রং বহুধনং সুভার্য্যাং রাজ বল্লভং।
কুরুতে ভাস্করঃ শান্তিং গুরোরন্তর্দ্দশাং গতঃ ॥ ৬

বৃহস্পতির দশাতে ১ বৎসর ২০ দিন রবির অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মিত্র লাভ, ধনাগম হয় এবং উত্তমা স্ত্রী লাভ করে ও রাজার প্রিয় পাত্র হইয়া থাকে ॥ ৬

অন্যচ্চ।

শত্রু পীড়াং রোগ দুঃখং বধবন্ধ ভয়াদিকং।
চৌরশত্রুভয়ং নিত্যং জীবস্যান্তর্গতো রবিঃ ॥ ৭

বৃহস্পতির দশাতে রবির অন্তর্দ্দশায় মনুষ্য শত্রু কৃত পীড়া, রোগ, দুঃখ, বধ, বন্ধন ও ভয় হয়। এবং সর্ব্বদা চোরের ভয় ও শত্রু ভয় ঘটিয়া থাকে ॥ ৭

গুরোর্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ২। ৭। ২০।

ফলং। বরস্ত্রীণাং ভবেল্লাভো রিপুরোগ বিবর্জ্জিতং।
নৃপতুল্যং প্রকুরুতে জীবস্যান্তর্গতঃ শশী ॥ ৮

বৃহস্পতির দশাতে ২ বৎসর, ৭ মাস, ২০ দিন চন্দ্রের অন্তর্দ্দশার কাল হয়, এই সময়ে মনুষ্য উত্তমাস্ত্রী লাভ করে। এবং শত্রুভয়, হীন ও রোগমুক্ত হইয়া রাজ তুল্য সম্মান লাভ করে ॥ ৮

অন্যচ্চ।

ভোগাঢ্যো বহুভার্য্যঃ স্যাৎ রিপুরোগবিবর্জ্জিতঃ।
নৃপতুল্যো ভবেচ্চৈব গুরোরন্তর্দ্দশাং গতঃ ॥ ৯

বৃহস্পতির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় মনুষ্য ভোগবান্, রিপুভয়বিহীন ও রোগমুক্ত হইয়া বহু স্ত্রী লাভ করে এবং রাজ তুল্য সম্মানী হয় ॥ ৯

গুরোর্দ্দশায়াং কুজস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১। ৪। ২৬। ৪০

ফলং। তীক্ষ্ণরোষো রিপোর্হন্তা গজবদ্ভীমদর্শনঃ।
সুখসৌভাগ্য সংযুক্তো গুরোরন্তর্গতে কুজে ॥ ১০

বৃহস্পতির দশাতে ১ বৎসর ৪ মাস ২৬ দিন ৪০ দণ্ড মঙ্গলের অন্তর্দ্দশার কাল এই কালে মনুষ্য অতিশয় রাগী, শত্রু নাশক ও হস্তীর ন্যায় ভীম দর্শন হয় এবং সৌভাগ্য যুক্ত হইয়া সুখে কাল যাপন করে ॥ ১০

গুরোর্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ২। ১১। ২৬। ৪০

ফলং। সুস্থোঽসুস্থঃ সুখী দুঃখী শত্রু বৃদ্ধিঃ পুনঃ পুনঃ।
দেবার্চ্চন পরোনিত্যং জীবস্যান্তর্গতে বুধে ॥ ১১

বৃহস্পতির দশাতে ২ বৎসর ১১ মাস ২৬ দিন ৪০ দণ্ড বুধের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্য কখন সুস্থ ও কখন অসুস্থ হইয়া কখন সুখ ও কখন দুঃখ ভোগ করে এবং এই সময়ে শত্রু বৃদ্ধি হয় ও দেবার্চ্চনাতে অনুরাগ জন্মে ॥ ১১

গুরোর্দ্দশায়াং শনেরন্তর্দ্দশা।

বর্ষাদি ১। ৯। ৩। ২০

ফলং। বেশ্যাঙ্গনাশ্রয়াৎ সৌখ্যং ভবেদ্বিত্তবিবর্জ্জিতঃ।
লুপ্তধর্ম্ম মনা নিত্যং গুরোরন্তর্গতে শনৌ ॥ ১২

বৃহস্পতির দশাতে ১ বৎসর ৯ মাস ৩ দিন ২০ দণ্ড শনির অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্য বেশ্যাসহবাসে সুখভোগ করে ও বিত্তবিহীন হইয়া সর্ব্বদা অধর্ম্ম কার্য্যে লিপ্ত থাকে ॥ ১২

ইতি গুরোঃ।

---

অথ রাহোর্দ্দশায়ামন্তর্দ্দশাদ

নিজান্তর্দ্দর্ষাদি ১। ৪; ০

ফলং। রাহৌ স্ত্রী বন্ধুনাশশ্চ রিপুরোগ ভয়ং তথা।
ভবেদর্থস্য নাশশ্চ স রাহুঃ স্বদশাংগতঃ ॥ ১

রাহুর স্থূল দশা ভোগের কালের পরিমাণ ১২ বৎসর তন্মধ্যে ১ বৎসর ৪ মাস তাহার নিজান্তর্দ্দশার কাল হয় এই কালে স্ত্রীবিয়োগ, বন্ধু নাশ, শত্রু ভয় ও অর্থ নাশ হইয়া থাকে ॥ ১

রাহোর্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ২। ৪। ০

ফলং। সুহৃদ্বাবোদ্বিজৈঃ সার্দ্ধং স্ত্রীলাভোবিত্তসঞ্চয়ঃ।
রাহোরন্তর্গতে শুক্রে স্নেহো বন্ধুজনৈঃ সহ ॥ ২

রাহুর দশাতে ২ বৎসর ৪ মাস শুক্রের অন্তর্দ্দশার কাল হয়, এই সময়ে মনুষ্য ব্রাহ্মণের সহিত মিত্রতা, স্ত্রী লাভ বিত্তসঞ্চয় ও বন্ধু জনের সহিত স্নেহ বৃদ্ধি হইয়া থাকে ॥ ২

মতান্তরে।

শিরোরোগং কুদেহঞ্চ কুর্য্যাৎ ভার্য্যাঞ্চ চঞ্চলাং।
বান্ধবৈঃ কলহো নিত্যং রাহোরন্তর্গতে ভৃগৌ ॥ ৩

রাহুর দশাতে শুক্রের অন্তর্দ্দশায় মনুষ্যের শিরোরোগ ও শরীরের বিবর্ণতা হয়, এবং স্ত্রীর মতি চঞ্চল ও বন্ধু বান্ধবের সহিত কলহ উপস্থিত হইয়া থাকে ॥ ৩

## রাহোর্দ্দশায়াং রবেরন্তর্দ্দশা।

মাস ৮।০

ফলং। রিপুরোগভয়ং ঘোরং অর্থ নাশো নৃপাদ্ভয়ং।
গুরুব্যথাং শিরোরোগং রাহোরন্তর্গতো রবিঃ ॥ ৪

রাহুর দশাতে ৮ মাস রবির অন্তর্দ্দশার কাল, এই কালে শত্রু ভয়, ভয়ানক রোগ, অর্থ নাশ, রাজ ভয়, অতিশয় ব্যথা, ও শিরো রোগাদি নানাপ্রকার কষ্ট উপস্থিত হয় ॥ ৪

মতান্তরে।

ফলং। শিরোরোগং ভয়ং ঘোরং মৃত্যুং শোকঞ্চ দারুণং।
বৃহদগ্নিভয়ং কুর্য্যাৎ রাহোরন্তর্গতে রবৌ ॥ ৫

রাহুর দশাতে রবির অন্তর্দ্দশায় মনুষ্যের শিরোরোগ, অতিশয় ভয়, মৃত্যু, শোক, ও বৃহৎ অগ্নি ভয় প্রভৃতি নানাপ্রকার উদ্বেগ উপস্থিত হয় ॥ ৫

## রাহোর্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১।৮।০

ফলং। স্ত্রীনাশং কলহং ক্লেশং পাপচিন্তং কুভোজনং।
রিপু বন্ধু বিহীনঞ্চ রাহোরন্তর্গতঃ শশী ॥ ৬

রাহুর দশাতে ১ বৎসর ৮ মাস চন্দ্রের অন্তর্দ্দশার কাল হয় এই সময়ে স্ত্রী বিনাশ, কলহ, ক্লেশ, পাপে অনুরাগ, কুভোজন, বন্ধু বিচ্ছেদ ও রিপুভয় উপস্থিত হইয়া থাকে ॥ ৬

মতান্তরে।

স্ত্রী পুত্র কলহঞ্চৈব বিত্তনাশং মনঃ ক্ষতিং।
করোতি ক্লেশমত্যর্থং রাহোরন্তর্গতে বিধৌ ॥ ৭

রাহুর দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় স্ত্রী ও পুত্রের সহিত কলহ, বিত্তনাশ, মনঃ পীড়া প্রভৃতি নানা প্রকার ক্লেশ হইয়া থাকে ॥ ৭

## রাহোর্দ্দশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা।

মাসাদি ১০।২০

ফলং। বিষশস্ত্রাগ্নিচৌরেভ্যো নিয়তং দারুণং ভয়ং।
নরোনিত্যমবাপ্নোতি রাহোরন্তর্গতে কুজে ॥ ৮

রাহুর দশাতে ১০ মাস ২০ দিন মঙ্গলের অন্তর্দ্দশার কাল হয়, এইকালে বিষভয়, অস্ত্রভয়, অগ্নিভয় ও চৌর ভয় উপস্থিত হইয়া মনুষ্য নানা প্রকার ক্লেশ পায় ॥ ৮

## রাহোর্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১।১০।২০।

ফলং। কফপিত্ত সমুদ্ভূতাং শিরঃপীড়াং ভয়াবহাং।
রাহোরন্তর্গতং প্রাপ্য কুরুতে সোম নন্দনঃ ॥ ৯

রাহুর দশাতে ১ বৎসর ১০ মাস ২০ দিন বুধের অন্তর্দ্দশার কাল, এই কালে মনুষ্যের কফবাত ঘটিত রোগ ভয়াবহ শিরঃ পীড়া হইয়া থাকে ॥ ৯

মতান্তরে।

জর ক্ষুধাগ্নি সংপীড়াং কলহং স্বজনৈঃ সহ।
ভৃত্যাপত্যেষু বিদ্বেষং রাহোরন্তর্গতে বুধে ॥ ১০

রাহুর দশাতে বুধের অন্তর্দ্দশায় ক্ষুধা, অগ্নি পীড়া, সজ্জনের সহিত কলহ, ভৃত্য ও সন্তানের প্রতি বিদ্বেষ জন্মে ॥ ১০

## রাহোর্দ্দশায়াং শনেরন্তর্দ্দশা।

বর্ষাদি ১।১১।১০।

ফলং। বেশ্যাজনাশ্রয়ো নিত্যং ভবেদ্বিত্ত বিবর্জ্জিতঃ।
লুপ্তধর্ম্মমনা নিত্যং রাহোরন্তর্গতে শনৌ ॥ ১১

রাহুর দশাতে ১ বৎসর, ১১ মাস ১০ দিন শনির অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্য বেশ্যা সহবাসে-নিযুক্ত থাকিয়া বিত্তবিহীন হয় এবং ধর্ম্ম ভ্রষ্ট হইয়া থাকে ॥ ১১

মতান্তরে।

স্ত্রী পুত্রৈঃ কলহো নিত্যং বান্ধবৈঃ সহবৈরতা।
ভবেত্তু বহুধাদুঃখং রাহোরন্তর্গতে শনৌ ॥ ১২

রাহুর দশাতে শনির অন্তর্দ্দশায় সর্ব্বদা স্ত্রী ও পুত্রের সহিত কলহ, বন্ধুর সহিত শত্রুতা, ও নানা প্রকার দুঃখ উপস্থিত হয় ॥ ১২

রাহোর্দ্দশায়াং গুরোরন্তর্দ্দশা।

বর্ষাদি ২।১।১০

ফলং। ব্যাধিশত্রু ভয়ৈস্ত্যক্তো দেব ব্রাহ্মণ পূজকঃ।
নানাধর্ম্মমনা নিত্যং রাহোরন্তর্গতে গুরৌ ॥ ১৩ ॥

রাহুর দশাতে ২ বৎসর ১ মাস ১০ দিন বৃহস্পতির অন্তর্দ্দশার কাল হয়। এই কালে মনুষ্য রোগ মুক্ত ও শত্রু ভয় বিহীন হইয়া দেবতা ও ব্রাহ্মণ পূজাতে তৎপর থাকে এবং নানা প্রকার ধর্ম্ম উপার্জ্জন করে ॥ ১৩

ইতি রাহোঃ।

অথ শুক্রস্য দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ৪।১

ফলং। নীতি কীর্ত্তি যশোলাভং বনিতা ভোগ বর্দ্ধনং।
কুরুতে সর্ব্বলাভঞ্চ স্বদশায়াং গতো ভৃগুঃ ॥ ১

শুক্রের স্থূল দশা ভোগের পরিমাণ ২১ বৎসর তন্মধ্যে তাহার নিজান্তর্দ্দশার কাল ৪ বৎসর ১ মাস এই সময়ে মনুষ্য সুনীতি শিক্ষা করিয়া কীর্ত্তি লাভ করে, এবং স্ত্রী দ্বারা সুখ বৃদ্ধি ও অর্থ লাভ হইয়া থাকে ॥ ১

শুক্রস্যদশায়াং রবেরন্তর্দ্দশা।

বর্ষাদি ১।২

ফলং। অক্ষিরোগো মহান্ দোষো বন্ধনঞ্চ মহদ্ভয়ং।
সর্ব্বত্রাকুশলং নিত্যং ভৃগোরন্তর্গতে রবৌ ॥ ২

শুক্রের দশাতে ১ বৎসর ২ মাস রবির অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্যের চক্ষু রোগ, বন্ধন, মহাভয় ও সকল বিষয়ে অমঙ্গল হইয়া থাকে ॥ ২

মতান্তরে।

দেহস্তীব্রব্রণাক্রান্ত স্তীব্রতাপো ধনান্বিতঃ।
ত্যক্তঃ স্বা বান্ধবৈঃ সর্ব্বৈর্ভার্গবান্তর্গতে রবৌ ॥ ৩

শুক্রের দশাতে রবির অন্তর্দ্দশায় শরীরে অধিক ব্রণ অর্থাৎ বসন্ত রোগ ও অতিশয় তাপ হওয়াতে বন্ধুজন তাহাকে পরিত্যাগ করে ॥ ৩

শুক্রস্যদশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ২।১১

ফলং। নখদন্ত শিরোরোগং দেহপীড়াং করোতিবৈ।
বিবাদং স্বজনৈর্নিত্যং ভৃগোরন্তর্গতঃ শশী ॥ ৪

শুক্রের দশাতে ২ বৎসর ১১ মাস চন্দ্রের অন্তর্দ্দশার কাল হয়, এই কালে মনুষ্যের নখে, দন্তে ও মস্তকে পীড়া হয়, এবং বন্ধুজনের সহিত সর্ব্বদা বিবাদ হইয়া থাকে। ৪

মতান্তরে।

সম্মাননাশো রোগশ্চ কার্য্যনাশশ্চ নিত্যশঃ।
শুক্রস্যান্তর্গতে চন্দ্রে স্ত্রীনাশো নিয়তং ভবেৎ ॥ ৫

শুক্রের দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায়, লোকের মানহানি, অর্থনাশ ও কার্য্যনাশ প্রভৃতি উপদ্রব সর্ব্বদা ঘটিয়া থাকে। ৫

শুক্রস্যদশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা।

বর্ষাদি ১।৬।২০

ফলং। উত্তমায়া স্ত্রিয়োলাভং ভূমিলাভং তথৈব চ।
বীর্য্যহানিঞ্চ কুরুতে ভৃগোরন্তর্গতঃ কুজঃ ॥ ৬

শুক্রের দশাতে ১ বৎসর ৬ মাস ২০ দিন মঙ্গলের অন্তর্দ্দশার কাল, এই কালে মনুষ্যের উত্তমা স্ত্রীলাভ ও ভূমিলাভ হইয়া থাকে এবং শরীরের বীর্য্য হানি হয়। ৬

মতান্তরে।

উৎসাহী ধনধান্যাঢ্যঃ কল্যশ্চ সুমনাঃ সুখী।
ভূমিলাভো ভবেচ্চৈব শুক্রস্যান্তর্গতে কুজে ॥ ৭

শুক্রের দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় লোকের উৎসাহবৃদ্ধি ও ধনাগম হয়, এবং এই দশাতে ভূমি লাভ করিয়া সুস্থ মনে সুখে কাল যাপন করে। ৭

শুক্রস্য দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

বর্ষ ৩।৩।২০ দিন।

বরবস্ত্র সমাযুক্তং ধনধান্য সমাকুলং।
মানং পুষ্টিস্তথা মেধা শুক্রস্যান্তর্গতে বুধে ॥ ৮ ॥

শুক্রের দশাতে ৩ বৎসর ৩ মাস ২০ দিন বুধের অন্তর্দ্দশা হয়, এই দশাতে মনুষ্য উত্তমাস্ত্রীলাভ করে ও ধন ধান্যাদি যুক্ত হয়। এবং সম্মান, শরীরের পুষ্টি ও স্মরণ শক্তি বৃদ্ধি হয়। ৮

মতান্তরে।

সর্ব্বত্র লভতে সৌখ্যং মানসঞ্চয় এব চ।
ভার্য্যা সুশীলতা মেতি ভার্গবান্তর্গতে বুধে॥ ৯

শুক্রের দশাতে বুধের অন্তর্দ্দশায় মনুষ্য সর্ব্বত্র সুখ ও সম্মানলাভ করে, এবং স্বীয় ভার্য্যার সৎস্বভাব হয়। ৯

শুক্রস্য দশায়াং শনেরন্তর্দ্দশা।

বর্ষাদি ১। ১১। ১০ দিন।

সুন্দরীভিঃ সহ ক্রীড়া নগরে শোভনে গৃহে।
শত্রু নাশং সুহৃল্লাভো ভৃগো রন্তর্গতে শনৌ॥ ১০

শুক্রের দশাতে ১ বৎসর, ১১ মাস ১০ দিন শনির অন্তর্দ্দশার কাল, এই দশা কালে মনুষ্য উত্তম নগরে অতি-শোভন গৃহে সুন্দরী স্ত্রীর সহিত ক্রীড়া কৌতুক প্রভৃতি আমোদ করে এবং শত্রুনাশ ও মিত্রলাভ হয়। ১০

মতান্তরে।

শত্রুক্ষয় মবাপ্নোতি মিত্র বৃদ্ধিশ্চ জায়তে।
চৌরাদ্বিত্তস্য লাভঃ স্যাৎ শুক্রস্যান্তর্গতে শনৌ॥ ১১

শুক্রের দশাতে শনির অন্তর্দ্দশায় শত্রুক্ষয়, মিত্র বৃদ্ধি ও চৌরাদির নিকট হইতে বিত্ত লাভ হইয়া থাকে। ১১

শুক্রস্যদশায়াং গুরোরন্তর্দ্দশা।

বর্ষাদি ৩। ৮। ২০ দিন।

বরবস্ত্র সমাযুক্তং ধনধান্যঞ্চ বিন্দতি।
নিত্যং বন্ধু সমাকীর্ণং ভৃগো রন্তর্গতে গুরৌ॥ ১২॥

শুক্রের দশাতে ৩ বৎসর ৮ মাস ২০ দিন বৃহস্পতির অন্তর্দ্দশা এই দশাতে মনুষ্য উত্তমা স্ত্রী ও ধনধান্য লাভ করে, এবং সর্ব্বদা বন্ধুজনে বেষ্টিত হইয়া সুখে কাল যাপন করে। ১২

মতান্তরে।

রাজ পূজা সুখং প্রীতিঃ কন্যা জনন মেব চ।
ভার্গবান্তর্গতে জীবে চৌরাদ্বিত্তঞ্চ লব্ধবান্॥ ১৩॥

শুক্রের দশাতে বৃহস্পতির অন্তর্দ্দশায় মনুষ্যের রাজ-পূজা, সুখ, প্রণয় হয় ও কন্যা সন্ততি জন্মে এবং চৌর গৃহীত দ্রব্য লাভ হয়,। ১৩

শুক্রস্যদশায়াং রাহোরন্তর্দ্দশা।

বর্ষাদি ২। ৪ মাস।

বিদেশ গমনং দুঃখং সম্পর্কং চান্ত্যজৈঃ সহ।
পাপচিত্তং সদৈবেতি শুক্রস্যান্তর্গতস্তমঃ॥ ১৪

শুক্রের দশাতে ২ বৎসর ৪ মাস রাহুর অন্তর্দ্দশার কাল হয়, এই কালে বিদেশ গমন, দুঃখ, অন্ত্যজাতির সহিত সমাগম, ও পাপ কার্য্যে অনুরাগ হয়,। ১৪

মতান্তরে।

বন্ধনং বহুপুত্রাদে র্বন্ধুনাশো রিপোর্ভয়ং।
শরীর দৈনামাপ্নোতি ভার্গবান্তর্গতস্তমঃ॥ ১৫॥

শুক্রের দশাতে রাহুর অন্তর্দ্দশায় পুত্রাদির বন্ধন, বন্ধুনাশ, শত্রু ভয়, ও শরীরের ক্ষীণতা হইয়া থাকে। ১৫

ইতি অন্তর্দ্দশা সমাপ্তা।

---

অথান্তর্দ্দশারিষ্টং।

পাপগ্রহদশায়ান্ত পাপস্যান্তর্দ্দশাযদি।
অরিযোগে ভবেন্মৃত্যু র্মিত্রযোগে চ সংশয়ঃ॥ ১

পাপগ্রহের দশামধ্যে যখন পাপগ্রহের অন্তর্দ্দশা হয় এবং ঐ অন্তর্দ্দশাধিপতি গ্রহ যদি দশাধিপতির শত্রু হয় তবে সেই সময়ে মনুষ্যের মৃত্যু হইবে। আর ঐ অন্ত-র্দ্দশাধিপতি গ্রহ, যদি দশাধিপতির মিত্র হয়, তবে জীবন সংশয় পীড়াদি হইয়া থাকে। ১

বিলগ্নাধিপতেঃ শত্রুর্লগ্নস্যান্তর্দ্দশাং গতঃ।
করোত্যকস্মান্মরণং সত্যাচার্য্যঃ প্রভাষতে॥ ২

সত্যাচার্য্য বলেন, লগ্নাধিপতির দশাতে যদি লগ্নাধি-পতির শত্রু গ্রহের অন্তর্দ্দশা হয়, তবে সেই সময়ে মনুষ্যের মৃত্যু সম্ভব হয়। ২

দশারিষ্ট ভঙ্গযোগঃ।

প্রবেশে বলবান্ খেটঃ শুভৈর্ব্বা সন্নিরীক্ষিতঃ।
যদি সৌম্যাধিমিত্রস্থো মৃত্যবে ন ভবেত্তদা॥ ৩॥

দশার কিম্বা অন্তর্দ্দশার প্রবেশ কালে যদি দশাধি-পতি বা অন্তর্দ্দশাধিপতি গ্রহ বলবান্ হন কিম্বা তাহা-দের প্রতি কোন শুভ গ্রহের পূর্ণ দৃষ্টি থাকে অথবা দশা-

ধিপতি বা অন্তর্দ্দশাধিপতি কোন শুভগ্রহের কিম্বা তাহাদের অধিমিত্র গ্রহের নবাংশে থাকেন তবে মৃত্যু হয় না কিন্তু জীবন সংশয় পীড়া হয়। ৩

---

# অথ প্রত্যন্তর্দ্দশা।

গ্রহান্তরং দিনং কৃত্বা ষষ্টিলব্ধং ধ্রুবং ভবেৎ।
ধ্রুবাণি গণয়েদ্ধীমান্ রব্যাদি ক্রমশো যথা॥ ১

গ্রহগণের স্বীয় স্বীয় অন্তর্দ্দশার পরিমাণ যত হইবে তাহাকে দিন করিয়া ৬০ ষাইট দিয়া ভাগ করিবে, এই রূপ ভাগ করিলে যত ভাগ ফল হইবে তাহার নাম ধ্রুবাঙ্ক। রব্যাদি গ্রহের ধ্রুবাঙ্ক নির্ণয় করিয়া তাহাকে স্বীয় ভাগাঙ্ক দ্বারা গুণ করিলে গুণফল যত মাসাদি হইবে। তত মাসাদি গ্রহগণের প্রত্যন্তর্দ্দশার কাল নিরূপিত হইবে। ১

এই স্থালে ধ্রুবাঙ্কের একটী চক্র অঙ্কিত করা গেল এই চক্র দৃষ্টে গ্রহগণের ধ্রুবাঙ্ক জানিতে পারিবেন।

| | দি, দ, প, | | দি, দ, প, |
|---|---|---|---|
| র র ধ্রু | ২।০ | চ চ ধ্রু | ১২।৩০ |
| র চ ধ্রু | ৫।০ | চ ম ধ্রু | ৬।৪০ |
| র ম ধ্রু | ২।৪০ | চ বু ধ্রু | ১৪।১০ |
| র বু ধ্রু | ৫।৪০ | চ শ ধ্রু | ৮।২০ |
| র শ ধ্রু | ৩।২০ | চ বৃ ধ্রু | ১৫।৫০ |
| র বৃ ধ্রু | ৬।২০ | চ রা ধ্রু | ১০। ০ |
| র রা ধ্রু | ৪। ০ | চ শু ধ্রু | ১৭।৩০ |
| র শু ধ্রু | ৭।০ | চ র ধ্রু | ৫। ০ |
| ম ম ধ্রু | ৩।৩৩।২০ | বু বু ধ্রু | ১৬। ৩।২০ |
| ম বু ধ্রু | ৭।৩৩।২০ | বু শ ধ্রু | ৯।২৬।৪০ |
| ম শ ধ্রু | ৪।২৬।৪০ | বু বৃ ধ্রু | ১৭।৫৬।৪০ |
| ম বৃ ধ্রু | ৮।২৬। ৪ | বু রা ধ্রু | ১১।২০। ০ |
| ম রা ধ্রু | ৫।২০। ০ | বু শু ধ্রু | ১৯।৫০। ০ |
| ম শু ধ্রু | ৯।২০। ০ | বু র ধ্রু | ৫ ।৪০। ০ |
| ম র ধ্রু | ২।৪০। ০ | বু চ ধ্রু | ১৪।১০। ০ |
| ম চ ধ্রু | ৬।৪০। ০ | বু ম ধ্রু | ৭।৩৩।২০ |

| | দি, দ, প, | | দি, দ, প, |
|---|---|---|---|
| শ শ ধ্রু | ৫।৩৩।২০ | বৃ বৃ ধ্রু | ২০। ৩।২০ |
| শ বৃ ধ্রু | ১০।৩৩।২০ | বৃ রা ধ্রু | ১২।৪০। ০ |
| শ রা ধ্রু | ৬।৪০। ০ | বৃ শু ধ্রু | ২২।১০। ০ |
| শ শু ধ্রু | ১১।৪০। ০ | বৃ র ধ্রু | ৬ ।২০। ০ |
| শ র ধ্রু | ৩ ।২০। ০ | বৃ চ ধ্রু | ১৫।৫০। ০ |
| শ চ ধ্রু | ৮ ।২০। ০ | বৃ ম ধ্রু | ৮ ।২৬।৪০ |
| শ ম ধ্রু | ৪ ।২৬।৪০ | বৃ বু ধ্রু | ১৭।৫৬।৪০ |
| শ বু ধ্রু | ৯ ।২৬।৪০ | বৃ শ ধ্রু | ১০।৩৩।২০ |
| রা রা ধ্রু | ৮ ।০ | শু শু ধ্রু | ২৪।৩০ |
| রা শু ধ্রু | ১৪।০ | শু র ধ্রু | ৭ । ০ |
| রা র ধ্রু | ৪।০ | শু চ ধ্রু | ১৭।৩০ |
| রা চ ধ্রু | ১০।০ | শু ম ধ্রু | ৯।২০ |
| রা ম ধ্রু | ৫।২০ | শু বু ধ্রু | ১৯।৫০ |
| রা বু ধ্রু | ১১।২০ | শু শ ধ্রু | ১১।৪০ |
| রা শ ধ্রু | ৬ ।৪০ | শু বৃ ধ্রু | ২২।১০ |
| রা বৃ ধ্রু | ১২।৪০ | শু রা ধ্রু | ১৪। ০ |

অন্যচ্চ।

অন্তর্মাসার্দ্ধসংখ্যাকং দিনংস্তাদ্দিন সংখ্যকাঃ।
দণ্ডাঃ স্যুর্দ্দণ্ডসংখ্যাকং পলং স্যাত্তধ্রুবং ভবেৎ।

প্রকারান্তরে ধ্রুবাঙ্ক গ্রহণের প্রণালী এই, যে গ্রহের অন্তর্দ্দশার পরিমাণ যত মাস হইবে তাহার অর্দ্ধ পরিমিত দিন, যত দিন, তত দণ্ড; ও যত দণ্ড, তত পল সেই গ্রহের ধ্রুবাঙ্ক জানিবে।

রবৌ চ বেদা বসবঃ সুধাংশৌ
কুজে চ বাণা নব চন্দ্রপুত্রে।
শনৌ রসা দিক্ চ বৃহস্পতৌস্তা
দ্রাহৌ তুরঙ্গা ভৃগুজে চ রুদ্রাঃ॥ ২

প্রত্যন্তর্দ্দশাতে যে গ্রহের যত ভাগাঙ্ক হইবে তাহা বলা যাইতেছে।

রবির ৪ ভাগ, চন্দ্রের ৮ ভাগ, মঙ্গলের ৫ ভাগ, বুধের ৯ ভাগ, শনির ৬ ভাগ, বৃহস্পতির ১০ ভাগ, রাহুর ৭ ভাগ, শুক্রের ১১ ভাগ।

এই ভাগাঙ্ক দ্বারা গ্রহগণের স্বীয় ধ্রুবাঙ্ককে গুণ করিলে যত মাসাদি হইবে তত মাসাদি সেই সেই গ্রহের প্রত্যন্তর্দ্দশার কাল জানিবে। ২

রবেরন্তর মধ্যে তু বসবশ্চ রবের্নিজাঃ
চন্দ্রস্য ষোড়শ প্রোক্তাঃ কুজস্য তু দশস্মৃতাঃ।
বুধস্যাষ্টাদশ প্রোক্তাঃ ক্রমাদ্দ্বাদশকং শনেঃ
গুরোর্হি বিংশতি শ্চৈব, রাহোশ্চতুর্দ্দশস্মৃতাঃ।
এষ এববিধিঃ প্রোক্তো ভৃগোর্দ্বাবিংশতিঃ ক্রমাৎ।
এবং দিনানি চান্যেষাং জ্ঞাত্বা প্রত্যন্তরে যথা
তৎ সংখ্যকং ফলং বাচ্যং শুভাশুভমিতি ক্রমাৎ॥ ৩

রবির অন্তর্দ্দশার মধ্যে রবির ৮ আট দিন, চন্দ্রের ১৬ দিন, মঙ্গলের ১০ দিন, বুধের ১৮ দিন, শনির ১২ দিন, বৃহস্পতির ২০ দিন, রাহুর ১৪ দিন ও শুক্রের ২২ দিন প্রত্যন্তর্দ্দশার কাল হয়।

এইরূপে অন্যান্য গ্রহের অন্তর্দ্দশাতে প্রত্যন্তর্দ্দশার কাল নির্ণয় করিয়া লইবে এবং গ্রহগণের অবস্থা ও বলাবল দৃষ্টি করিয়া শুভাশুভ ফল নির্ণয় করিতে হইবে। ৩

মতান্তরে।

প্রত্যন্তর্দ্দশাবিভাগঃ।

অন্তর্দ্দশাং দিনং কৃত্বা চাষ্টোত্তর শতৈ র্হরেৎ
লব্ধাঙ্কং ধ্রুবনামস্যাদ্দশাবর্ষৈঃ প্রপূরয়েৎ।
প্রত্যন্তরী দশাজ্ঞেয়া দিন দণ্ড পলানি চ
নাক্ষত্রিকী দশা মধ্যে ফলং জ্ঞেয়ং বিচক্ষণৈঃ॥ ৪

কোন কোন গ্রন্থকারের মতে প্রত্যন্তর্দ্দশা বিভাগ এইরূপে হইয়া থাকে।

অন্তর্দ্দশার পরিমাণ বর্ষাদিকে দিন করিয়া তাহাকে ১০৮ একশত আট দিয়া ভাগ করিবে। এইরূপ ভাগ করিলে যত ভাগ ফল লব্ধ হইবে তাহার নাম ধ্রুবাঙ্ক। এই ধ্রুবাঙ্ককে স্থূল দশার বর্ষাঙ্ক দ্বারা গুণ করিলে যত ফল হইবে তাহাই প্রত্যন্তর্দ্দশার পরিমাণ হইবে।

এইরূপে যে ফল নির্ণীত হইবে পূর্ব্বোক্ত ফলের সহিত তাহার অনেক বিভিন্নতা দেখা যায়। ৪

এক এক গ্রহের অন্তরে প্রত্যন্তর্দ্দশার কাল ও তাহার ফল নিম্নে প্রকাশ করিলাম, গ্রন্থ বাহুল্য ভয়ে ও অতি সরল সংস্কৃত বিধায় বাঙ্গলা অনুবাদ নাদিয়া কেবল সংস্কৃত বচন উদ্ধৃত করা গেল।

অথ রবের্দ্দশায়াং রবেরন্তরে
প্রত্যন্তর্দ্দশা ফলং।

ররর ০।০।৮।০ ফলং। রোগান্বিতং বিত্তনাশং রাজতোভীতিঃ প্রজায়তে। সূর্য্যঃ করোতি ভ্রমণং সন্তাপজ্বর মেব চ। ররচ ০।০।১৬।০ ফলং। ধননাশং দুঃখ শোকং রোগোপদ্রব এব চ। অপমানং রাজভয়ং চন্দ্রঃ করোতি নিত্যশঃ। ররম ০।০।১০।০ ফলং। ধনং ধান্যং সুখা রোগ্যং মণিমুক্তা প্রবালকং। নরঃ প্রাপ্নোতি সুযশঃ সূর্য্য প্রত্যন্তরে কুজে। ররবু ০।০।১৮।০ ফলং। দদ্রু বিচর্চ্চিকা ক্লেশং দারিদ্র্যং ধন নাশনং। করোতি বহু দুঃখানি সূর্য্য প্রত্যন্তরে বুধঃ। ররশ ০।০।১২।০ ফলং। ধনহানিং জ্বরং ঘোরং বন্ধনং রাজতোভয়ং। চৌর সর্প ভয়ং বিদ্যাৎ সূর্য্য প্রত্যন্তরে শনৌ। ররবৃ ০।০।২০।০ ফলং। ধর্ম্মার্থ সুখ সৌভাগ্যং লক্ষ্মী যুক্তো ভবেন্নরঃ। প্রাপ্নোতি ব্রহ্মপদবীং সূর্য্য প্রত্যন্তরে গুরৌ। ররবা ০।০।১৪।০ ফলং। বিবাদং ব্যাধিশোকঞ্চ বৈরবৃদ্ধিং ধনক্ষয়ং। বিস্ফোটিং কণ্ডূরোগঞ্চ সূর্য্য প্রত্যন্তরেতমঃ। ররশু ০।০।২২।০ ফলং। জ্বরং ঘোরং শিরোরোগং মনস্তাপং করোতি চ। রাজ পীড়া শত্রুভয়ং সূর্য্য প্রত্যন্তরে ভৃগো।

অথ রবের্দ্দশায়াং চন্দ্রস্যান্তরে প্রত্যন্তর্দ্দশা
ফলং।

রচচ ০।০।১।১০ ফলং। উচ্চপাতং কণ্টকঞ্চ ত্রাসং রোগং ধনক্ষয়ং জল সর্প চৌর ভয়ং চন্দ্রঃ করোতি নিত্যশঃ। রচম ০।০।২৫ ফলং। চৌর ভয়ং পিত্তরোগং চক্ষুরোগং নৃপাদ্ভয়ং। বৈরাগ্যঞ্চ বিরোধঞ্চ চন্দ্রপ্রত্যন্তরে কুজঃ॥ র চ বু ০।১।১৫ ফলং। ধনলাভং শুভং জ্ঞেয়ং পুত্রং পুণ্যং শুভান্বিতং। গজাশ্ব বাহনং লাভং চন্দ্র প্রত্যন্তরে বুধে॥ রচশ ০।১ ফলং। বিরোধং রাজভীতিঞ্চ শোকং দুঃখং ধনক্ষয়ং। বন্ধনংসর্পভীতিঞ্চ চন্দ্র প্রত্যন্তরে শনিঃ॥ র চ বৃ ০।১।২০ ফলং। তীর্থং দানং সুখং ভোগং বস্ত্রং ভূষণ ধান্যকং। যশঃ সম্মানতামেতি চন্দ্র প্রত্যন্তরে গুরৌ॥ রচর ০।১।১৫ ফলং। ব্রণ রোগং শোক দুঃখং বন্ধুনাশং ধনক্ষয়ং দস্যুগ্নিভয় মাপ্নোতি চন্দ্র প্রত্যন্তরে তমঃ। রচশু ০।১।২৫ ফলং। সুস্ত্রীকং ধন ধান্যঞ্চ জনৈঃ প্রীতিং তথাত্মজাং। প্রাপ্নোতি রাজ

সম্মানং বিধোঃ প্রত্যন্তরে ভৃগুঃ ॥ রচর ০।০।২০ ফলং ।ত্রাসং ধনক্ষয়ং শোকং নানা দুঃখং করোতি চ। চন্দ্রপ্রত্যন্তরে সূর্য্যঃ করোতি মনসঃ ক্ষতিং ॥

## অথ রবের্দ্দশায়াং মঙ্গলস্যান্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলং।

রমম ০।০।১৩।২০ ফলং। রাজ সম্মান সৌখ্যানি যশঃ কীর্ত্তি ধনাগমঃ। দত্তে প্রবালরত্নঞ্চ কুজঃ প্রত্যন্তরে নিজে ॥ রমবৃ ০।০।২৪।০।০ ফলং। ঐশ্বর্য্যং রাজপূজা চ নানাসুখ সমাশ্রয়ং। পুত্রং পুণ্যং ভবেত্তস্য কুজপ্রত্যন্তরে বুধে ॥ রমশ ০।০।১৬।০ ফলং। শত্রুভয়ং ধনহানিং চৌর সর্পভয়ন্তথা। বন্ধনং রোগশোকঞ্চ কুজ প্রত্যন্তরে শনৌ ॥ রমবৃ ০।০।২৬।৪০ ফলং। পুণ্যতীর্থং দেব পূজা ধনং ধান্যং সদা ভবেৎ। বস্ত্রাদি ভূষণং তত্র কুজ প্রত্যন্তরে গুরৌ ॥ রমরা ০।০।১৮।৪০ ফলং। ধননাশং ব্রণং ক্লেশং জরাদি রোগমেব চ। রাজ সর্পাগ্নি ভীতিঞ্চ রাহৌ প্রত্যন্তরে কুজে ॥ রমশু ০।০।২৯।২০ ফলং। নানাসুখং ধনং ধান্যং পুত্র মিত্র প্রমোদকং। রাজবল্লভতামেতি কুজ প্রত্যন্তরে ভৃগৌ ॥ রমর ০।০।১০।৪০ ফলং। ভূমিকাঞ্চন লাভঞ্চ নানাসুখ যশোন্বিতং। ধান্যাদি বৃদ্ধিমাপ্নোতি কুজ প্রত্যন্তরে রবৌ ॥ রমচ ০।০।২১।২০ ফলং। আরোগ্যং ধন ধান্যঞ্চ বিজয়ং শত্রু নাশনং। মনস্তুষ্টিমবাপ্নোতি কুজ প্রত্যন্তরে বিধৌ ॥

## অথ রবের্দ্দশায়াং বুধস্যান্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলং।

রবুবু ০।১।২১।০ ফলং। দানং সৌখ্যং ধনং ধান্যং মণিকাঞ্চন ভূষণং। রাজ প্রসাদ মাপ্নোতি নিজপ্রত্যন্তরে বুধে ॥ রবুশ ০।১।৪।০ ফলং। বিবাদং বিরহং রোগং কাস জ্বর সমাকুলং নানাভয়মবাপ্নোতি বুধপ্রত্যন্তরে শনৌ ॥ রবুবৃ ০।১।২৬।৪০ ফলং। ধনাঢ্যং রাজ পূজাচ দেব ব্রাহ্মণ পূজকঃ। ভার্য্যা পুত্রমবাপ্নোতি বুধপ্রত্যন্তরে গুরৌ ॥ রবুরা ০।১।৯।৪০ ফলং। ধননাশং ব্রণ রোগং দেশত্যাগঞ্চ বন্ধনং। দংষ্ট্রীভয় মবাপ্নোতি বুধ প্রত্যন্তরে তমঃ ॥ রবুশু ০।২।২।২০ ফলং। বহ্বপত্যং ধর্ম্মবত্বং ধনধান্যং মনঃ সুখং। ভূষণং বারণং তত্র বুধ প্রত্যন্তরে ভৃগৌ ॥ রবুর ০।০।২২।৪০ ফলং। নানা সুখং মনঃ প্রীতিং স্ত্রী সুখং ধন ধান্যকং। রাজ বল্লভতামেতি বুধ প্রত্যন্তরে রবৌ ॥ রবুচ ০।১।১৫।২০ ফলং। শৃঙ্গী কণ্টক ভীতিঃস্যাৎ জ্বর দক্র সমাকুলঃ। সর্প চৌর ভয়ং জ্ঞেয়ং বুধ প্রত্যন্তরে বিধৌ ॥ রবুম ০।০।২৮।২০ ফলং। ব্রণং রোগ ভয়ঞ্চৈব নানাদুঃখ সমন্বিতং। করোতি ক্লেশমত্যর্থং বুধ প্রত্যন্তরে কুজে ॥

## অথ রবের্দ্দশায়াং শনেরন্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলং

রশশ ০।০।২০ সন্তাপো বিত্তনাশঞ্চ বন্ধুনাশং পরাজয়ং। করোতি বহুদুঃখানি নিজ প্রত্যন্তরে শনিঃ ॥ রশবৃ ০।১।৩।২০ ফলং। ধন সম্পৎ সুখং বস্ত্রলাভং বুদ্ধিং জয়ন্তথা ॥ করোতি রাজ সম্মানং শনেঃ প্রত্যন্তরে গুরুঃ। রশরা ০।০।২৩।২০ ফলং। রাজভয়ং জ্বরং ঘোরং নানাদুঃখসমন্বিতং। করোতি ধন ধান্যঞ্চ শনেঃ প্রত্যন্তরে তমঃ ॥ রশশু ০।১।৬।৪০। ফলং। বান্ধবঃ শস্য স্বর্ণাদি সুখ ভোজন মেব চ। স্যাত্তত্র নীরোগঞ্চৈব শনে র্ভাগে তথাভৃগৌ ॥ রশর ০।০।১৩।২০ ফলং। জীবনস্য চ সন্দেহো ধন হানির্ম্মনঃক্ষতিঃ। ভবেত্তত্র বহুজ্ঞানং শনেঃ প্রত্যন্তরে রবৌ ॥ রশচ ০।০।২৬।৪০ ফলং। চক্ষুরোগং জ্বরং ঘোরং স্ত্রী বিয়োগং ধনক্ষয়ং। করোতি বহু দুঃখানি শনেঃ প্রত্যন্তরে বিধুঃ ॥ রশম ০।০।১৬।৪০ ফলং। ব্রণং ধনক্ষয়ঞ্চৈব বন্ধনং ভয় মেবচ। শনেঃ প্রত্যন্তরে ভৌমে জায়তে বিস্ময়োনরঃ ॥ রশবু ০।১।০।০ ফলং। আরোগ্যং বিজয়ং লাভং রাজ সম্মান মেব চ। আনন্দং কৌতুকং নিত্যং শনেঃ প্রন্তরে বুধে।

## অথ রবের্দ্দশায়াং গুরোরন্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলং।

রবৃবৃ ০।২।৩।২০ ফলং। ধনং রাজ্যং সুখং ধর্ম্মং জায়তে লাভ এবচ। আনন্দং কৌতুকং নিত্যং গুরোঃ প্রত্যন্তরে তথা ॥ রবৃরা ০।১।১৪।২০ ফলং। স্থানভ্রষ্টং বিবাদঞ্চ ব্রণরোগং ভয়ন্তথা ॥ মিথ্যাবাদং সংশয়ঞ্চ গুরোঃ প্রত্যন্তরে তমঃ ॥ রবৃশু ০।২।৯।৪০। ফলং। বিবাদং শত্রুভিঃ সার্দ্ধং ধনস্ত্রীণাং ক্ষয়ো ভবেৎ। নানাদুঃখং মনস্তাপং গুরোঃ প্রত্যন্তরে ভৃগৌ ॥ রবৃর ০।০।২৫।২০ ফলং। ধনং বহু সুখং তত্র রাজবল্লভমেব চ। জায়তে সুলভং সর্ব্বং গুরোঃ প্রত্যন্তরে রবৌ ॥ র বৃ চ ০। ১।২০।৪০। ফলং। নৈরুজ্যং সুখভোগঞ্চ সন্তান লাভ এবচ। গুরোঃ প্রত্যন্তরে চন্দ্রে প্রাপ্নোতি কুশলং নরঃ ॥ রবৃম ০।১।১।৪০ ফলং। সততং সুখ মারোগ্য রিপু হানিঃ প্রজায়তে। ধন পুত্র যুতঞ্চৈব গুরোঃ প্রত্যন্তরে কুজে ॥ র বৃ বু ০।১।২৭।০ ফলং। অর্থহানির্ম্মনোদুঃখং কিঞ্চিল্লাভো ভবিষ্যতি। নরঃ প্রাপ্নোতি শোকঞ্চ গুরোঃ প্রত্যন্তরে বুধে ॥ রবৃশ ০।১।৮ ফলং। বুদ্ধিলোপো জ্ঞাননাশো বেশ্যাগমন মেব চ। ধন হানিঃ সদা দুঃখী গুরোঃপ্রত্যন্তরে শনৌ।

## অথ রবের্দ্দশায়াং রাহোরন্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলং।

র রা রা ০। ০।২৮।০ ফলং। অশুভং ধনহানিঞ্চ নানাদুঃখং

ন সংশয়ঃ। রাহোঃ প্রত্যন্তরে রাজভয়মেব বিশেষতঃ॥ ররাশু ০।১।১৪।০ ফলং। ধননাশং শিরঃ পীড়াং বিবাদং জ্ঞাতিভিঃ সদা। রোগস্তত্র ন সন্দেহো রাহোঃ প্রত্যন্তরে ভৃগৌ॥ র রা র ০।০।১৬।০ ফলং। বহ্নিশত্রু ভয়ং রোগং নিদানং পতনং ভবেৎ। শিরঃ শূলং জ্বরং ঘোরং রাহোঃ প্রত্যন্তরে রবৌ॥ র রা চ ০।১।২।০ ফলং। স্ত্রী পুত্রৈঃ কলহো নিত্যং ধন হানিশ্চ জায়তে। মনোদুঃখং মহাভীতিং রাহোঃ প্রত্যন্তরে শশী॥ ররাম০।০২০।০ ফলং। বিষ শস্ত্র ভয়ং ঘোরং চৌরাগ্নি রাজতোভয়ং। ধন হানি-করোনিত্যং রাহোঃ প্রত্যন্তরে কুজে॥ র রা বু ০।১।৬।০ ফলং। জ্বরং ক্ষুদগ্নিভীতিশ্চ নানাদুঃখ সমাযুতঃ। ধনহানি-র্ভবেন্নিত্যং রাহোঃ প্রত্যন্তরে বুধে॥ র রা শ ০।০।২৪।০ ফলং। বিবাদং বহু দুঃখঞ্চ চৌরাগ্নি ভয় মেবচ। করোতি নির্ধনং নিত্যং রাহোঃ প্রত্যন্তরে শনৌ॥ র রা বৃ ০।১।১০।০ ফলং। নৈরুজ্যং ধন ধান্যঞ্চ কার্য্যসিদ্ধিশ্চ জায়তে। নিত্যং পুণ্য সমাযুক্তং রাহোঃপ্রত্যন্তরে গুরৌ।

## অথ রবের্দ্দশায়াং শুক্রস্যান্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলং।

র শু শু ০।২।১৭।০। ফলম্। কুষ্ঠং গ্রীবাশিরোরোগং কার্য্য হানিশ্চ জায়তে। মনস্তাপং ভবেত্তত্র শুক্র প্রত্যন্তরে নিজে॥ র শু র ০।০।২৮। ফলং। ব্রণ রোগং বিবাদঞ্চ ভয়ং দুঃখং মনঃক্ষতিং। করোতি নিয়তং সূর্য্যো ভৃগু প্রত্যন্তরে যথা॥ রশুচ ০।১।২৬।০।০ ফলং। শিরঃপীড়াকরো ভীতির্জায়তে ধন-নাশকঃ। ভৃগোঃ প্রত্যন্তরে চন্দ্রে নানাদুঃখংদদাতি চ॥ রশুম ০।১।৫।০ উৎসাহী ধনধান্যাঢ্যঃ সুকল্যঃ সুমনাঃ সুখী। ভূমি লাভো ভবেচ্চৈব ভৃগোঃ প্রত্যন্তরে কুজে॥ রশুবু ০।২।৩।০ ফলং। সর্ব্বত্র লভতে লাভং নানাদুঃখ সমাশ্রয়ং। করোতি চন্দ্রজস্তুষ্টিং ভৃগোঃ প্রত্যন্তরে তথা॥ রশুশ ০।১।১২ ফলং। নষ্টলাভং ধনং তত্র শত্রু নাশং করোতি চ। সুহৃদ্‌বন্ধু সমা-যোগং ভৃগোঃ প্রত্যন্তরে শনিঃ॥ রশুবৃ ০।২।৭০ ফলং। রাজপূজা সুখং প্রীতিং কল্যাণঞ্চ প্রজায়তে। করোতি সর্ব্ব সিদ্ধিঞ্চ ভৃগোঃ প্রত্যন্তরে গুরুঃ॥ রশুরা ০।১।১৯ ফলং। বন্ধনং রাজভীতিঞ্চ ব্রণ রোগং করোতি চ। কার্য্য হানিং তথা দুঃখং ভৃগোঃ প্রত্যন্তরে তমঃ॥

## অথ চন্দ্রস্য দশায়াং চন্দ্রস্যান্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলম্।

চচচ।০।৩।১০ ফলং। বর স্ত্রীণাং সমাযোগো ধন পুত্র সমন্বিতঃ। ভবেন্নানাসুখং ধর্ম্মো নিজপ্রত্যন্তরে বিধৌ॥ চচম ০২।২।৩ ফলং। পিত্ত রোগো বিবাদশ্চ চৌর শত্রু ভয়ং ভবেৎ। রক্ত দর্শন পীড়া চ চন্দ্র প্রত্যন্তরে কুজে॥ চচবু ০।৩।২২।৩০ ফলং। গোধনৈঃ পরিপূর্ণশ্চ নানাসুখ সমাশ্রয়ঃ। ভবেত্তত্র ন সন্দেহো চন্দ্র প্রত্যন্তরে বুধে॥ চচশ ০।২।১ ফলং। কলহং রাজভীতিঞ্চ রোগং শোকং দদাতি চ। বন্ধু বিচ্ছেদকষ্টেঞ্চব বিধোঃ প্রত্যন্তরে শনিঃ॥ চচবৃ ০।৪।৫ ফলং। ধনধান্যঞ্চ সৌখ্যঞ্চ বস্ত্রালঙ্কারভূষণং। যশঃ প্রাপ্নোতি সম্মানং বিধোঃ প্রত্যন্তরে গুরৌ॥ চচরা ০।২।২৭।৩০ ফলং। বন্ধনং রাজভীতিঞ্চ ধননাশং পরাজয়ং। ব্রণং জ্বরং ভবেন্নিত্যং বিধোঃ প্রত্যন্তরে তমঃ॥ চচশু ০।৪।১৭।৩০ ফলং। সৌখ্যং ধন সমাযোগো নিত্যং সুহৃৎ সমাশ্রয়ং। স্বর্ণং ধনং সুখং প্রাপ্য বিধোঃ প্রত্যন্তরে ভৃগৌ॥ চচর ০।১।২০ ফলম্। প্রাপ্নোতি ধন ধান্যঞ্চ নানাসুখ সমাশ্রয়ঃ। গবাদি লাভ সন্তুষ্টো বিধোঃ প্রত্যন্তরে রবৌ॥

## অথ চন্দ্রস্য দশায়াং মঙ্গলস্যান্তরে প্রত্যন্তর্দ্দশা

ফলং

চমম ০।১।৩। ২০ ফলম্। পিত্ত শোণিত পীড়াঞ্চ চৌরাগ্নি নৃপতে র্ভয়ং। ভূমিজঃ কুরুতে নিত্যং নিজ প্রত্যন্তরং গতঃ। চমবু।০।২।৩।০ ফলং। দত্তে সোম সুতো নিত্যং কুজপ্রত্যন্তরং গতঃ। সম্মানং রাজপূজাঞ্চ বন্ধুবৃদ্ধিং ধনানি চ॥ চমশ। ০।১।১।০ ফলং। রিপু চৌরাগ্নি ভীতিঞ্চ রোগমন্তরমন্তরং। মহাজন কৃত-দ্বেষঃ কুজপ্রত্যন্তরে শনৌ॥ চমবৃ ০।২।৬।৪০ ফলং। পুষ্প ধূপান্ন বস্ত্রাদ্যৈর্দ্দেব ব্রাহ্মণ পূজনং। নৃপতুল্যত্বমাপ্নোতি কুজ প্রত্যন্তরে গুরৌ॥ চমরা ০।১।১৬।৪০ ফলং। ভার্য্যার্থনা-শমুদ্বেগং বন্ধু চৌরাদি সাধনং। কুরুতে সিংহিকা পুত্রো ভৌম প্রত্যন্তরং গতঃ॥ চমশু ০।২।১।২০ ফলং। ধনবৃদ্ধিং সুখং ভোগং নানারত্নং বরস্ত্রিয়ঃ। প্রাপ্নোতি বিপুলাং লক্ষ্মীং কুজ প্রত্যন্তরে ভৃগৌ॥ চমর ০।০।২৬।৪০ ফলং। নানারত্নঞ্চ সৌখ্যঞ্চ ভূমিলাভমথা পিবা। নৃপপূজা মবাপ্নোতি ভৌম প্রত্য-ন্তরে রবৌ॥ চমচ ০।১।২৩।২০ ফলং। ধনলাভং সুখং ভোগং শরীরারোগ্য মেবচ। লোকানুরাগ মাপ্নোতি কুজ প্রত্যন্তরে বিধৌ॥

## অথ চন্দ্রস্য দশায়াং বুধস্যান্তরে প্রত্যন্তর্দ্দশা।

ফলং।

চবুবু।০।৪।৭।৩০ ফলং। দদ্রুবিচর্চ্চিকা ক্লেশং কণ্ঠ-